


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■21March, 2023 ■আগরতলা ২১ মার্চ, ২০২৩ ইং ■৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### জেপিসি তদন্তের দাবীতে অনড় বিরোধীরা

## আদানি ইস্যুতে শান্তি ফিরছেই না উত্তাল সংসদ, অধিবেশন মুলতুবি



**নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.)।।** শান্তি ফেরার কোনও লক্ষণই দেখা যাচ্ছে না সংসদে। আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবিতে বিরোধীদের হইহট্টগোলে সোমবারও উত্তাল হল লোকসভা ও রাজ্যসভা। একইসঙ্গে ভারতীয় গণতন্ত্র সম্পর্কে অনভিপ্রেত মন্তব্যের জন্য কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বললেন বিজেপি সাংসদরা। শাসক ও বিরোধীদের মধ্যে তুমুল হইচইয়ের কারণে প্রথমে সোমবার দুপুর দু'টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়। পরে ফের উভয়কক্ষের অধিবেশন ফের শুরু হলেও, শান্তি ফেরেনি। তাই দিনের মতো দুই কক্ষের অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়।

এই নিয়ে বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের একদিনও সেভাবে কাজকর্ম হল না সংসদে। সোমবার বেলা এগারোটা থেকে শুরু হয় সংসদের উভয়কক্ষের অধিবেশন। শুরু থেকেই আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবি জানাতে থাকেন কংগ্রেস-সহ বিরোধী দলের সাংসদরা। আবার রাহুল গান্ধীকে ক্ষমা চাইতে বলেন বিজেপি সাংসদরা। তুমুল হইচই ও স্লোগানের কারণে সভার কাজকর্ম ঠিকভাবে চালান যাচ্ছিল না। একই পরিস্থিতি ছিল সংসদের উভয়কক্ষেই। তাই প্রথমে দুপুর দু''''টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়।

লোকসভার স্পিকার ওম বিড়লা এদিন বলেন, সংসদ স্লোগান দেওয়ার স্থান নয়। সংসদের কাজকর্ম চলতে দিন। তারপরও থামেননি কেউ। দুপুর দু''''টোর পর অধিবেশন শুরু হলেও, স্লোগান, হইহট্টগোল চলতে থাকে। তাই দিনের মতো দুই কক্ষের অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়।

এদিকে, ফের একবার বিজেপির সমালোচনা করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। এবার রাহুল গান্ধীর বিরুদ্ধে দিল্লি পুলিশের পদক্ষেপ প্রসঙ্গে বলতে গিয়ে খাড়গে বলেছেন, কংগ্রেসকে দুর্বল করার চেষ্টা করছে বিজেপি, কিন্তু আমরা ভয় পাই না। তিনি আরও বলেছেন, ভারত জোড়ো যাত্রা ৪৬ দিন আগে শেষ হয়েছে, এখন তাঁরা জিজ্ঞাসা করছে তিনি (রাহুল গান্ধী) সেখানে কার সঙ্গে দেখা করেছিলেন। হাজার হাজার মানুষ তাঁর সঙ্গে দেখা ☛ ৬ এর পাতায় দেখুন

## পিএমএওয়াইজি প্রকল্পে রাজ্যকে বরাদ্দ ৩১০.৮৯ কোটি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে কেন্দ্রীয় সরকার ত্রিপুরার জন্য আজই ৩১০.৮৯ কোটি টাকা বরাদ্দ করেছে। এনিয়ে চলতি আর্থিক বছরে এই প্রকল্পে রাজ্য ১২৬৪.১৯ কোটি টাকা পেয়েছে।

এই অর্থ বরাদ্দ করায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আন্তরিক কৃতজ্ঞতা জানিয়েছেন। তিনি বলেন, এই প্রকল্পে প্রধানমন্ত্রী আবাস যোজনায় রাজ্যের সুবিধাভোগীরা যে দারুণ কাজ করছেন তা এই বরাদ্দ থেকেই স্পষ্ট।

## বিশালগড়ে কুখ্যাত বাইক চোর আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** গোপন খবরের ভিত্তিতে সোমবার বিকেলে বিশালগড় বাজার থেকে কুখ্যাত বাইক চোরকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে বিশালগড় থানার পুলিশ।

ঘটনার বিবরণে জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, গত ১৬ মার্চ বিশালগড় থেকে টি আর ০৭ ডি৬০৫২ নম্বরের বাইক চুরির একটি মামলা দায়ের হয়েছিল। সাথে সাথে পুলিশ মামলা হাতে নিয়ে তদন্তে নেমে পড়েছিল। পুলিশী তদন্তে জামাল হোসেন নামে এক বাইক চোরের নাম উঠে এসেছিল। পরবর্তী সময়ে মধুপুর থানার নেতৃত্বে চোর সহ বাইকটি উদ্ধার করা হয়েছিল। জামাল হোসেনকে আটক করে জিজ্ঞাসাবাদ চালালে তাঁর কাছ থেকে কুখ্যাত বাইক চোরের নাম উঠে এসেছিল।

সাথে তিনি আরও জানিয়েছেন, ওই খবরের ভিত্তিতে সাব-ইন্সপেক্টর মৃদুল মজুমদারের নেতৃত্বে আজ বিকালে বিশালগড় বাজার থেকে কুখ্যাত বাইক চোর মাসুম ইলিয়াসকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। প্রসঙ্গত, বিশালগড়ে নির্বাচন সম্পন্ন হওয়ার পর থেকে চোরের দৌরাত্ম্য বেড়ে গিয়েছে বলে জনগণের বক্তব্য।

## রাজ্যে বিশ্বাসঘাতকদের খুঁজে বের করার অভিযান শুরু করেছে বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** ত্রিপুরায় বিশ্বাসঘাতকদের খুঁজে বের করার অভিযান শুরু করেছে বিজেপি। শুধু তাই নয়, তাঁদের দল থেকে বের করার উদ্যোগও নেবে পদ্ম শিবির। কারণ, বিধানসভা নির্বাচনে কিছু বিশ্বাসঘাতকদের জন্যই বিজেপি বেশ কিছু আসন হাতছাড়া করেছে। নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক বিজেপি নেতা এই খবর দিয়েছেন।

তাঁর কথায়, বিধানসভা নির্বাচনে ত্রিপুরায় বিজেপি একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। এখন থেকেই আগামী বছরে লোকসভা নির্বাচনে ঝাঁপিয়ে পড়ার প্রস্তুতি নিয়েছে। ফলে, ত্রিপুরায় বিশ্বাসঘাতকদের খুঁজে বের করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। তাঁর দাবি, সংগঠনকে নতুন ভাবে ঢেলে সাজানোর জন্য উদ্যোগ নেওয়া হবে। কারণ, ত্রিপুরায় বিজেপিকে আরও শক্তিশালি করা রাজ্যবাসীর স্বার্থে সময়ের চাহিদা বলে মনে করছে দলের শীর্ষ নেতৃত্ব।

তাঁর বক্তব্য, ত্রিপুরায় বিশ্বাসঘাতকদের খুঁজে বের করতে বিজেপি বিশেষ অভিযান শুরু করে করেছে। তাঁদের দল থেকে বহিষ্কারের কঠিন পথেও হাটতে চলেছে। কারণ, বিধানসভা নির্বাচনের ফলাফলে বিশ্বাসঘাতকদের অসীম ভূমিকার বহু প্রমাণ মিলেছে। তাঁর দাবি, ওই অভিযানের অন্তর্গত প্রথমে বিশ্বাসঘাতকদের প্রভাবশালী পদ থেকে সরানো হবে। তারপর তাঁদের দল থেকে বের করে দেওয়ার উদ্যোগ নেবে বিজেপি। এক্ষেত্রে হয়তো প্রথম ধাপে তাঁদের পদত্যাগ এবং দল থেকে বেরিয়ে যাওয়ার সুযোগ দেওয়া হবে। তাঁর সাফ কথা, দলের প্রতি আনুগত্য নেই এমন একজনকেও প্রভাবশালী পদে রাখবে না বিজেপি।

তিনি ক্ষোভের সুরে বলেন, বিধানসভা নির্বাচনে বিজেপির বহু প্রভাবশালী নেতা দলের আস্থা ভেঙেছেন এবং গোপনে বিরোধী কংগ্রেস ও সিপিএমকে মদত দিয়েছেন। ফলাফল ঘোষণার পর তার প্রমাণ পাওয়া গেছে। তাঁদেরকে চিহ্নিত করা হয়েছে এবং পদত্যাগের নির্দেশ দিয়েছে বিজেপি। তিনি বলেন, ইতিমধ্যে ছড়িলাম এবং বনমালীপুর মন্ডলের সভাপতি পদত্যাগ করেছেন। আরও নির্বাচিত জনপ্রতিনিধি একই অভিযোগে বিজেপির ☛ ৬ এর পাতায় দেখুন

## অধ্যক্ষ নির্বাচনে বাম কংগ্রেসের প্রার্থী গোপাল রায়কে সমর্থন মথার



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** তিপরা মথাকে সাথে নিয়ে বামফ্রন্ট ও কংগ্রেস বিধানসভার অধ্যক্ষ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে। বিরোধী দলের তরফে প্রার্থী হয়েছেন কংগ্রেস বিধায়ক গোপাল চন্দ্র রায়। আজ সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বিধায়ক বীরজিৎ সিনহা।

তাঁর কথায়, প্রথমে সিপিএম বিধায়ক জিতেন্দ্র চৌধুরী বিরোধী দলের অধ্যক্ষ প্রার্থী হিসেবে কংগ্রেস বিধায়ক গোপাল চন্দ্র রায়ের নাম প্রস্তাব করেছেন। পরে তিপরা মথাও গোপাল বাবু-কেই বিরোধী দলের অধ্যক্ষ পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রস্তাব করেছে। তিনি জানান, আগামী ২৩ মার্চ বিধায়ক গোপাল চন্দ্র রায় অধ্যক্ষ পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় মনোনয়ন জমা দেবেন। ২৪ মার্চ বিধানসভা অধিবেশনে অধ্যক্ষ নির্বাচন হবে।

## ছাত্রবৃত্তির আবেদনের মেয়াদ বাড়াতে ডেপুটেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** ন্যাশনাল স্কলারশিপ স্কীমে আবেদনপত্র জমা দেওয়ার সময় সীমা বাড়ানোর দাবি জানিয়ে উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার কাছে ডেপোটেশন ও স্মারকলিপি প্রদান করেছেন টিআইএসএফ।

ন্যাশনাল স্কলারশিপ স্কীমে উপজাতি ছাত্র-ছাত্রীদের অনেকেই এখনো পর্যন্ত আবেদনপত্র জমা দিতে পারেনি। ফলে সরকারি সুযোগ গ্রহণ করার ক্ষেত্রে অনেকেই বঞ্চিত হবে। বিশেষ করে বহির্জ রাজ্যে উচ্চশিক্ষার জন্য যারা রয়েছে তারা এই প্রকল্পের সুযোগ থেকে বঞ্চিত হওয়ার যথেষ্ট আশঙ্কা ☛ ৬ এর পাতায় দেখুন

## শিশু সুরক্ষা পর্ষদের দায়িত্ব নিলেন জয়ন্তী দেববর্মা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** ত্রিপুরা কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটসের চেয়ারপারসন হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন জয়ন্তী দেববর্মা।

ত্রিপুরা কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটসের চেয়ারপারসন হিসাবে দায়িত্বভার গ্রহণ করে জয়ন্তী দেববর্মা বলেন শিশু সুরক্ষার ওপর সবচেয়ে গুরুত্ব আরোপ করা হবে। তিনি বলেন শিশুরাই আমাদের ভবিষ্যৎ। শিশুদের সুন্দরভাবে সুস্থভাবে সুশিক্ষা ☛ ৬ এর পাতায় দেখুন

## হরফ নিয়ে বিপাকে ককবরক ভাষার উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কয়েকটি স্কুলে ককবরক ভাষাভাষী পরীক্ষার্থীদের হরফ নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছে তা সমাধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতেউচ্চশিক্ষা অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করেছে এসএফআই ও টি এস ইউ।

গত ১৭ ও ১৮ মার্চ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের ককবরক ভাষার পরীক্ষা হয়। এই পরীক্ষায় দিতে গিয়ে বহু জায়গাতেই ছাত্র-ছাত্রীদের হরফ নিয়ে সমস্যায় পড়তে হয়। পরীক্ষার্থীরা রোমান নাকি বাংলা হরফে হরফে লিখবে তা নিয়ে অস্পষ্টতা ছিল। কয়েকটি পরীক্ষাকেন্দ্রে বাংলা হরফে লিখতে হবে বলেও বাধ্য করা হয়। এতে ইংরেজী মাধ্যমের ছাত্র-ছাত্রীদের সমস্যার সম্মুখীন হতে হয়েছে। তথ্য ☛ ৬ এর পাতায় দেখুন

## রোগীর আত্মহত্যার চেষ্টা হাসপাতালের ছাদ থেকে ঝাপ দিয়ে

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২০ মার্চ।।** সোমবার সকালে বক্সনগর হাসপাতালের ছাদ থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করে হাসপাতালে চিকিৎসাধীন এক রোগী।

সোমবার সকালে বক্সনগর হাসপাতালের ছাদের উপর থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করার ঘটনাকে কেন্দ্র করে হাসপাতাল জুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনা বিবরণে জানা যায় ,এলাকার বাসিন্দা অমিতাভ সরকার নামে ২৫ বছরের এক যুবক শারীরিক অসুস্থতা নিয়ে হাসপাতালে ভর্তি হন। এরই মধ্যে সোমবার সকালে সকলের অজান্তে বক্সনগর হাসপাতালে ছাদের উপর থেকে নিচে ঝাপ দেয়। এতেই গুরুতর আহত হয় অমিতাভ সরকার। হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি দেখতে পেয়ে তাকে উদ্ধার করে বক্সনগর হাসপাতালে প্রাথমিক চিকিৎসা করে।কিন্তু তার অবস্থা আশঙ্কা জনক হবার কারণে জিবি হাসপাতালে রেফার করা হয়। বর্তমানে ☛ ৬ এর পাতায় দেখুন

## অবস্থান জানতে হাতির শরীরে জিপিএস রেগুলেটর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** বন্য হাতির উপদ্রবে এলাকায় দাঁতাল হাতির শরীরে জিপিএস রেগুলেটর লাগানোর কাজ শুরু করল খোয়াই জেলা বনদপ্তর।

খোয়াই জেলা বন আধিকারিক অক্ষয় ভোরদে জানান, বন্য হাতির দল সময়ে অসময়ে কৃষ্ণপুর, মধ্যকৃষ্ণপুর , উত্তর কৃষ্ণপুর, জুমবাড়ি, বালু ছড়া সহ বিস্তীর্ণ কৃষি প্রধান এলাকা গুলিতে নির্বিচারে তান্ডব লীলা চালায়।

এবার খোয়াই জেলা বন আধিকারিকের নেতৃত্বে হাতি বিশেষজ্ঞ এক প্রতিনিধি দল হাতি প্রবণ এলাকাগুলি সরোজমিনে পরিদর্শন করেন। এই হাতি প্রবন এলাকা গুলি পরিদর্শন করার পর বিশেষজ্ঞ প্রতিনিধি দলটি মুঙ্গিয়াকামি হাতি ক্যাম্পটি পরিদর্শন ☛ ৬ এর পাতায় দেখুন

### নাশকতার আগুন

## গর্জিতে পুড়ে ছাই পাঁচটি দোকান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** আগুনে পুড়ে ছাই হয়ে গেছে পাঁচটি দোকান। ধারণা করা হচ্ছে, নাশকতার আগুনেই পুড়েছে দোকানগুলো। রবিবার রাত আনুমানিক ২টা নাগাদ উদয়পুর গর্জি বাজারের পাঁচটি দোকান আগুনে পুড়ে গেছে। ওই ঘটনায় গোটা এলাকা জুড়ে আতঙ্ক দেখা দিয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গেছেন উদয়পুর অগ্নি নির্বাপক দপ্তরে কর্মীরা। অগ্নিকাণ্ডে ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ২০ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা।



ঘটনার বিবরণে জনৈক ক্ষতিগস্ত ব্যবসায়ী জানিয়েছেন, রবিবার রাত আনুমানিক ২টা নাগাদ এলাকার বাসিন্দারা বাজারে আগুন লাগার দৃশ্য প্রত্যক্ষ করেন। এলাকাবাসীরাই দোকানের মালিকদের আগুন লাগার খবর দিয়েছেন। খবর পেয়ে তাঁরা ঘটনাস্থলে ছুটে আসেন। সাথে সাথে খবর দেওয়া হয়েছে উদয়পুর অগ্নি নির্বাপক দফতরেও। কিন্তু দমকল বাহিনীর ঘটনাস্থলে পৌঁছানোর আগেই আগুনে পুড়ে ছাই হয়ে গেছে পাঁচটি দোকান। এলাকাবাসী ও দমকল বাহিনীর দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে।

তিনি আরও জানিয়েছেন, পাঁচটি দোকানের মধ্যে রয়েছে শ্রীকান্ত ভট্টাচার্জি -র মুদি দোকান, বিশ্বজিৎ দাস ও নির্মল ঘোষের রেস্টুরেন্ট, মিনতী দাসের স্টেশনারি দোকান এবং স্বপন ঘোষের মিষ্টির দোকান। ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ২০ লক্ষাধিক টাকা হবে বলে জানিয়েছেন তিনি। ধারণা করা হচ্ছে, নাশকতার আগুনে পুড়েছে ওই দোকানগুলো। অবশ্য, এবিষয়ে নিশ্চিতভাবে দোকান মালিকরা কিছুই বলতে পারেননি।

## সকলকে মুখের যত্ন নিতে পরামর্শ মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সোমবার জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে আন্তর্জাতিক ওরাল হেলথ দিবস পালিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী ড: মানিক সাহা সহ দপ্তরের আধিকারিকরা।



আন্তর্জাতিক ওরাল হেলথ দিবসের আনুষ্ঠানিক সূচনা করে মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা বলেন প্রতি বছর ২০ মার্চ আন্তর্জাতিক ওরাল হেলথ দিবস পালিত হয়। মুখের স্বাস্থ্যের প্রয়োজনীয়তা সম্পর্কে বিশ্বব্যাপী মানুষের মধ্যে সচেতনতা ছড়িয়ে দেওয়া এবং তাদের মুখকে সুস্থ রাখতে সম্ভাব্য সবকিছু করতে উদ্বুদ্ধ করার লক্ষ্যে দিবসটি পালন করা হয়।

তিনি বলেন, আমাদের মুখের স্বাস্থ্য আমাদের শরীরকে সুস্থ রাখতে ☛ ৬ এর পাতায় দেখুন

## আগরতলায় ১৮ জন চোর ও ডাকাত গ্রেপ্তার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** রাজধানী আগরতলা শহরের প্রগতির স্কুল সংলগ্ন এলাকা থেকে চুরি ও ডাকাতির ঘটনায় জড়িত একটি বড়সর চক্রকে আটক করতে সক্ষম হয়েছে পুলিশ। রাজধানী আগরতলা শহর ও শহরতলী এলাকায় চুরি ডাকাতি ও ছিনতাইয়ের ঘটনা ক্রমাগত বৃদ্ধি পেয়ে চলেছে। তাতে জন নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। পুলিশের ভূমিকা নিয়েও নানা মহল থেকে নানা প্রশ্ন তোলা হয়েছে।

পুলিশ ও নিরাপত্তা কর্মীরা শহর ও শহরতলী এলাকার নিরাপত্তা জোরদার করার জন্য নানা প্রয়াস গ্রহণ করলেও তাদের সেই প্রয়াসকে রীতিমতো চ্যালেঞ্জ জানিয়ে প্রতিনিয়ত বাইক চুরি সহ নানা চুরি ডাকাতি ও ছিনতাইয়ের ঘটনা সংঘটিত করে চলেছে। তাদেরকে মোকাবেলা করা পুলিশ ও নিরাপত্তা কর্মীদের পক্ষে রীতিমতো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। রবিবার রাতে পুলিশ সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে প্রগতি স্কুল সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে একটি বড়সড় চক্রকে জালে তুলতে সক্ষম হয়েছে।



দুজন মহিলা সহ মোট ১৮ জনকে আটক করা হয়েছে। তাদের কাছ থেকে বাড়ি ঘরের তালা ভাঙ্গা এবং ওয়াল এবং বেড়া কেটে ঘরের ভিতরে ঢোকার জন্য ব্যবহৃত বেশ কিছু যন্ত্রপাতি ও উদ্ধার করেছে পুলিশ। তাদেরকে জিজ্ঞাসাবাদ করে আবুল কাশেম নামে এক ব্যক্তির বাড়ি থেকে প্রচুর পরিমাণ সামগ্রী উদ্ধার হয়েছে। উদ্ধার করার সামগ্রীর মধ্যে এসি সহ বিভিন্ন বৈদ্যুতিন সামগ্রী ঠাকুরের মূর্তি এবং ব্যবহারযোগ্য বিভিন্ন জিনিসপত্র উদ্ধার হয়েছে। এব্যাপারে সুনির্দিষ্ট মামলা গ্রহণ করে পুলিশ ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে। সাম্প্রতিককালে পুলিশের এটি সবচেয়ে বড় ধরনের সাফল্য বলেও দাবি করা হয়েছে। যাদেরকে ☛ ৬ এর পাতায় দেখুন

## শিক্ষক স্বল্পতায় স্কুলগুলিতে পঠন পাঠন ব্যাহত, দ্রুত নিয়োগের দাবী ছাত্র সমাজের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** রাজের বিভিন্ন স্কুলে শিক্ষক স্বল্পতায় পঠন পাঠন বিঘ্নিত হওয়ার বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাঙালি ছাত্র সমাজ। রাজ্যের স্কুলগুলিতে পঠন পাঠন স্বাভাবিক রাখার প্রয়োজনে অবিলম্বে আরো শিক্ষক নিয়োগের দাবি জানিয়েছে বাঙালি ছাত্রসমাজ।

সোমবার দলীয় কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বাঙালি ছাত্র সমাজের নেতৃবৃন্দ দাবী জানিয়েছেন অবিলম্বে জিআরবিটি উত্তীর্ণদের শিক্ষক পদে চাকরিতে নিয়োগের ব্যবস্থা করার জন্য। পাশাপাশি টেট পরীক্ষার ফলাফল দ্রুত ঘোষণা করে উত্তীর্ণদের অবিলম্বে শিক্ষক পদে নিয়োগের ব্যবস্থা করার জন্য তারা দাবি জানিয়েছেন। পাশাপাশি মিড ডে মিল প্রকল্পের গুণগত মান বৃদ্ধির উপর সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য দাবি জানানো হয়েছে।

বিদ্যা জ্যোতি প্রকল্পে যেসব স্কুল রয়েছে সেগুলিতে গুণগত মানসম্পন্ন শিক্ষক নিয়োগের উপর তারা গুরুত্ব আরোপ করেন। বাংলা মাধ্যমের স্কুলগুলিকে ইংরেজি মাধ্যমে রূপান্তরিত করার পরিবর্তে নতুন করে ইংরেজি মাধ্যম স্কুল খোলার উদ্যোগ গ্রহণ করার জন্য তারা দাবি জানান।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৫৯ ▫ ২১ মার্চ ২০২৩ ইং ▫ ৬ চৈত্র ▫ মঙ্গলবার ▫ ১৪২৯ বঙ্গাব্দ

## কাশ্মীরের জন্য খুলল রাজকোষ

সব আশাই নিরাশায় পরিণত হইয়াছে। ভয়াল সংকটে পড়িয়াছে পাকিস্তান। সংকট হইতে উত্তোরণের পথ খুঁজিয়া পাইতেছে না। ভয়াল সংকটে পড়িয়া হাবুডুবু খাইতেছে দেশটি। পাকিস্তানকে অর্থনৈতিক সঙ্কট থেকে বেরোনোর জন্য প্রয়োজন আর্থিক সাহায্যের। যেটি তাহাদেরকে দিতেছে না কোনও দেশই। আর্থিক সাহায্যের আশায় সম্প্রতি পাক প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ পৌঁছিয়া গিয়াছিলেন সংযুক্ত আরব আমিরশাহিতে। কিন্তু পাকিস্তানকে তাহারা কোনও রকম অর্থসাহায্য করেনি। যদিও সাহায্যের আশ্বাস দিয়াছিল। তবে এখনও পর্যন্ত কোনও রকম অর্থ সাহায্য পায়নি পাকিস্তান। এরই মধ্যে পাকিস্তানকে জোড়া ধাক্কা দিল দু'টি মুসলিম দেশ।সংযুক্ত আরব আমিরশাহি এবং সৌদি আরব মিলিয়া জোড়া ধাক্কা দিল পাকিস্তানকে। যে কাশ্মীর নিয়া ভারতের সঙ্গে পাকিস্তানের মারামারি, সেই কাশ্মীরে বিরাট অঙ্ক বিনিয়োগের কথা জানাইল তাহহারা। জানা গিয়াছে, সংযুক্ত আরব আমিরশাহির ইমার গ্রুপ কাশ্মীরে ৫০০ কোটি টাকা বিনিয়োগ করিবার আশ্বাস দিয়াছে। জম্মু ও শ্রীনগরে একটি বিরাট মল এবং আইটি টাওয়ার নির্মাণের কথা জানাইয়াছে তাহারা। এগুলি নির্মাণে খরচ হইবে ২৫০ কোটি টাকা। প্রায় ১০ লক্ষ বর্গফুট এলাকা জুড়িয়া এই মল তৈরি করিবে দুবাইয়ের জনপ্রিয় এই সংস্থা। এই প্রথম কোনও বিদেশি সংস্থা ভারতে এত বড় আকারের মল তৈরি করিতে চলিয়াছে। জম্মু ও কাশ্মীরে আর্টিকেল ৩৭০ তুলে দেওয়ার পর এটিই এখনও পর্যন্ত সবচেয়ে বড় বিদেশি বিনিয়োগ হইতে চলিয়াছে। সূত্রের খবর, এই মলে মোট ৫০০টি দোকান থাকিবে। দিল্লির একটি সংস্থা এবং ইমার গ্রুপ মিলিয়া যৌথভাবে এই মলটি তৈরি করিবে বলিয়া খবর। আগামী ২০২৬ সালে এই মলের নির্মাণকাজ শুরু হওয়ার কথা। সংযুক্ত আরব আমিরশাহির এই বিনিয়োগ শুধুমাত্র কাশ্মীরের উন্নয়নই করিবে না। একইসঙ্গে ভারতের সঙ্গে সংযুক্ত আরব আমিরশাহির সম্পর্কও আরও মজবুত করিতে সাহায্য করিবে। গত বছর জানুয়ারিতে দুবাইয়ে বিনিয়োগকারীদের বৈঠকে এই মল সংক্রান্ত চুক্তি সই করা হইয়াছিল। জম্মু কাশ্মীর সরকারের সঙ্গে চুক্তি অনুযায়ী সংযুক্ত আরব আমিরশাহি সেখানে প্রায় ১০০ কোটি টাকা বিনিয়োগ করিবে। এর মধ্যে রহিয়াছে একটি ইন্ডাস্ট্রিয়াল পার্ক, একটি মেডিক্যাল কলেজ, একটি হাসপাতাল, একটি লজিস্টিক্স সেন্টার, আইটি টাওয়ার এবং মাল্টিপারপাস টাওয়ার।

একদিকে সংযুক্ত আরব আমিরশাহি কাশ্মীরে ঢালাও বিনিয়োগ করতেছে। অন্যদিকে, পাকিস্তানকে কোনও রকম ঋণ দিতে নারাজ তাহারা। সংযুক্ত আরব আমিরশাহি এবং সৌদি আরব — দু'দেশই পাকিস্তানকে ঋণ দিতে অস্বীকার করিয়াছে। শেহবাজ শরিফের আমিরশাহি সফরের সময় তাহারা ভারতের সঙ্গে সম্পর্ক মজবুত করিবার ইঙ্গিত দেয়। সংযুক্ত আরব আমিরশাহির এই ঘোষণার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আলোচনায় বসিতে চাইছেন শেহবাজ। কিন্তু একাধিক কারণে সংযুক্ত আরব আমিরশাহির এই অবস্থানের বিরোধিতা করিতে অক্ষম পাকিস্তান।

## সিবিআই না গিয়ে 'কালীঘাটের কাকু', আইনজীবী মারফত পাঠালেন নথি

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : সশরীরে সিবিআই হাজিরা এড়ালেন 'কালীঘাটের কাকু' সুজয়কৃষ্ণ ভদ্র। নথিপত্র-সহ নিজাম প্যালেসে পাঠালেন তাঁর আইনজীবীকে।

তিনি নিজেই বলেছিলেন আমার সাহেব অভিষেক (বন্দ্যোপাধ্যায়)। এবার সেই "কালীঘাটের কাকু" আর সশরীরে গেলেন না সিবিআইয়ের কাছে। তিনি প্রতিনিধি দিয়ে নথি পাঠিয়ে দিলেন।

গোটা বাংলা জানতে চাইছিল কে এই "কালীঘাটের কাকু"। গোপাল দলপতি বলেছিলেন এই 'কাকুর' কথা। তবে নিয়োগ কেলেঙ্কারিতে ধৃত তাপস মণ্ডল প্রথম তার নাম সামনে এনেছিলেন। তিনি বেহালার সুজয় কৃষ্ণ ভদ্র। তিনি সংবাদমাধ্যমের সামনে জানিয়েছিলেন তাঁর বসের নাম অভিষেক বন্দ্যোপাধ্যায়।

সেই 'কালীঘাটের কাকুর' সম্প্রতি সিবিআইয়ের মুখোমুখি হয়েছিলেন। সোমবার ফের সিবিআই অফিসে না যাওয়ার প্রসঙ্গে তিনি সংবাদ মাধ্যমকে জানিয়েছেন, সিবিআই ডাকেনি। শুধুমাত্র নথি চেয়েছে। তাই প্রতিনিধি গিয়েছেন তা জমা দিতে।

## দিল্লিতে ইডির দফতরে কথামত এলেন না সুকন্যা

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : গরুপাচার মামলায় আজও হাজিরা দিলেন না অনুব্রত-কন্যা সুকন্যা মণ্ডল। এই নিয়ে দ্বিতীয় দিন হাজিরা এড়ালেন তিনি।সোমবার ১১টার মধ্যে হাজিরা দিতে বলা হয়েছিল সুকন্যাকে। দিল্লিতে হাজিরা দিতে বলা হয়েছিল সুকন্যার গাড়ির চালক তুফান মিদ্যাকেও। হাজিরার নির্দেশ দেওয়া হয় অনুব্রত ঘনিষ্ঠ তৃণমূল ছাত্র পরিষদের নেতা কৃপাময় ঘোষ, অনুব্রতর বাড়ির রাঁধুনি ও লাভপুর কলেজের শিক্ষাকর্মী বিজয় রজককেও। প্রসঙ্গত, একদিকে ইতিমধ্যেই গরুপাচার কাণ্ডে ধৃত অনুব্রতর হিসাবরক্ষক মণীশ কোঠারির ১৪ দিনের জেল হেফাজত দেওয়া হয়েছে। আদালতের নির্দেশের পর ধৃত মণীশ কোঠারিকে নিয়ে যাওয়া হবে তিহাড় জেলে। আর এমনই এক পরিস্থিতিতে হাজিরা এড়ালেন অনুব্রত কন্যা।

## গুপ্তিপাড়ায় গঙ্গার ভাঙনে তলিয়ে যাচ্ছে বিঘার পর বিঘা জমি

গুপ্তিপাড়া, ২০ মার্চ (হি. স.) : গঙ্গার ভাঙনের কবলে হুগলি জেলার গুপ্তিপাড়া এলাকা। গঙ্গার ভাঙনে তলিয়ে যাচ্ছে বিঘার পর বিঘা জমি। শ্মশান ঘাট, ঘাটের সিঁড়ি, ইট ভাঁটার জমি ইতিমধ্যেই তলিয়ে গিয়েছে গঙ্গায়। গুপ্তিপাড়া ফেরিঘাটের খুব কাছে দেখা দিয়েছে এই ভাঙনের সমস্যা। সোমবার গুপ্তিপাড়া পঞ্চায়েতের পক্ষ থেকে এলাকা পরিদর্শন করেন পঞ্চায়েতের প্রতিনিধিরা।

গুপ্তিপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের সূর্য্য মন্দির থেকে চর কৃষ্ণ বাটি গ্রাম পঞ্চায়েতের বেনালি চর পর্য্যন্ত প্রায় দেড় কিলোমিটার এলাকা জুড়ে গঙ্গার ভাঙ্গন দেখা দিয়েছে। গত পরশু থেকে এই ভাঙনে বিলীন হয়ে গেছে বিস্তীর্ণ এলাকা। ভাঙন ঠেকাতে ফেরিঘাটের পাশে প্রায় ১২ হাজার বালির বস্তা দিয়ে পাইলিং করা ছিল। তাও তলিয়ে গেছে গঙ্গার জলে।

গুপ্তিপাড়া ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান বিশ্বজিৎ নাগ বলেছেন, "প্রায় প্রতিদিনই ভাঙছে গুপ্তিপাড়ার গঙ্গার পাড়। গঙ্গার মাঝে চরা পড়েছে। জলের গতিপথ ঘুরে পাড়ে এসে ধাক্কা মারছে। আর সেই জলের তোড়ে পাড়ের মাটি ভেঙে জলে তলিয়ে যাচ্ছে।" শ্মশান, ফেরিঘাট ভাঙনের আশঙ্কায় দিন গুনছে। ইতিমধ্যেই সেচ দফতর এবং জেলা প্রশাসনকে বিষয়টি জানানো হয়েছে। এর আগেও বলাগড়ের বিভিন্ন এলাকায় গঙ্গার ভাঙন নিয়ে এর আগে কেন্দ্র সরকারের কাছে আর্জি জানানো হয়েছে। কিন্তু এখনও পর্য্যন্ত কোনও সুরাহা মেলেনি বলে অভিযোগ।

# চারদিকে মুখ করা চারটে পাথরের সিংহ

সিংহগুলি একটিই বেলেপাথরের ব্লক কেটে তৈরী, বেশ চকচকে করে পালিশ করা।

পশুরাজদের গলা অবধি কেশর নেমে এসেছে, নিচে অশোকচক্র, ঘোড়া, মোষ ও ওল্টানো পদ্মফুল। শক্তিশালী মৃগেন্দ্রচতুষ্টয়ের কি দর্পিত ভঙ্গি, কি অনির্বচনীয় দন্তকৌমুদী, প্রস্তরে উৎকীর্ণ পেশল বাহু ও সুতীক্ষ্ণ নখররাশিতে কি অপরিমিত শক্তির আভাস !

কেউ কেউ বলেন, ভাস্কর্যটি বৌদ্ধধর্ম দ্বারা অনুপ্রাণিত। বৌদ্ধধর্মে বর্নিত অজস্র মেটাফরিকাল পশুদের মধ্যে অন্যতম হল সিংহ — যা পৃথিবীর অন্যা ন্যসংস্কৃতিতেও শৌর্য, বীর্য্য, গর্ব এবং সুরক্ষার প্রতীক।

ভগবান বুদ্ধ নিজেই তো শাক্যিংহ !

আবার কেউ কেউ আবিষ্কার করেছেন, এই অশোকস্তম্ভ অনেকটাই ইরানের আকিমেনিড সাম্রাজ্যের সিংহস্তম্ভের অনুকরণ।

পারসিক স্থাপত্যের অন্যতম বৈশিষ্ট্য ছিল স্তম্ভ নির্মাণ। পারসিক স্তম্ভগুলিতে বিভিন্ন পশুর ভাস্কর্য যেমন দুটি মাথাযুক্ত সিংহ, ঘোড়া, ঈগল ইত্যাদি দেখা যায়।

প্রাচীন ভারতের সাথে সাবেক গ্রীকদের বানিজ্যিক ও সাংস্কৃতিক যোগাযোগ ছিল। বাসুদেবের উপাসক হেলিওডোরাস ও তাঁর বিখ্যাত গরুড়স্তম্ভের কথা কে না শুনেছে ?

আফগানিস্তানের বিস্তীর্ন অঞ্চলে একসময় আলেকজান্ডারের সেনাপতি সেলুকাসের অধীনস্থ গ্রীকরা বসতি স্থাপন করেছিলেন।

এই স্তম্ভশীর্ষের নির্মাণে গান্ধার মূর্তিনির্মাণ কৌশলের প্রয়োগ দেখতে পেয়েছেন কোন কোন বিশেষজ্ঞ।

অশোকের সিংহচতুর্মুখ স্তম্ভশীর্ষ প্রতীকটি বর্তমানে ভারতবর্ষের রাষ্ট্রীয় প্রশাসনের সঙ্গে সমার্থক। এই সিংহের পায়ের তলায় মুন্ডক উপনিষদের মন্ত্র "সত্যেব জয়তে" কথাটি সরকারের তরফে লেখা হয়েছে। কিন্তু বেদমন্ত্রের অবস্থান পশুর প্রতিমূর্তির তলায় থাকা বাঞ্ছনীয় নয়।

১৯৫০ সাল থেকেই এই ভাস্কর্য্যের রৈখিক প্রতিরূপ ভারতের জাতীয় প্রতীক হিসেবে গৃহীত হয়।

ঐতিহাসিকরা বলেন, আনুমানিক ২৫০ খ্রিস্টপূর্বাব্দে মৌর্য্য সম্রাট অশোকের শাসনকালে সারনাথ নামক স্থানে একটি অশোকস্তম্ভের শীর্ষে এই সিংহসমন্বিত ভাস্কর্য্যটি স্থাপন করা হয়।

১৯০৪ খ্রিস্টাব্দে ইংরেজ প্রকৌশলী ফ্রেডরিখ অস্কার ইমানুয়েল ওয়ের্টেল সারনাথ অঞ্চলের প্রত্নসামগ্রী খননের দায়িত্ব পান।

সেখানে একটি বৌদ্ধ স্তূপের ধ্বংসাবশেষ ছিল। তিনি প্রথমে মূল স্তূপের পশ্চিমে অশোকের আমলের এক স্থাপত্যের ওপর নির্মিত একটি গুপ্ত যুগের মন্দিরের অবশেষ খুঁজে পান। এর পশ্চিম দিকে অশোকস্তম্ভের নীচের একটি ভাঙ্গা অংশ আবিষ্কার করেন। অশোকস্তম্ভটির বাকি অংশ তিনটি ভাগে পড়ে থাকতে দেখা যায়। এরপর অশোকস্তম্ভটির শীর্ষ অংশটিকে উদ্ধার করা হয়।

এর আগে সাঁচীতে এই স্তম্ভশীর্ষের এক ভিন্ন প্রতিরূপ পাওয়া গিয়েছিল।

সাঁচী থেকে প্রাপ্ত সিংহউপবিষ্ট স্তম্ভশীর্ষের চেয়ে সারনাথে আবিষ্কৃত ভাস্কর্য্যটি তুলনামূলক ভাবে যথেষ্ট ভাল অবস্থায় ছিল।

অন্যীত্র প্রাপ্ত কিছু স্তম্ভশীর্ষে চারটির বদলে একটি সিংহের মূর্তি রয়েছে।

মহামান্য ইংরেজ সরকারবাহাদুর উৎখননের স্থানে সারনাথ সংগ্রহালয় স্থাপন করে আবিষ্কৃত প্রত্নসামগ্রীর সংরক্ষণের ব্যবস্থা করেন। উল্লেখ্য ভাঙ্গা স্তম্ভশীর্ষটিকে বর্তমানে সারনাথ সংগ্রহালয়ে স্থানান্তরিত করা হয়েছে।

ঐতিহাসিকদের মতে, সম্রাট অশোক মোট ১৯ টি অশোকস্তম্ভ নির্মান করেছিলেন।

কলা সমালোচকরা প্রায়ই বলেন, নির্মাণশৈলী ও সৌন্দর্যের দিক থেকে ২.১৫ মিটার উচ্চ এই সারনাথের স্তম্ভশীর্ষটিই সর্বশ্রেষ্ঠ। অশোকস্তম্ভের চারটি সিংহ কি বলতে চায় ?




চারটি সিংহ একত্রে রাষ্ট্রীয় শক্তির প্রতীক। রাষ্ট্র চতুর্দিকে নজর রাখছে, প্রয়োজনে লাফ দিয়ে আক্রমণ করে ঘাড় মটকতে দ্বিধা করবে না।

উল্টানো পদ্মফুলের নীচে যে আরো চারটি পশুর অবয়ব উৎকীর্ণ রয়েছে, তার তাৎপর্য কি ?

সিংহ, যা উত্তরদিকে খোদাই করা আছে, মৌর্য সম্রাট অশোকের প্রভাব প্রতিপত্তি ও শক্তিকে নির্দেশ করে। হাতি ( দক্ষিন দিকে অবস্থিত ) বুদ্ধদেবের আধ্যা ত্মিক ধারনা, বোধ ও প্রজ্ঞাকে নির্দেশ করে। বুদ্ধের জন্মের সময় মায়াদেবী একটা সাদা হাতির স্বপ্ন দেখেছিলেন। বৌদ্ধ সাহিত্যে হাতি একটি পবিত্র অনুষঙ্গ।

ঘোড়ায় (পশ্চিম দিকে দৃষ্ট ) চেপে বুদ্ধদেব সংসারের মায়া ত্যাগ করেছিলেন। ষাঁড় (পূর্বদিকে যার অবস্থান) বুদ্ধের জন্মরাশি ( বৃষ) নির্দেশ করে।

এই স্তম্ভে উৎকীর্ণ রয়েছে ধর্মচক্র।

সচল চক্র যেমন সদা ঘূর্ণায়মান, ঠিক সেরকম বদ্ধজীবকূলের সংসার পরিভ্রমণও অন্তহীন। ধর্মচক্রে এই বিষয়টিই দর্শিত হয়েছে।

কেবলমাত্র বোধিলাভ ও নির্বাণ দ্বারা এ সংসারচক্র খন্ডিত করা যায়, মুক্ত হওয়া যায় জন্মমৃত্যুটর আবর্তন থেকে, রোধ করা যায় পুণর্জন্মের অবশ্যিম্ভাবীতা।

চাকার আটটি অংশের দ্বারা ধর্মের গুরুত্বপূর্ণ শিক্ষা "আর্য অষ্টাঙ্গিক মার্গ"কে উপস্থাপন করা হয়েছে। আর্য অষ্টাঙ্গিক মার্গ হলো সম্যক দৃষ্টি, সম্যক সংকল্প, সম্যক বাক্য, সম্যক কর্ম, সম্যক জীবিকা, সম্যক প্রচেষ্টা, সম্যক স্মৃতি ও সম্যক সমাধি। অতীতে বুদ্ধ প্রতিবিম্ব বা অন্য ধরণের মূর্তি তৈরির পূর্বে এই ধর্মচক্রকে উদ্দেশ্য করেই প্রার্থনা করা হত। বর্তমানে এই ধর্মচক্রকে যেমন সনাতন ধর্মের অনুসারীরা মাণ্য তা দিয়ে থাকেন, তেমনই বুদ্ধ বা মহাবীরের মতে বিশ্বাসীদের সাধনপ্রণালীতেও তা অপরিহার্য। আসমুদ্রহিমাচলের অধিপতি অশোকের শাসকীয় মানচিত্রে অখন্ড ভারতবর্ষের ধারণা প্রতিভাত হয়। বর্তমান আফগানিস্তান থেকে শুরু করে দক্ষিন ভারতের বিস্তীর্ন অংশে ব্যা ছিল অশোকের নিয়ন্ত্রণ। তাঁর বিশাল সাম্রাজ্য পাঁচটি প্রদেশে (উত্তরাপথ, দক্ষিনাপথ, অবন্তী, প্রাচ্য ও কলিঙ্গ) বিভক্ত ছিল। তাঁর সাম্রাজ্যে তিনটি (পাটলিপুত্র, উজ্জয়িনী ও তক্ষশিলা) রাজধানী ছিল। কলহনের "রাজতরঙ্গিনী" গ্রন্থ থেকে জানা যায় যে কাশ্মীর অশোকের সাম্রাজ্যভূক্ত ছিল। বৌদ্ধ গ্রন্থ "দিব্যবদান"এ উল্লেখ আছে অশোক "স্বশ" প্রদেশ জয় করেন।

অশোক হীনযান বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। যারা অষ্টাঙ্গিকমার্গ মেনে নিজ মুক্তির পথ স্থির করে তাদের হীনযানপন্থী বলে। হীনযানপন্থীরা বুদ্ধদেবকে একজন ধর্মপ্রচারক হিসেবে দেখেন, ভগবান হিসেবে মান্য করেন না। হীনযান ও মহাযান বৌদ্ধধর্মের মধ্যে মতভেদ দূর করার জন্য বৌদ্ধ পণ্ডিত উপগুপ্ত ও কুক্কুটরামা মহাবিহারের অধ্যক্ষ মোগগলিত্র তিস্যের পরামর্শে সুরম্য নগরী পাটলিপুত্রে ২৫১ খ্রীষ্টপূর্বাব্দে তৃতীয় বৌদ্ধ সঙ্গীতির আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোগগলিপুত্র তিস্য। এই মহান অধিবেশনের সহসভাপতি ছিলেন উপগুপ্ত। এই সঙ্গীতিতে অভিধর্মপিটকের নির্দেশ গুলি মেনে চলতে বলা হয়েছিল।

অশোক বৌদ্ধধর্ম গ্রহন করলেও দেশ শাসনের ক্ষেত্রে বেশ কড়া মনোভাব নিয়ে চলতেন। তিনি 'ব্যবহার সমতা' ও 'দণ্ড সমতা' নীতি প্রবর্তন করেন। বিচারের ক্ষেত্রে মন্ত্রীসভার সংখ্যাগরিষ্ঠের মতামত নেওয়া হত। মৌর্য্যদের আমলে দণ্ডবিধি ছিল সুকঠিন। অশোকের আমলে রাষ্ট্রীয় ঘাতক চন্দ্রগিরিক "নারক" গ্রামের বধ্যভূমিতে সম্রাটের নির্দেশে প্রচুর নরহত্যা করত।

শেষ জীবনে রাজ্যপাট ত্যাগ করে অশোক বৌদ্ধবিহারে গিয়ে আশ্রয় নিয়েছিলেন। তাঁর পৌত্র সম্পাতি বৌদ্ধ ধর্মের প্রতি খুব একটা অনুরক্ত ছিলেন না। তাঁর আমলে ধর্মপ্রচার ও প্রজা কল্যাণের জন্য যে অর্থ বরাদ্দ করা হতো, সম্পাতি সেই বরাদ্দ কমিয়ে দিয়েছিলেন।

২৩২ খ্রীষ্টপূর্বাব্দে বেদনাহত চিত্তে ৭২ বছর বয়সে অশোক পৃথিবী থেকে বিদায় নেন। অশোকের উত্তরসূরীরা ছিলেন দুর্বল। শেষ মৌর্য নৃপতি বৃহদ্রথকে হত্যাহ করে তাঁর ব্রাহ্মণ মন্ত্রী পুষ্যমিত্র শুঙ্গ ক্ষমতা দখল করেন।

একদিন যে "দেবতাদের প্রিয়" অশোক ছিলেন সমগ্র অখন্ড ভারতবর্ষের একচ্ছত্র সম্রাট, কালের প্রবাহে ভারতবর্ষ থেকে বহু শতাব্দীর জন্যে তাঁর নাম মুছে গিয়েছিল। ইংরেজ আমলে জেমস প্রিন্সেপ সাহেবের অক্লান্ত পরিশ্রমের ফলেই আবার দেশবাসীর কাছে তিনি ফিরে এসেছেন।

সম্রাট অশোক ভারতবর্ষের ইতিহাসে এক অনন্য চরিত্র। কখনও তিনি ক্রুরতার বশবর্তী হয়ে হত্যালীলা সংঘটিত করে লাশের সারি বিছিয়ে দিয়েছেন, আবার কখনও সৌভ্রাতৃত্ববোধ ও মহানুভবতার বন্ধনে ভারত তথা বিশ্ববাসীকে আবদ্ধ করেছেন।

কলিঙ্গ যুদ্ধের বিজয়ী সম্রাট অশোক যুদ্ধ শেষে যখন কলিঙ্গের ময়দানে বীরদর্পে পদচারণা করেন, তখন চারিদিকে মানুষের আহাজারি, কান্না আর আর্তনাদ, কলিঙ্গের ঘরে ঘরে বিধবা আর পিতৃহীনদের কান্নায় পরিবেশ ভারি হয়ে উঠেছে। সম্রাট অশোক তো এই বিজয় চাননি। তিনি কলিঙ্গ চেয়েছিলেন, কিন্তু পরিণামে পেলেন এক মৃত্যুপুরী, যার কারিগর তিনি নিজে।

ময়দানের যুদ্ধ ঠিকই শেষ হয়ে গেল, কিন্তু অশোকের মনে এক দীর্ঘ যুদ্ধের সূচনা হল। এই যুদ্ধের প্রতিপক্ষ হল সম্প্রসারণকামী রাজধর্ম ও মানুষের আভ্যন্তরীণ শ্রেয়বোধ।

অবশেষে নানাভাবে আত্মসমীক্ষার পরে তিনি মৌর্য সাম্রাজ্যবাদের বিলুপ্তি ঘোষণা করেন। উপগুপ্তের দ্বারা বৌদ্ধধর্মে দীক্ষিত হয়ে তিনি আর যুদ্ধে অংশ নেবেন না বলে সিদ্ধান্ত নেন। সম্রাট অশোক কি অহিংস নীতির অনুসারী হয়েছিলেন ? সম্রাটের শিলালিপিতে বিদ্রোহীদের প্রতি কঠোর সাবধানবাণী কিন্তু উচ্চারিত হয়েছিল।

তবে "দিগ্বিজয়"এর পরিবর্তে 'ধর্মবিজয়' অর্থাৎ ধর্মের দ্বারা শত্রুভাবাপন্ন রাজ্যরসমূহকে বশীভূত করার নীতিকে অশোক গুরুত্ব দিয়েছিলেন।

দয়ালু রাজা অশোক রাজপথের দুইপাশে গাছ লাগানোর ব্যনবস্থা করেছিলেন, ক্লান্ত পথিকদের জন্যপান্থনিবাস ও মুমূর্ষু পশুদের জন্যঅ পশুহাসপাতাল তৈরী করে দিয়েছিলেন, দূরদূরান্তের দেশে দেশে ধর্মপ্রচারক পাঠিয়েছিলেন।

এই সময়েই অশোক রাজ্যে র বিভিন্ন প্রান্তে প্রচুরসংখ্যথক স্তম্ভ নির্মাণ করেন ও স্তম্ভের প্রস্তরগাত্রে শান্তির বাণী খোদাই করে দেওয়ার ব্যবস্থা করেন।

বর্তমান ভারতের জাতীয় প্রতীক বিখ্যাত 'অশোকস্তম্ভ' এখনও সেইসব পুরাতন ঘটনার স্মৃতি ধারণ করে দাঁড়িয়ে আছে।

শান্তিকামী স্বাধীন ভারতের "পঞ্চশীল" নীতিতে ধর্মাশোকের আদর্শের প্রতিফলন দেখা গিয়েছিল।

..

কোন কোন ঐতিহাসিকের লেখায় অশোককে একজন অহিংস গোঁড়া বৌদ্ধ সন্ন্যাসী রাজা হিসেবে দেখানো হয়েছে। প্রখ্যায়ত ঐতিহাসিক রোমিলা থাপারের গবেষণায় সম্রাট অশোক একজন নিপুণ কূটনীতিক হিসেবে পুনরাবিষ্কৃত হলেন। তিনি অশোকের লিপিগুলির বিশ্লেষণ করে দেখালেন অশোকের "ধম্ম" বৌদ্ধধর্মের অন্ধ অনুকরণ নয়, সব ধর্মের মানুষের কাছে গ্রহণযোগ্য এক নৈতিক অনুশাসন। অশোকের সুবিশাল সাম্রাজ্য শুধু সেনাবাহিনী আর গুপ্তচরবাহিনী দিয়ে শাসন করা যেত না। তার জন্য সর্বজনগ্রাহ্য কোন নৈতিক আদর্শের প্রয়োজন ছিল যা সমগ্র ভারতীয় ড` প ম হ া ে দ শ ে ক সামাজিক-রাজনৈতিক ও নৈতিকভাবে একটি ঐক্যসূত্রে বাঁধবে। এই আদর্শেই নির্মিত হয় অশোকের "ধম্ম" যার প্রতিফলন ঘটেছে তাঁর প্রধান ১৪টি শিলালিপি, ৭টি স্তম্ভলিপি ও ২ কলিঙ্গ লিপিতে। এগুলো রাজা হিসেবে অশোকের সরকারী দলিল হিসাবে গণ্যি করতে হবে। আর অপ্রধান লিপিগুলিতে আমরা পেয়েছি ব্যক্তি অশোকের বিশ্বাসের কথা সেখানে বৌদ্ধধর্মে অশোকের অনুরাগ প্রাধান্য পেয়েছে। প্রাচীন ভারতের রাজনৈতিক ইতিহাসচর্চার পদ্ধতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া এই আলোচনা পাওয়া যায় রোমিলাজীর "ঙ্দ্রদ্ধখ খদ্রত্ন ঠত্র ঙ্গত্রত্বহ্লুদ্রত্র ৱ্র ঠত্র প্পখন্ডাখন" গ্রন্থে।

ইতিহাস আর তার সোর্সের সম্পর্ক কি ? যে কোন সোর্সে যা পাব সবই কী ইতিহাস ? নাকি প্রতিটি সোর্সের প্রকৃতিও বিচার করে দেখতে হবে ?

গজনীর সুলতান মামুদের ভারত আক্রমণ ও সোমনাথ মন্দির ধ্বংসের কথা সুবিদিত। কিন্তু এটা মনে রাখতে হবে যে কোন সোর্স থেকে আমরা তার খবর পাচ্ছি ?

মামুদ এবং তাঁর পরবর্তীকালের তুর্কী শাসকদের পৃষ্ঠপোষকতায় লালিত লেখকদের রচনায় এই ঘটনা বহুচর্চিত, কারণ তাঁদের কাছে এটা বিধর্মীদের উপর তাঁদের বিশ্বাসের জয়যাত্রার একটা নিদর্শন। কিন্তু গুজরাট অঞ্চলের শৈবদের চোখে এই ঘটনার অভিঘাত কেমন ? অথবা একই এলাকার তৃতীয় গুরুত্বপূর্ণ ধর্মীয় সম্প্রদায় জৈনরাই বা এ ব্যাপারে কী বলেন? একই ইতিহাসের অভিঘাত এক এক রকমের সোর্সে কীভাবে বদলে যায় ?

রোমিলাজীর এসব বই পড়ে দেখাই ভালো।

একটি প্রশ্ন উঠতে পারে, প্রাচীন ভারতে সিংহকে কেন এত গুরুত্ব দেওয়া হত ?

বাঘ তো ভারতের নিজস্ব শ্বাপদ। বাঘের শক্তি, আভিজাত্য ও সৌন্দর্য্য নিয়ে কারো মনে কোন সংশয় নেই।

ভারতভূমির বিস্তীর্ণ এলাকায় কোথাও সিংহ দেখা যায় না। তাহলে তৎকালীন রাষ্ট্রীয় চিহ্নে সিংহ এল কিভাবে ?

একটি সাম্প্রতিক সরকারি সমীক্ষা অনুসারে, ভারতে বনাঞ্চলে বাঘের মোট সংখ্যা ২২০০-র বেশি, গির অরণ্যে এশিয়াটিক সিংহ আছে আনুমানিক ৪১১টি।

ভারতে ১৭টি রাজ্যে বাঘ আছে, সিংহ মাত্র একটিতে, গুজরাতের গির অরণ্যে।

তাহলে বাঘ কেন অনুপস্থিত ? রাষ্ট্রীয় প্রতীকে বাঘের উপস্থিতির জন্যো সেই মহীশূরের টিপু সুলতানের রাজত্ব অবধি আমাদের অপেক্ষা করতে হবে ?

আসলে অশোকের সময়ে মধ্যবভারতে প্রচুর সিংহ দেখা যেত। বস্তুতঃ এশিয়া মাইনর ( তুর্কীস্তানের অংশ ) , ইরান ও মধ্য প্রাচ্যের বিস্তীর্ণ অংশে এশিয়াটিক সিংহ বিচরণ করত। ভারতের বনজঙ্গল ছিল বাঘসিংহে ভরা।

পরবর্তীকালে গির অরণ্য ছাড়া বাকি সব জায়গায় তারা ক্রমশঃ বিলুপ্ত হয়ে যায়।

১৯৭৩ সালের এপ্রিল মাসে বেঙ্গল টাইগারকে ভারতের জাতীয় পশু হিসেবে ঘোষণা করা হয়।

বাঘের আগে সিংহ ছিল ভারতের জাতীয় পশু !

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।




সোমবার মেয়র দীপক মজুমদার সুস্থ শৈশব, সুস্থ কৈশর এর প্রারম্ভ সূচনা করেন।

# কংগ্রেসকে দুর্বল করার চেষ্টা করছে বিজেপি, কিন্তু আমরা ভয় পাই না : মল্লিকার্জুন খাড়গে

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): ফের একবার বিজেপির সমালোচনা করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। এবার রাহুল গান্ধীর বিরুদ্ধে দিল্লি পুলিশের পদক্ষেপ প্রসঙ্গে বলতে গিয়ে খাড়গে বলেছেন, কংগ্রেসকে দুর্বল করার চেষ্টা করছে বিজেপি, কিন্তু আমরা ভয় পাই না। তিনি আরও বলেছেন, ভারত জোড়ো যাত্রা ৪৬ দিন আগে শেষ হয়েছে, এখন তাঁরা জিজ্ঞাসা করছে তিনি (রাহুল গান্ধী) সেখানে কার সঙ্গে দেখা করেছিলেন। হাজার হাজার মানুষ তাঁর সঙ্গে দেখা করেছেন এবং নিজেদের সমস্যার কথা জানিয়েছেন। এখন তাঁরা (দিল্লি পুলিশ) তাঁদের শনাক্ত করতে বলছে। আসলে কংগ্রেসকে দুর্বল করার চেষ্টা করছে বিজেপি, কিন্তু আমরা ভয় পাই না।'

উল্লেখ্য, গত বছরের ৭ সেপ্টেম্বর থেকে 'ভারত জোড়ো যাত্রা' কর্মসূচি শুরু করেছিলেন রাহুল গান্ধী। সেই পদযাত্রা শেষ হয় গত ৩০ জানুয়ারি। শ্রীনগরে এই কর্মসূচিতেই রাহুল বলেছিলেন, "শুনেছি, মহিলারা এখনও যৌন হেনস্থার শিকার হচ্ছেন।" কংগ্রেসের প্রাক্তন সভাপতির এই মন্তব্যের ভিত্তিতেই রবিবার সকাল ১০টায় দিল্লিতে ১২, তুঘলক রোডে রাহুলের বাড়িতে গিয়েছিল দিল্লি পুলিশের একটি দল। সেই দলের নেতৃত্বে ছিলেন বিশেষ কমিশনার (আইনশৃঙ্খলা) সাগরপ্রীত হুডা। পুলিশের দাবি, নারী নির্যাতনের অভিযোগ গুরুতর। তাই কোনও নির্যাতিতার সম্পর্কে রাহুলের কাছে তথ্য থাকলে তা জানান তিনি। সে ক্ষেত্রে নির্যাতিতাদের নিরাপত্তা দেওয়া হবে এবং তদন্ত শুরু করা হবে। এদিকে, রাহুল গান্ধীর ভারতীয় গণতন্ত্র সম্পর্কিত মন্তব্যের প্রেক্ষিতে এদিন মল্লিকার্জুন খাড়গে বলেছেন, 'তাঁরা সুযোগ দিলে তিনি (রাহুল গান্ধী) কথা বলবেন। গণতন্ত্রে যদি আমাদের কথা বলতে দেওয়া না হয় তাহলে চলবে কী করে?'

## দু''দিনের সফরে ভারতে এলেন জাপানের প্রধানমন্ত্রী, একগুচ্ছ কর্মসূচি রয়েছে কিশিদার

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): দু''দিনের সফরে ভারতে এসেছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। সোমবার সকালে দিল্লি বিমানবন্দরে এসে পৌঁছন জাপানের প্রধানমন্ত্রী, বিমানবন্দরেই তাঁকে স্বাগত জানান কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর। ভারতে একগুচ্ছ কর্মসূচি রয়েছে জাপানের প্রধানমন্ত্রীর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করার কথা রয়েছে তাঁর। ওই বৈঠকে উভয় পক্ষ পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বিষয় নিয়ে আলোচনা করবেন। তাঁরা জি৭ এবং জি২০-র নিজ নিজ সভাপতিত্বের জন্য অগ্রাধিকার নিয়েও আলোচনা করবেন।

প্রসঙ্গত, ভারত-জাপান অংশীদারিত্ব প্রতিরক্ষা এবং নিরাপত্তা, বাণিজ্য ও বিনিয়োগ, বিজ্ঞান ও প্রযুক্তি, শিক্ষা এবং স্বাস্থ্যসেবা থেকে শুরু করে বিস্তৃত ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করে। প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা ভারত-জাপান বিশেষ কৌশলগত এবং বৈশ্বিক অংশীদারিত্বের অন্যতম গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসাবে আবির্ভূত হয়েছে। ইন্দো-প্যাসিফিক অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়। উভয় দেশ ২০১৫ সালে স্বাক্ষরিত প্রতিরক্ষা সরঞ্জাম এবং প্রযুক্তি চুক্তির অধীনেও স্থির অগ্রগতি করছে।

## বৃষ্টির সৌজন্যে মনোরম আবহাওয়া তিলোত্তমায়, তাপমাত্রার পারদ কমে ২১.৬ ডিগ্রি

কলকাতা, ২০ মার্চ (হি.স.): বৃষ্টির সৌজন্যে তাপমাত্রার পারদ নীচের দিকেই থাকল কলকাতায়। সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম। এদিন সকালেও মেঘাচ্ছন্ন ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলির আকাশ। কিছু দিন আগেও যে পরিমান গরম ছিল সেই গরম একেবারেই উধাও হয়ে গিয়েছে।

আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, দক্ষিণবঙ্গে মঙ্গলবার (২১ মার্চ) পর্যন্ত ঝড়-বৃষ্টি চলবে। এই সময়ে কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলার তাপমাত্রা কিছুটা কম থাকবে। তবে, বুধবারের পর থেকে ঝড়-বৃষ্টি থামবে কলকাতা ও দক্ষিণবঙ্গে, তারপর ফের চড়তে পারে তাপমাত্রার পারদ।

## অমৃতপালকে ধরতে তৃতীয় দিনে পড়ল অভিযান, খালিস্তানি নেতার কাকা ও চালকের আত্মসমর্পণ

চন্ডীগড়, ২০ মার্চ (হি.স.): খলিস্তানপন্থী নেতা অমৃতপাল সিংকে পাকড়াও করতে সমস্ত ধরনের প্রচেষ্টা চালাচ্ছে পঞ্জাব পুলিশ। তাও অমৃতপালকে ধরতে পারেনি পুলিশ। অমৃতপালকে ধরতে সোমবার তৃতীয় দিনে পড়ল পুলিশি অভিযান। এরইমধ্যে অমৃতপালের কাকা হরজিৎ সিং ও তার গাড়ির চালক হরপ্রীত পুলিশের কাছে আত্মসমর্পণ করেছে। জলন্ধরের এসএসপি (গ্রামীণ) স্বর্ণদীপ সিং সোমবার সকালে বলেছেন, ''ওয়ারিস পাঞ্জাব দে'' প্রধান অমৃতপাল সিংয়ের কাকা এবং চালক রবিবার রাতে পঞ্জাব পুলিশের কাছে আত্মসমর্পণ করেছে।

পাঞ্জাবি পুলিশ এখনও পর্যন্ত অমৃতপালের ১১২ জন সমর্থককে গ্রেফতার করেছে। রবিবার অমৃতপালের সন্ধানে রাজ্য জুড়ে ব্যাপক তল্লাশি চালায় পুলিশ। আগের দিন শনিবার পঞ্জাব সরকার অমৃতপাল এবং ওয়ারিস পাঞ্জাব দে-এর বিরুদ্ধে একটি বড় ক্র্যাকডাউন শুরু করেছিল, পুলিশ সেদিন সংগঠনের ৭৮ জন সদস্যকে গ্রেফতার করেছিল।

## কোভিড-সংক্রমণ একটু কমে পৌঁছল ৯১৮-তে; ভারতে সক্রিয় রোগী বেড়ে ৬,৩৫০, মৃত্যু ৪ জনের

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): ভারতে দ্রুততার সঙ্গে বাড়ছে করোনার প্রকোপ! সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ৬,৩৫০-তে পৌঁছেছে। লাফিয়ে লাফিয়ে বাড়ছে দৈনিক আক্রান্তের সংখ্যাও, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৯১৮ জন, এই সময়ে মৃত্যু হয়েছে ৪ জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ৬,৩৫০-এ পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মোট কোভিড-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৬,৯৬,৩৩৮-তে পৌঁছেছে। ৪ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৮০৬-এ পৌঁছেছে। সাপ্তাহিক সংক্রমণের হার ০.৮৬ শতাংশ।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, সোমবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫৯,১৮২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০১ হাজার ২৪৬ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৫,০৬,০৪৪। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৯ মার্চ সারা দিনে ভারতে ৪৪,২২৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## হুমকি ই-মেল পেয়েছেন সলমন খান, মুম্বইয়ে অভিনেতার বাড়িতে কড়া নিরাপত্তা

মুম্বই, ২০ মার্চ (হি.স.): নিরাপত্তা বাড়ানো হয়েছে অভিনেতা সলমন খানের বাড়ির চারপাশে। মুম্বইতে সলমন খানের গ্যালাক্সি অ্যাপার্টমেন্ট ঘিরে ফেলা হয়েছে কড়া নিরাপত্তার মোড়কে। সম্প্রতি ই-মেলের মাধ্যমে হুমকি দেওয়া হয় বলিউড অভিনেতাকে। এরপরই মুম্বই পুলিশের তরফে বাড়ানো হয় সলমন খান এবং তাঁর বাড়ির নিরাপত্তা। বান্দ্রা পুলিশের তরফে ভারতীয় দণ্ডবিধির ৫০৬ (২), ১২০ (বি) ও ৩৪ নম্বর ধারায় মামলা দায়ের করা হয়েছে।

সম্প্রতি সলমন খানকে হুমকি দেয় গ্যাংস্টার লরেন্স বিষ্ণোই। সলমন যদি ক্ষমা না চান, তাহলে তার ফল তাঁকে ভুগতে হবে বলে হুমকি দেয় বিষ্ণোই। গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের হুমকির পরপরই নড়েচড়ে বসে মুম্বই পুলিশ। এরপর সোমবার সলমন খানের গ্যালাক্সি অ্যাপার্টমেন্টের নিরাপত্তা বাড়ানো হয়েছে। হিন্দিতে লেখা হুমকি ই-মেলে লেখা ছিল : 'গোল্ডি ভাই (গোল্ডি ব্রার) বিষয়টির নিষ্পত্তি করতে সলমন খানের সঙ্গে মুখোমুখি কথা বলতে চেয়েছিলেন।' ই-মেলে আরও লেখা ছিল, 'আগলি বার, ঝটকা দেখনে কো মিলেগা'।

## ইডি-র সমনে সাড়া দিলেন বিআরএস নেত্রী, হাজিরা দিয়েছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দফতরে

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): দিল্লি আবগারি নীতি মামলায় আবারও এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর মখোমুখি হয়েছেন ভারত রাষ্ট্র সমিতির নেত্রী তথা তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও-এর মেয়ে কে কবিতা। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দফতরে হাজিরা দিয়ে ইডি-র সমনে সাড়া দিয়েছেন তিনি। সোমবার সকালে বাড়ি থেকে বেরিয়ে সোজা ইডি-র দফতরে চলে যান বিআরএস এমএলসি কে কবিতা। এই নিয়ে দ্বিতীয়বার ইডি-র মুখোমুখি হয়েছেন কে কবিতা।

৪৪ বছর বয়সী কে কবিতাকে এর আগে গত ১১ মার্চ জিজ্ঞাসাবাদ করেছিল ইডি, ওই দিন প্রায় ৯ ঘন্টা ইডি-র দফতরে ছিলেন তিনি। এরপর তাঁকে ১৬ মার্চ পুনরায় ডাকা হয়। কিন্তু, ওই দিন তিনি ইডি-র দফতরে হাজিরা দেননি। এরপর দ্বিতীয় দফায় জিজ্ঞাসাবাদের জন্য ২০ মার্চ হাজিরা দিতে বলা হয়েছিল কে কবিতাকে। সেই মতো সোমবার ইডি-র দফতরে হাজিরা দিয়েছেন কে কবিতা। উল্লেখ্য, ইতিমধ্যে এই মামলায় বেশ কয়েকজনের বিরুদ্ধে চার্জশিট পেশ করেছে ইডি। এখনও পর্যন্ত দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া এবং প্রাক্তন মন্ত্রী সত্যেন্দ্র জৈনকে হেফাজতে নেওয়া হয়েছে। তদন্তে গতি প্রকৃতি আনতে তাই বেশ কয়েকজনকে জিজ্ঞাবাদ করার কাজ শুরু করেছে ইডি।

## শিয়ালদহ-রানাঘাট শাখায় যাত্রী ভোগান্তি অব্যাহত, সপ্তাহের শুরুতেই দুর্ভোগ চরমে

কলকাতা, ২০ মার্চ (হি.স.): পূর্ব রেলের শিয়ালদহ-রানাঘাট শাখায় তৃতীয় লাইন চালু করার জন্য প্রয়োজনীয় কাজ আগেই সম্পূর্ণ হয়েছে। কিন্তু যাত্রী ভোগান্তি অব্যাহত। সোমবার সপ্তাহের প্রথম দিনেই ট্রেন পরিষেবায় অনিয়মের জেরে নাকাল হতে হয়েছে নিত্যযাত্রীদের। এদিন সকালে যাত্রীরা জানিয়েছেন, বহু ট্রেন এমনিতেই বাতিল। প্রায় সব ট্রেনই দেরিতে চলছে।

কিছু দিন আগে কল্যাণী ও নৈহাটি রেল স্টেশনের মাঝে রেলের ইন্টারলকিং সিস্টেম, দ্বিতীয় রেল লাইন ও অটো সিগন্যালের কাজ শুরু হয়েছে। এ জন্য ১৪ মার্চ থেকে ১৯ মার্চ পর্যন্ত দৈনিক গড়ে প্রায় ২১ জোড়া ট্রেন বাতিল করা হয়েছে। সোমবার সকাল থেকে ভোগান্তি কমে যাওয়ার আশা করেছিলেন যাত্রীরা। কিন্তু, ভোগান্তি একটুও কমেনি। সকাল সাড়ে সাতটায় শিয়ালদহের উদ্দেশ্যে রওনা দেওয়া ডাউন রানাঘাট লোকাল নির্ধারিত সময়ের থেকে প্রায় ঘণ্টাখানেক দেরিতে চলে। আবার সকাল ৭টা ২৫ মিনিটের ডাউন শান্তিপুর-শিয়ালদহ লোকালও অনেক দেরিতে রানাঘাটে ঢুকেছে।

## গুজরাটের কচ্ছে ৩.২ তীব্রতার ভূমিকম্প, কেউ হতাহত হননি

আহমেদাবাদ, ২০ মার্চ (হি.স.): মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল গুজরাটের কচ্ছ জেলা। সোমবার সকালে গুজরাটের কচ্ছ জেলায় হালকা তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৩.২। সকাল ৭.৩৫ মিনিটে এই ভূকম্পন অনুভূত হয়। যদিও ভূমিকম্পের জেরে কোনও প্রাণহানি কিংবা ক্ষয়ক্ষতির খবর মেলেনি।

গুজরাটে ভূমিকম্পের মাত্রা যেন বেড়েই চলেছে। দু-একদিন অন্তর অন্তরই সে রাজ্য থেকে ভূমিকম্পের সংবাদ মেলে। ইনস্টিটিউট অফ সিসমোলোজিকাল রিসার্চ জানিয়েছেন, কচ্ছ জেলার ভাচাউ শহর থেকে প্রায় ১০ কিলোমিটার উত্তর ও উত্তর-পূর্বে ছিল ভূমিকম্পের উৎসস্থল। সকাল ৭.৩৫ মিনিট নাগাদ ভূমিকম্প অনুভূত হয়।

## তৃতীয় উপ-রাষ্ট্রপতি পেল নেপাল, শপথ নিলেন রাম সহায় প্রসাদ যাদব

কাঠমান্ডু, ২০ মার্চ (হি.স.): নতুন ও তৃতীয় উপ-রাষ্ট্রপতি পাহাড়ি দেশ নেপাল। সোমবার নেপালের উপ-রাষ্ট্রপতি হিসেবে শপথবাক্য পাঠ করেছেন রাম সহায় প্রসাদ যাদব। রাষ্ট্রপতি প্যালেসে শপথগ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। নেপালের তৃতীয় উপ-রাষ্ট্রপতি হলেন রাম সহায় প্রসাদ যাদব। রাষ্ট্রপতির কার্য্যালয়ের শীতল নিবাসে এক বিশেষ অনুষ্ঠানে নেপালের রাষ্ট্রপতি রাম চন্দ্র পাউডেল ৫২ বছর বয়সী যাদবকে পদ ও গোপনীয়তার শপথ পাঠ করান।

গত শনিবার নেপালের উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হন রাম সহায়, তিনি ৩০,৩২৮টি ভোট পান, তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী অষ্ট লক্ষ্মী শাক্য ১৬,৩৩২৮টি ভোট পেয়েছেন। রাম সহায় ৫৮.০২ শতাংশ ভোট পান, যেখানে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শাক্য ৩১.২৩ শতাংশ ভোট পেয়েছেন।

## আদানি ইস্যুতে সংসদ উত্তাল, দুপুর দু''টো অবধি দুই কক্ষের অধিবেশন মুলতুবি

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): শান্তি ফেরার কোনও লক্ষণই দেখা যাচ্ছে না সংসদে। আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবিতে বিরোধীদের হইহট্টগোলে সোমবারও উত্তাল হল লোকসভা ও রাজ্যসভা। তুমুল হইচইয়ের কারণে সোমবার দুপুর দু''টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়েছে। এই নিয়ে বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বের একদিনও সেভাবে কাজকর্ম হল না সংসদে।

সোমবার বেলা এগারোটা থেকে শুরু হয় সংসদের উভয়কক্ষের অধিবেশন। শুরু থেকেই আদানি গোষ্ঠী ইস্যুতে জেপিসি তদন্তের দাবি জানাতে থাকেন কংগ্রেস-সহ বিরোধী দলের সাংসদরা। ফলে ঠিকভাবে কাজকর্ম চালানো যাচ্ছিল না। একই পরিস্থিতি সংসদের উভয়কক্ষেই। তাই দুপুর দু''টো অবধি লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়েছে। লোকসভার স্পিকার ওম বিড়লা এদিন বলেছেন, সংসদ স্লোগান দেওয়ার স্থান নয়। সংসদের কাজকর্ম চলতে দিন। তারপরও থামেননি কেউ।

## হায়দরাবাদ হাউসে মিলিত মোদী-কিশিদা, দ্বিপাক্ষিক বৈঠক দুই রাষ্ট্রনেতার মধ্যে

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): দিল্লির হায়দরাবাদ হাউসে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রতিনিধি পর্যায়ের আলোচনাতেও বসেন তাঁরা। সোমবার সকালেই ভারত সফরে এসেছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর। পরে রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করেন জাপানের প্রধানমন্ত্রী।

এরপরই হায়দরাবাদ হাউসে মিলিত হন মোদী ও কিশিদা। জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রতিনিধি পর্যায়ের আলোচনাতেও বসেন তাঁরা। পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বিষয় নিয়ে আলোচনা করেন তাঁরা।

## ভারতের সঙ্গে জাপানের অর্থনৈতিক সহযোগিতা দুই দেশের জন্য উল্লেখযোগ্য আর্থিক সুযোগ তৈরি করবে : ফুমিও কিশিদা

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.) : ভারতের সঙ্গে জাপানের অর্থনৈতিক সহযোগিতা যা দ্রুত বাড়তে থাকবে, তা শুধুমাত্র ভারতের উন্নয়নেই সহায়ক হবে না বরং জাপানের জন্য উল্লেখযোগ্য অর্থনৈতিক সুযোগ তৈরি করবে। বললেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। সোমবার দুপুরে দিল্লির হায়দরাবাদ হাউসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে যৌথ প্রেস বিবৃতিতে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা বলেছেন, আমি আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রী মোদীকে জি-৭ হিরোশিমা সামিটে আমন্ত্রণ জানিয়েছি এবং আমার আমন্ত্রণ তিনি গ্রহণ করেছেন। জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা আরও বলেছেন, আমরা ডিকার্বনাইজেশন এবং এনার্জি নিয়ে কাজ চালিয়ে যাবো...২০২৩ হবে জাপান-ভারত পর্যটন বিনিময়ের বছর যা পর্যটনের মাধ্যমে আমাদের বিনিময়কে উন্নীত করবে। আমি জাপানি ভাষা শিক্ষার বিষয়ে আমাদের এমওসি পুনর্নবীকরণকে স্বাগত জানাই।

## ফালাকাটায় বাইসনের মৃত্যু, রেললাইনের ধারে মিলল রক্তাক্ত দেহ

ফালাকাটা (আলিপুরদুয়ার), ২০ মার্চ (হি.স.) : আলিপুরদুয়ার জেলার ফালাকাটায় রেললাইনের ধারে মিলল একটি পূর্ণবয়স্ক বাইসনের মৃতদেহ। সোমবার সকালে ফালাকাটার ১১ নম্বর ওয়ার্ডের গোপনগর এলাকায় রেললাইনের ধারে বাইসনের দেহ দেখতে পান স্থানীয় বাসিন্দারা। ফালাকাটা—গুমানি রেললাইনের মিলরোড ওভারব্রিজের কিছুটা দূরে স্থানীয় বাসিন্দারা এবং লাইনম্যান বাইসনটিকে মৃত অবস্থায় দেখতে পান। খবর পেয়ে রেলকর্মী ও জলদাপাড়ার বনকর্মীরা ঘটনাস্থলে যান। রেলের আলিপুরদুয়ার ডিভিশনের তরফে জানানো হয়েছে, বাইসনটি রেললাইনের দু''টি ট্র্যাকের মাঝখানে পড়েছিল। ট্রেনের ধাক্কায় বাইসনের মৃত্যু হয়েছে কি-না, তা এই মুহূর্তে বলা সম্ভব নয়। জলদাপাড়া বনবিভাগ জানিয়েছে, কীভাবে বাইসনটির মৃত্যু হল তা ময়নাতদন্তের পরই জানা যাবে।

## ৬ বছরে যাত্রী সংখ্যা হয়েছে দ্বিগুণ, উড়ান কর্মসূচির মাধ্যমে তৈরি হয়েছে ৭৪টি বিমানবন্দর : সিন্ধিয়া

নয়াদিল্লি, ২০ মার্চ (হি. স.) : উড়ান প্রকল্পের সুফল তুলে ধরলেন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। সোমবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, বিগত ৬ বছরে যাত্রী সংখ্যা প্রায় দ্বিগুণ হয়েছে। উড়ান কর্মসূচির মাধ্যমে আমরা এখন ৭৪টি বিমানবন্দর তৈরি করেছি। ১০০টি লক্ষ্যমাত্রা পূরণ করতে আমাদের এখনও ২৬টি বিমানবন্দর তৈরি করা বাকি আছে।

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আরও বলেছেন, আমরা শেষ-মাইল সংযোগ বাড়ানোর পরিকল্পনা করেছি, তাই উড়ান-এর মধ্যে, আমরা শেষ-মাইল সংযোগ নিশ্চিত করতে ছোট বিমান প্রকল্প চালু করেছি। সিন্ধিয়া বলেছেন, এরোস্পেস প্রোডাক্ট উৎপাদনের দিকে নজর দেওয়ার সময় এসেছে ভারতের।

## মহর্ষি দয়ানন্দ সরস্বতীর ২০০তম জন্মবার্ষিকী, দেশজুড়ে আরএসএসের কর্মসূচি

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : মহর্ষি দয়ানন্দ সরস্বতীর ২০০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেশজুড়ে একাধিক কর্মসূচি গ্রহণ করতে চলেছে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ। সোমবার সঙ্ঘের তরফে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, "পানিপথে সদ্য সমাপ্ত অখিল ভারতীয় প্রতিনিধি সভা ২০২৩ য়ের বৈঠকে এবিষয়ে সবিস্তারে আলোচনা হয়েছে। সঙ্ঘের সরকার্যবাহ দত্তাত্রেয় হোসাবলের বক্তব্যের লিখিত বিবৃতি সামনে এসেছে। সেখানে বলা হচ্ছে, মহর্ষি দয়ানন্দের ২০০ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ তাঁকে শ্রদ্ধা জানাবে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে এবং দেশের প্রতিটি প্রান্তের স্বয়ংসেবকরা মহর্ষি দয়ানন্দ সরস্বতীর আদর্শ ছড়িয়ে দেবে সমাজের মধ্যে।

প্রসঙ্গত, সঙ্ঘ প্রতিষ্ঠাতা কেশব বলিরাম হেডগেওয়ার বাংলার অনুশীলন সমিতি এবং মহর্ষি দয়ানন্দ সরস্বতী প্রতিষ্ঠিত আর্য সমাজের কাজের দ্বারা খুবই প্রভাবিত ছিলেন। মহর্ষির গো রক্ষা আন্দোলনের কথা, দয়ানন্দ সরস্বতীর জীবনভর গো হত্যার বিরুদ্ধে আন্দোলনকে উল্লেখ করে বলা হয়েছে, তিনি গো নির্ভর কৃষি ব্যবস্থা এবং গোরু প্রতিপালনের কথা বলতেন, যা বর্তমানকালে আর্যসমাজের বিভিন্ন কাজের মধ্যেও প্রতিফলিত হয়। বিবৃতিতে উঠে এসেছে মহর্ষির স্বদেশীয়ানার প্রসঙ্গও। তাঁর লিখিত গ্রন্থ সত্যার্থ প্রকাশকে উল্লেখ করে বলা হয়েছে, মহর্ষি দয়ানন্দর ধারণা ছিল স্বদেশী, স্বভাষা, স্ববোধ ছাড়া স্বরাজ আসতে উঠতে পারেনা। অস্পৃশ্যতার বিরুদ্ধে সামাজিক পরিবেশ গড়ে তুলতে জাতিভেদ প্রথার বিরুদ্ধে মহর্ষির ভাবনা এবং ভারতীয় সংস্কৃতি, সভ্যতার উপর মহর্ষি গভীর আস্থা ও শ্রদ্ধা ছিলেন, তিনি বলতেন, বেদের যুগে ফিরে চলো। নেশামুক্ত, কুসংস্কারমুক্ত দেশ গড়তে প্রতিটি স্বয়ংসেবক মহর্ষি দয়ানন্দের ২০০ তম জন্মবার্ষিকী পালন করবে।"

## বিজ্ঞানকর্মী শ্যামল চট্টোপাধ্যায়ের মনোত্তর দেহদান

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : সোমবার 'গণদর্পণ''-এর সম্পাদক ও বিজ্ঞানকর্মী শ্যামল চট্টোপাধ্যায়ের (৬২) দেহ দান হল। রবিবার কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে মনোত্তর দেহদান ও চক্ষুদান আন্দোলনের এই নিরলস কর্মীর মৃত্যু হয়।

মরণোত্তর দেহদানে সচেতনতা বৃদ্ধি ও কুসংস্কার বিরোধী আন্দোলনে তাঁর ভূমিকা উল্লেখযোগ্য। 'গণদর্পণ'-এর প্রতিষ্ঠাতা সম্পাদক ব্রজ রায়ের মৃত্যুর পর সংগঠনের সম্পাদকের দায়িত্ব তাঁর উপর বর্তায়। ব্রজ রায়ের মৃতদেহের প্যাথোলজিক্যাল অটোপসি করার ক্ষেত্রে তাঁর ভূমিকা ছিল। শ্যামলবাবু দীর্ঘদিন ধরেই ক্যানসারে ভুগছিলেন।

সূত্রের খবর, রবিবার সকালে তিনি পড়ে যান। তাঁকে মেডিক্যাল কলেজে আনা হয়। অবস্থা সংকটজনক হওয়ায় ভর্তি করা হয়। বিকেল পাঁচটা নাগাদ তাঁর মৃত্যু হয়। মৃত্যুর পর ওই দিনই তাঁর চোখ দান করা হয়। রাতে পিস হাভেনে মৃতদেহ রাখা ছিল।

## বিজেপি নেতা জিতেন্দ্রর গ্রেফতারিতে সুপ্রিম কোর্টের স্থগিতাদেশ

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : কম্বলকাণ্ডে বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারির গ্রেফতারির উপর স্থগিতাদেশ দিল সুপ্রিম কোর্ট। এই ঘটনায় আগাম জামিন চেয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন জিতেন্দ্রবাবু। কিন্তু মামলার শুনানির আগেই তাঁকে গ্রেফতার করা হয়। সেই মামলার রায়ে স্বস্তি পেলেন বিজেপি নেতা।

সুপ্রিম কোর্ট তাঁর গ্রেফতারিতে স্থগিতাদেশ দিয়েছে। অর্থাৎ, তাঁকে আর হেফাজতে রাখতে পারবে না পুলিশ। শীর্ষ আদালতের এই রায়ের পর জিতেন্দ্র জামিনে মুক্তি পাবেন।

সোমবার সুপ্রিম কোর্টের বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জেকে মাহেশ্বরীর ডিভিশন বেঞ্চে জিতেন্দ্রর মামলার শুনানি হয়। আদালতের নির্দেশ, আগামী ২ সপ্তাহের জন্য জিতেন্দ্রর গ্রেফতারির উপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ থাকবে। ২ সপ্তাহ পর এই মামলার পরবর্তী শুনানি হবে। ওই দিন মামলার সব পক্ষকে হলফনামা জমা দিতে বলেছে ডিভিশন বেঞ্চ। কম্বলকাণ্ডে শনিবার নয়ডা থেকে জিতেন্দ্রকে গ্রেফতার করে পুলিশ। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের গোয়েন্দা দফতর এবং আসানসোল উত্তর থানার পুলিশ যৌথ ভাবে অভিযান চালিয়ে নয়ডায় যমুনা এক্সপ্রেসওয়ে থেকে তাঁকে গ্রেফতার করে। সে দিন রাতেই জিতেন্দ্রকে নিয়ে যাওয়া হয় আসানসোলে। তাঁকে ৮ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেয় আসানসোল আদালত।

গত ১৪ ডিসেম্বর আসানসোলে এক কম্বল বিতরণী অনুষ্ঠানে পদপিষ্ট হয়ে ৩ জনের মৃত্যু হয়েছিল।

# হরেকরকম
হরেকরকম
হরেকরকম

## সুস্থ এবং তরতাজা থাকতে রোজকার ডায়েটে রাখুন এই সব ডাল

কথায় বলে, তিরিশ পেরোলেই নাকি মেয়েরা বুড়ি। তবে এই সব



প্রবাদ বাক্যকে ফুতকারে উড়িয়ে দিয়ে মেয়েরা এখন তিরিশের পরই কিন্তু শুরু করছে জীবনের দ্বিতীয় ইনিংস। এমনকী কেরিয়ারের সেরা চাকরিটাও পাচ্ছে এই তিরিশে এসেই। সেই সঙ্গে পড়াশোনা, পছন্দের কাজ, নিজের উদ্যোগে কিছু করা এসব তো আছেই।দিন বদলের সঙ্গে সঙ্গে বদল এসেছে মানসিকতাতেও। তবে এই তিরিশের পর থেকেই মেয়েদের বেশ কিছু শারীরিক সমস্যা দেখা দিতে শুরু করে। তার প্রধান হল শরীরে ক্যালশিয়ামের অভাব। এছাড়াও মানসিক চাপও কিন্তু বাড়তে শুরু করে এই বয়স থেকেই। আজকাল সকলেরই মানসিক চাপ বড়ই বেশি। মনের উপর চাপ পড়লেই কিন্তু সেই প্রভাব গিয়ে পড়ে ত্বকে ও চুলে। আর তাই অনেক সময় ত্বক রুক্ষ ও শুকনো হয়ে যায়। এছাড়াও ক্যালশিয়ামের অভাব হয় বলে চুল গোড়া থেকে ভেঙে যায়। যে কারণে কিন্তু শরীরে ভিটামিন ডি-এর ঘাটতি দেখা যায়।

তাই এই সময় প্রোটিন, আয়রন সমৃদ্ধ খাবার বেশি করে খেতে হবে। সারাদিনে বেশি পরিমাণ জল খেতে হবে, যাতে শরীরের আর্দ্রতা বজায় থাকে। তিরিশের পরও নিজের সুস্বাস্থ্য এবং সুন্দর দাগ-ছোপহীন ত্বকের জন্য কিন্তু এই কয়েকটি ডাল রাখতে পারেন ডায়েটে। মুসুর ডাল- মুসুর ডালের মধ্যে রয়েছে প্রচুর পরিমাণ প্রোটিন। এছাড়াও শরীরের প্রয়োজনীয় ক্যালশিয়াম, প্রোটিন, ভিটামিনের যোগান দেয় মুসুর ডাল। তবে মুসুর ডালের পাশাপাশি কিন্তু মাছও খেতে হবে। তবেই শরীর পাবে পর্যাপ্ত ভিটামিন। শরীরে ভিটামিন ডি এর ঘাটতি দেখা দিলেই তখন চুল ঝরে। ত্বক শুষ্ক হয়ে যায়। তাই ভিটামিন ডি সাপ্লিমেন্টের পাশাপাশি শরীরে রোদ লাগানোও প্রয়োজন।

ছোলার ডাল- লুচির সঙ্গে ছোলার ডাল অনেকেরই প্রিয়। আর এই ছোলার ডাল কিন্তু শরীরের জন্যেও খুব ভাল। আয়রনের ঘাটতি মেটাতে সাহায্য করে এই ডাল। এছাড়াও ছোলার ডালে রয়েছে ভিটামিন ই,



প্রয়োজনীয় খনিজ উপাদান। সপ্তাহে অন্তত একদিন এই ডাল খান।

রাজমা- রাজমার মধ্যে রয়েছে প্রচুর পরিমাণ ফোলিক অ্যাসিড। সেই সঙ্গে রাজমা প্রোটিনে ভরপুর। ত্বকের আর্দ্রতা বজায় রাখতে সাহায্য করে রাজমা। গরমকালে এই ডাল বেশি খেতে পারলে কিন্তু ভাল। এতে ত্বক, চুল দুই ভাল থাকে। ১০০ গ্রাম রাজমার মধ্যে প্রোটিন ২৪ গ্রাম আর ক্যালোরি ৩৪ গ্রাম। কার্বোহাইড্রেট ৫৬ গ্রাম এবং চর্বি মোটে ১ গ্রাম। আর তাই এই ডাল কিন্তু শরীরের জন্য খুবই উপকারী।

কাবুলি ছোলা- যাঁদের গ্যাস বা হজমের সমস্যা রয়েছে তাঁদের কিন্তু এই কাবুলি ছোলা এড়িয়ে চলা উচিত। ভাত কিংবা রুটির সঙ্গে খেতে বেশ ভাল লাগে এই চানা। আর তাই সপ্তাহে এক থেকে দুবার অবশ্যই খাবেন এই ছোলা। এছাড়াও এই ছোলা সিদ্ধ করে স্যালাড বানিয়েও খেতে পারেন।

## সর্দি কাশি থেকে শুরু করে আরও নানান ধরনের রোগ থেকে মুক্তি পাওয়া যায় আদার মুরাব্বা খেলে



স্বাস্থ্যের দিক থেকে আদার অনেক উপকারিতা রয়েছে। আদা আপনার হজমশক্তি উন্নত করে, ঠান্ডার প্রভাব থেকে রক্ষা করে, কাশি, সর্দি এবং গলা ব্যথার মতো সমস্যায় আরাম দেয়। এই কারণেই মানুষ প্রায়শই শীতকালে আদাকে চায়ে যোগ করে বা শাকসবজিতে যোগ করে ব্যবহার করে। কিন্তু অনেকেই আদার স্বাদ পছন্দ করেন না, এমন মানুষদের কাছে আদার উপকারিতা পেতে আদার মুরাব্বা তৈরি করতে পারেন।

আদার মোরব্বা খেতে খুবই সুস্বাদু এবং শরীরের যাবতীয় সমস্যা দূর করতেও সহায়ক বলে মনে করা হয়। শীতকালে হাঁপানি রোগীদের জন্য এটি আশীর্বাদের চেয়ে কম নয়। এটি করতে আপনার অনেক আয়োজনের প্রয়োজন নেই। এখানে জেনে নিন আদা মুরাব্বা তৈরির সহজ উপায়। আদা মুরাব্বা বানাতে আপনার প্রায় আধঘণ্টা ব্যয় করতে হবে। এটি তৈরি করতে খুব বেশি উপাদানের প্রয়োজন হয় না।

উপকরণ:

১ কেজি আদার মোরব্বা তৈরি করতে-

১ কেজি চিনি

২০ গ্রাম এলাচ গুঁড়ো

১০ গ্রাম গোলাপ জল


একটি লেবু

পদ্ধতি:

প্রথমে আদা ধুয়ে খোসা ছাড়িয়ে নিন। এর পর আদা ছোট ছোট করে কেটে নিন। এবার প্যানটি গ্যাসে রেখে গ্যাস জ্বাল দিন। একটি গ্লাস জল দিয়ে পূর্ণ করুন এবং চিনি যোগ করুন।

জল এবং চিনি ফুটতে দিন এবং এটি থেকে একটি স্ট্রিং সিরাপ তৈরি করুন। এবার অন্য একটি পাত্র নিয়ে তাতে আদা বাটা দিয়ে ফুটিয়ে নিন। এর পর সিরায় আদার টুকরো মিশিয়ে মিশিয়ে নিন। এর মধ্যে এলাচ গুঁড়ো, লেবু ভাল করে মিশিয়ে অল্প আঁচে রান্না করুন। ভাল করে সেদ্ধ হয়ে গেলে বুঝবেন আদার মোরব্বা তৈরি হয়ে গেছে। ঠাণ্ডা হওয়ার পর কাচের পাত্রে ভরে উপভোগ করুন। আদার মোরববার উপকারিতা: আদার মোরববা সর্দি-কাশির সময় খেতে পারেন। এছাড়া গ্যাস, বদহজম, বমি বমি ভাব ইত্যাদি সমস্যায়ও এটি নিশ্চিন্তে সেবন করা যায়। এতে অনেক উপকার হবে। আপনি এটি স্যান্ডউইচে স্প্রেড হিসাবেও ব্যবহার করতে পারেন। এর মধ্যে প্রদাহ বিরোধী বৈশিষ্ট্য থাকায় শরীরের ভেতরের ফ্রি র‍্যাডিকেলের নিয়ন্ত্রণে বিশেষ সাহায্য করে।

## ছুটিতে প্রিয়জনের জন্য বানান সুস্বাদু ও স্বাস্থ্যকর তেরঙা পনির টিক্কা!



সামনেই প্রজাতন্ত্র দিবস । ছুটির দিনে প্রিয়জনের জন্য কী করবেন, তাই ভাবছেন? স্বাদ হবে চমতকার, মুখে দিলেই মনে হবে স্বর্গ, এমন রেসিপির খোঁজ করছেন? কিন্তু হতে হবে একেবারে দেশি খানা। আর যদি ভারতের জাতীয় পতাকার তিনটি উজ্জ্বল রঙের ছোঁয়া থাকে, তাহলে তো সেই রেসিপি প্রজাতন্ত্র দিবসের জন্য একেবারে পারফেক্ট ডিশ হবে।স্বাস্থ্যকর এই রেসিপির নাম তেরঙা পনির টিক্কা । কেশর, কাজুবাদাম, খোয়া, পালং শাক দিয়ে তৈরি এই টিক্কা আসলে তেরঙ্গা রঙের জন্য ব্যবহার করা হবে। তবে শুধু রঙের জন্যই নয়, এর রয়েছে আলাদা ট্যুইস্ট। কেশর যেমন গেরুয়া বা কমলার আভা আনে, তেমনি এটি হৃদযন্ত্রকে সুস্থ রাখতে সাহায্য করে। অন্যদিকে কাজুবাদাম ও খোয়া, অন্ত্রের জন্য ভাল। পাশাপাশি পালং শাকে রয়েছে আয়রন ও ক্যালসিয়াম। এছাড়া ভিটামিন ও খনিজ পদার্থে ভরপুর। সব মিলিয়ে শরীরকে সুস্থ রাখতে অপরিহার্য উপকরণ। প্রজাতন্ত্র দিবসে প্রিয়জন বা পরিবারকে তাক লাগাতে কিছু স্বাস্থ্যকর ও সুস্বাদ খাবার পরিবেশন করুন।৫-৬ জনের জন্য তেরঙা পনির টিক্কা বানাতে কী কী লাগবে দেখে নিন

২৪০ গ্রাম পনির, কারি পাতা, ১০ গ্রাম কাজুবাদাম, সরষের তেল, সরষে বীজ,

ম্যারিনেট করার জন্য

নুন স্বাদমত, ১৫ গ্রাম রসুনের পেস্ট, ১৫ গ্রাম আদার পেস্ট, ৩০ মিলি এক্সট্রা ভার্জিন অলিভ ওয়েল, ৫ গ্রাম রেড চিলি পাউডার, ২০ গ্রাম লেবুর রস, ৬০ গ্রাম জল ঝরানো দই, ২ গ্রাম হলুদ গুঁড়ো, ১০ গ্রাম চিজ কিউব, গোটা এলাচ ৭-৮টি, ১ গ্রাম ধনে গুড়ো, ২টি ড্রাই শুকনো লঙ্কা, ১ টেবিল স্পুন ফ্রেস ক্রিম, ১ গ্রাম সাদা গোল মরিচ পাউডার, ২০ গ্রাম মিন্ট, ৩টি কাঁচালঙ্কা, ৩০ গ্রাং জিরে গুঁড়ো, ২ গ্রাং কসুরি মেথি, ১ টেবিলস্পুন চাট মশলা পাউডার

কীভাবে বানাবেন

প্রথমে পনিরটিকে ৬টি কিউবে বড় আকারে কেটে রাখুন। এবার একটি বড় মিক্সিং বোল নুন, লেবুর রস, অলিভ অয়েল, আদা-রসুনের পেস্ট, নিয়ে ভাল করে মিশিয়ে নিন। এবার তাতে পনিরের কিউবগুলি দিয়ে ম্যারিনেশন করতে দিন।

বিশেষ দিনে বিশেষ রেসিপি বানাতে একটু কসরত তো করতেই হয়। তাই তেরঙা পনির টিক্কা বানাতে লাগবে তিনটি রঙ। প্রথমে আসা যাক গেরুয়া বা জাফরন রঙে। সাধারণত হায়দরাবাদী পনির টিক্কা কেশর লাল রঙের হয়ে থাকে। আফগানি পনির টিক্কা সাদা ও হরিয়ালি পনির টিক্কা সবুজ রঙের হয়ে থাকে। এবার তিনটি রঙের আলাদা আলাদা পাত্রের ম্যারিনেশন করার পেস্ট তৈরি করতে হবে। হায়দরাবাদীর জন্য একটি পাত্রের মধ্যে দই, রেড চিলি পাউডার, গরম মশলা পাউডার, হলুদ চিলি পাউডার নিয়ে মিশ্রণ তৈরি করুন। এবার একটি পাত্রের মধ্যে সরষের তেলের মধে সরষে বীজ, শুকনো লঙ্কা গুঁড়ো, কারি পাতার ফোরন দিয়ে ম্যারিনেডের মধে ঢেলে দিন। ভাল করে মিশিয়ে আলাদা করে রেখে দিন।

আফগানি পনির টিক্কা বানাতে একটি মিক্সিং বোলের মধ্যে টক দই, কাজুবাদাম পেস্ট, চিজ, ফ্রেস ক্রিম, এলাচ গুঁড়ো, হোয়াইট পিপার ও ধনে গুঁড়ো নিয়ে ভাল করে পেস্ট বানিয়ে নিন।

হরিয়ালি পনির টিক্কার জন্য গ্রিন্ডারে কাঁচা লঙ্কা, মিন্ট, কসুরি মেথি ও ধনে পাতা একসঙ্গে গ্রিন্ড করুন। এরপর একটি মিক্সিং বোলে এই মিশ্রণের সঙ্গে জল ঝরানো দই, সরষের তেল, লেবুর রস ও চাট মশলা মিশিয়ে একটি মিশ্রণ তৈরি করুন। এবার সেটি ম্যারিনেড করার জন্য আলাদা করে রেখে দিন। এবার ম্যারিনেড করা ৬টি পনির কিউবগুলিকে ২টি করে আলাদা করে নিন। এবার তিনটি মিক্সিং বোলে তিন ধরনের রঙের মধ্যে পনির কিউবগুলি আলাদা আলাদা করে ম্যারিনেড করতে দিন। ৩০ মিনিট থেকে একঘণ্টা ম্যারিনেট করুন।

শেষ পর্যায়ে, তন্দুর শিকের মধ্যে তেরঙা রঙের পনির কিউব সাজান। প্রথম সবুজ, তারপর সাদা ও তারপর কমলা রঙের কিউব গেঁথে দিন। পনিরা টিক্কা করার জন্য আগুনের মধ্যে রোস্ট করুন। রোস্ট করার সময় মাঝে মাঝে বাটার ব্রাশ করুন। টিক্কা তৈরি হয়ে গেলে স্যালাড ও মিন্ট চাটনির সঙ্গে গরম গরম পরিবেশন করুন তেরঙা পনির টিক্কা।

## কী ভাবে খাবার খেলে রক্তে শর্করা কমবে ? জানুন পুষ্টিবিদের পরামর্শ



ফিট থাকতে সব সময় সুষম খাবারের কথা বলা হয়। সুষম, পর্যাপ্ত আহার এবং নিয়মিত শরীরচর্চা করলে কিন্তু তবেই সুস্থ থাকা যায়। সুষম আহারের মধ্যে কিন্তু প্রোটিন, ফ্যাট, কার্বোহাইড্রেট সবই থাকে। কোনও একটাকে ছেঁটে ফেললেই যে কাজ হবে এমন কিন্তু নয়। সবই খেতে হবে কিন্তু পরিমাণ হবে সীমিত।

এছাড়াও প্লেটে কী ভাবে খাবার সাজিয়ে খাচ্ছেন তার উপরেও কিন্তু নির্ভর করে স্বাস্থ্য। কোন খাবারের পর কোন খাবার খাচ্ছেন তাও কিন্তু গুরুত্বপূর্ণ। সম্প্রতি পুষ্টিবিদ পুজা মাখিজা তাঁর একটি ইন্সটাগ্রাম পোস্টে এই বিষয়টি বুঝিয়ে বলেছেন। কেন আগে কার্ব এবং তারপর শাকসবজি, প্রোটিন খাওয়া উচিত সে বিষয়ে সুন্দর করে ব্যাখ্যা করেছেন তিনি।

ইন্সটাগ্রামে পুষ্টিবিদকে দেখা গিয়েছে বিভিন্ন খাবারের প্লেট হাতে নিয়ে কথা বলতে। একটা প্লেটে সুন্দর করে টমেটো, শাক, রুটি, দুটো তরকারি, একবাটি মুসুরের ডাল আর একটু ভাত ছিল। এই প্লেটটি দেখিয়ে পুজা ব্যাখ্যা করেন, আমরা যে খাবারের পর যে খাবার খাই বা আমাদের মুখে তখন যে খাবার থাকে তার উপর নির্ভর করে কিন্তু আমাদের হরমোন কাজ করে। আসলে হরমোন শরীর এবং ওজনের উপর নির্ভর করে। যে ভাবে খাবার খাওয়া হয় সেই ভাবেই কিন্তু শরীরে গ্লুকোজের মাত্রা নির্ণয় করা হয়। নিউইয়র্কের ওয়েইল কর্নেল মেডিক্যাল কলেজের একটি জার্নালে প্রকাশিত হয়েছে, যে খাবার খাওয়ার পরে ডায়াবিটিস আক্রান্ত বেশ কিছু ব্যক্তির শরীরে গ্লুকোজের মাত্রা পরিমাপ করা হয়। আর তাতেই কিন্তু এই ফারাক লক্ষ্য করা যায়। যাঁরা আগে কার্বোহাইড্রেট খেয়েছেন এবং শেষে শাকসবজি, প্রোটিন খেয়েছেন তাঁদের শরীরে কিন্তু ইনসুলিনের পরিমাণ তুলনায় কম। খাবার খাওয়ার দু ঘন্টার ব্যবধানে এই পরীক্ষা করা হয়। আর তাতেই দেখা যায় নিয়ম মেনে খাবার খেতে ফাস্টিং সুগারের তুলনায় সেই মাত্রা প্রায় ১৭ শতাংশ কম। কমেছে ইনসুলিনের মাত্রাও।

আর এই তথ্যই পুজা শেয়ার করেন তাঁর ইন্সটাগ্রামে। সেই সঙ্গে তিনি সকলকে বোঝান কেন নিয়ম মেনে খাবার খাওয়া এত জরুরি। প্লেট ভরে খাবার খেলেই হবে না। তা কিন্তু পরিমাপেও ঠিক রাখতে হবে।

রোজকার ডায়েটে স্যালাড, কোনও একরকম শাক, সবজির তরকারি, ডাল অবশ্যি রাখার চেষ্টা করুন। এর সঙ্গে ভাত বা রুটিতে যেমন অভ্যস্ত তাই খান। সেই সঙ্গে পুজাও সব সময় বলেন বাড়ির তৈরি খাবার খেতে। সেই সঙ্গে প্রত্যেকের ওজনের উপর নির্ভর করে ডায়েট চার্টের পরামর্শ দেন তিনি।

## পনিরের রেসিপি

কাশ্মীরি খাবারের নাম শুনলেই চোখের সামনে ভেসে ওঠে রোগান জোশ, ইয়াকনি, আলু দম ইত্যাদি। আর এগুলো জনপ্রিয় হবে নাই বা কেন! এর স্বাদ, মশলার যুগলবন্দী যে কারোর মুখে ভালো লাগার মতো। উপত্যকার এমন আরেকটি পদ রয়েছে, যা কাশ্মীরিদের কাছে বেশ জনপ্রিয়।এর নাম হল পনির মেথি চমন। এখন শীতের সময় সহজেই মেথি শাক বাজারে পেয়ে যাবেন। এর পাশাপাশি উপত্যকার রন্ধনপ্রণালী আপনার এই পনিরের ডিশকে আরও সুস্বাদু করে দেবে। আপনিও যদি নতুন কোনও পনিরের ডিশের খোঁজে থাকেন, তাহলে ট্রাই করে দেখুন পনির মেথি চমনের রেসিপি। তাহলে চলুন দেরি না করে দেখে নেওয়া কীভাবে উপত্যকার এই জনপ্রিয় পনির মেথি চমন আপনি বাড়িতে কীভাবে তৈরি করবেন পনির মেথি চমন তৈরি করার জন্য প্রয়োজনীয় উপকরণ- ১ কেজি পনির, ১ আঁটি তাজা মেথি শাক, ২ চামচ মৌরি গুঁড়ো, ১ চামচ হলুদ গুঁড়ো, ৬ ছোট এলাচ, ৬ লবঙ্গ, দারুচিনির একটা কাঠি, ১ চামচ গোটা জিরে, ১/২ কাপ দুধ, এক চিমটে হিং, লবণ স্বাদ অনুযায়ী, পরিমাণ মত তেল, ১০ আমন্ড গার্নিশিংয়ের জন্য আর ২ চামচ কিশমিশ গার্নিশিংয়ের জন্য।




সোমবার আমরা বাঙালির তরফে এক সাংবাদিক সম্মেলনে আয়োজন করা হয়।

# ভারত-জাপান কৌশলগত ও বৈশ্বিক অংশীদারিত্ব পারস্পরিক গণতান্ত্রিক মূল্যবোধের ওপর ভিত্তিশীল : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.) : ভারত-জাপান কৌশলগত ও বৈশ্বিক অংশীদারিত্ব পারস্পরিক গণতান্ত্রিক মূল্যবোধ ও আন্তর্জাতিক মঞ্চের আইনের শাসনের প্রতি শ্রদ্ধার ওপর ভিত্তিশীল। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার দুপুরে দিল্লির হায়দরাবাদ হাউসে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে যৌথ প্রেস বিবৃতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আজ আমি প্রধানমন্ত্রী কিশিদাকে ভারতের জি-২০ প্রেসিডেন্সির অগ্রাধিকার সম্পর্কে বিস্তারিতভাবে অবগত করেছি। আমাদের জি-২০ প্রেসিডেন্সির একটি গুরুত্বপূর্ণ ভিত্তি হল দক্ষিণ গোলার্ধের অগ্রাধিকারের কথা বলা। যে সংস্কৃতি বসুধৈব কুটুম্বকমে বিশ্বাস করে, সবাইকে একত্রিত করে এগিয়ে যেতে বিশ্বাস করে।'

প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদাকে ভারতে স্বাগত জানাচ্ছি আমি। বিগত এক বছরে, প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা এবং আমি বেশ কয়েকবার দেখা করেছি এবং প্রতিবারই আমি ভারত-জাপান দ্বিপাক্ষিক সম্পর্কের প্রতি তাঁর ইতিবাচকতা এবং প্রতিশ্রুতি অনুভব করেছি। এই গতি ধরে রাখতে তাঁর আজকের সফর উপকারী হবে।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'চলতি বছরের সেপ্টেম্বরে আমি আবারও জি-২০ নেতাদের শীর্ষ সম্মেলনের জন্য ভারতে প্রধানমন্ত্রী ফুমিও কিশিদাকে স্বাগত জানানোর সুযোগ পাব। আজ জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা আমাকে জি-৭ নেতাদের শীর্ষ সম্মেলনে আমন্ত্রণ জানিয়েছেন, যা হিরোশিমায় অনুষ্ঠিত হবে। এ জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই।' দিল্লির হায়দরাবাদ হাউসে এদিন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রতিনিধি পর্যায়ের আলোচনাতেও বসেন তাঁরা। সোমবার সকালেই ভারত সফরে এসেছেন জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর। পরে রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করেন জাপানের প্রধানমন্ত্রী। এরপরই হায়দরাবাদ হাউসে মিলিত হন মোদী ও কিশিদা। জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রতিনিধি পর্যায়ের আলোচনাতেও বসেন তাঁরা। পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বিষয় নিয়ে আলোচনা করেন তাঁরা।

## ৩ দিনের সফরে আজ রাশিয়া যাচ্ছেন শি জিনপিং

বেজিং, ২০ মার্চ (হি.স.) : চিনে রাশিয়া সফরে যাচ্ছেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং। এই সফরে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি। সোমবার তিনদিনের সফরে মস্কোতে পৌঁছাবেন শি জিনপিং।

চিনের কর্মকর্তারা জানিয়েছেন, সফরে শি জিনপিং প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে দুই দেশের সম্পর্ক উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন। তবে সবচেয়ে বেশি প্রাধান্য পাবে ইউক্রেন যুদ্ধ ইস্যু।

ক্রেমলিন বলেছে, দুই দেশের সর্বোচ্চ নেতা একটি 'বিস্তৃত অংশীদারিত্ব ও কৌশলগত সহযোগিতা' নিয়ে আলোচনা করবেন।

বেইজিংয়ের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, পুতিনের আমন্ত্রণে প্রেসিডেন্ট শি জিনপিং ২০ থেকে ২২ মার্চ পর্যন্ত রাশিয়ায় থাকবেন। অর্থাৎ তার এই সফরটি হবে তিন দিনের।

আশা করা হচ্ছে, এই সফর দুই দেশের বেশ কয়েকটি 'গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক চুক্তি' স্বাক্ষরিত হবে। মন্ত্রণালয়ের একজন মুখপাত্র বলেছেন, বৈঠকের উদ্দেশ্য দ্বিপাক্ষিক আস্থা আরও গভীর করা।-

## পুলওয়ামায় সন্ত্রাসবাদী কমান্ডারের বাড়িতে এসআইইউ-এর তল্লাশি অভিযান

পুলওয়ামা, ২০ মার্চ (হি.স.) : জম্মু ও কাশ্মীরের রাজ্য তদন্ত ইউনিট (এসআইইউ) পুলওয়ামায় লস্কর-ই-তৈয়বা কমান্ডারের বাড়িতে তল্লাশি অভিযান চালাচ্ছে।

পুলিশ অফিসারের মতে, পুলওয়ামার কাকাপোরায় আব্দুল আজিজ ঘরের ছেলে গোলাম মহম্মদ-র বাড়িতে তল্লাশি অভিযান চলছে এবং বাড়িটি লস্কর-ই-তৈয়বার সন্ত্রাসী কমান্ডার রিয়াজ আহমেদ ঘরের যিনি গত আট বছর ধরে সন্ত্রাসী কার্যকলাপে সক্রিয় ছিলেন।

পুলওয়ামা থানায় নং এফআইআর নং ২৩৯/২০২২-এর অধীনে অনুসন্ধান অভিযান চালানো হচ্ছে।

## তরুণ অধিকারীর প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : রাজনীতিবিদ ডা: তরুণ অধিকারী সোমবার প্রয়াত হয়েছেন। তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

পশ্চিমবঙ্গ সরকার তথ্য ও সংস্কৃতি বিভাগের প্রচারিত মুখ্যমন্ত্রীর শোকবার্তায় লেখা হয়েছে, "বিশিষ্ট রাজনীতিবিদ ডা: তরুণ অধিকারীর প্রয়াণে আমি গভীর শোক প্রকাশ করছি। তিনি আজ নৈহাটিতে প্রয়াত হন। বয়স হয়েছিল ৭৮ বছর।

তিনি ১৯৮৭ ও ১৯৯১ সালে নৈহাটি কেন্দ্রের বিধায়ক নির্বাচিত হন। বিশিষ্ট চিকিৎসক ডা: তরুণ অধিকারী বিভিন্ন সমাজসেবামূলক কাজকর্মের সঙ্গে জড়িত ছিলেন। তাঁর প্রয়াণ রাজনৈতিক ও চিকিৎসা জগতে এক অপূরণীয় ক্ষতি। আমি তাঁর আত্মীয় পরিজন ও অনুরাগীদের আন্তরিক সমবেদনা জানাচ্ছি।'

## মণীশ কোঠারির ১৪ দিনের জেল হেফাজত

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.) : গরুপাচার মামলায় গ্রেফতার হয়েছেন অনুব্রত মণ্ডলের হিসাবরক্ষক মণীশ কোঠারি। সোমবার মণীশ কোঠারিকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিল রাউস অ্যাভিনিউ আদালত। ইডি হেফাজতের মেয়াদ শেষ হতেই সোমবার আদালতে পেশ করা হয়েছিল মণীশ কোঠারিকে। আজ আদালতে ইডি জানিয়েছে, মণীশ কোঠারিকে জিজ্ঞাসাবাদ করে সমস্ত তথ্য সংগ্রহের কাজ হয়ে গিয়েছে। এই আবহে তাঁকে আর হেফাজতে চায়নি ইডি। এদিকে আজ আদালতে জামিনের আবেদন জানান মণীশের আইনজীবী। তবে জামিনের বিরোধিতা করে ইডি। এই আবহে মণীশ কোঠারিকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দেওয়া হয় আদালতের তরফে। জানা গিয়েছে, দিল্লির তিহাড় জেলে রাখা হবে মণীশকে।

## সামসেরগঞ্জে মাদক সহ রাজ্য পুলিশের এসটিএফের জালে চার যুবক

ফরাক্কা, ২০ মার্চ (হি. স.) : মুর্শিদাবাদের সামসেরগঞ্জে হানা দিয়ে মাদক সহ রাজ্য পুলিশের এসটিএফের জালে চার যুবক। তাদের কাছ থেকে এক কেজি হেরোইন এবং একটি মোটরবাইক বাজেয়াপ্ত করা হয়েছে। গোপন সূত্রে রাজ্য পুলিশের এসটিএফ মাদক পাচারের খবর পায়। সেই অনুযায়ী বেশ কয়েকজন আধিকারিক রবিবার রাতে মুর্শিদাবাদের সামসেরগঞ্জের ডাকবাংলো মোড়ে হানা দেয়। প্রায় ঘণ্টাখানেক পর ওই এলাকায় চারজন যুবককে দেখতে পাওয়া যায়। একটি মোটর বাইকে চড়ে ওই এলাকায় আসে তারা। তাদের প্রথমে আটক করা হয়। শুরু হয় তল্লাশি। ধৃতদের কাছ থেকে এক কেজি হেরোইন বাজেয়াপ্ত করা হয়। ধৃতরা হল রাজিবুল হাসান, তওবর শেখ, শেখ মতিবুর রহমান, সাহেব শেখ। ধৃত বছর ছাব্বিশের রাজিবুল অসমের বাসিন্দা। তওবর, শেখ মতিবুর, সাহেব প্রত্যেকেই মুর্শিদাবাদের বাসিন্দা। এই ঘটনার সঙ্গে আরও অনেকেই জড়িত থাকতে পারেন বলেই মনে করা হচ্ছে। ধৃতদের জেরা করা সমস্ত তথ্য সামনে আসতে পারে বলেই মনে করছেন তদন্তকারীরা।

## নবান্নের সামনে বালি বোঝাই লরি উল্টে বিপত্তি

কলকাতা, ২০ মার্চ (হি.স.) : সপ্তাহের প্রথম দিনে সোমবার সাত সকালে নবান্নের সামনে বালি বোঝাই লরি উল্টে বিপত্তি। আজ সকালে সাঁতরাগাছি থেকে হাওড়ার দিকে যাওয়ার সময় নবান্নে সামনে একটি বালি বোঝাই লরি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। গাড়ির মধ্যে চালক ও খালাসী সহ চারজন ছিলেন।গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি ল্যাম্প পোস্টে ধাক্কা মারে। গুরুতর আহত অবস্থায় গাড়ি চালকসহ বাকি তিনজনকে হাসপাতালে পাঠানো হয়। বেশ কিছুক্ষণের জন্য যান চলাচলের বিঘ্ন ঘটে। পরে ক্রেন নিয়ে এসে ওই লরিটিকে সরিয়ে রাস্তা পরিষ্কার করে ফের যান চলাচল স্বাভাবিক করে পুলিশ।প্রসঙ্গত, রাজ্যের সদর কার্যালয়ে নবান্নর সংলগ্ন এলাকায় দ্রুত গতিতে যাতে কোন গাড়ি চলাচল না করে তার জন্য সব সময় নজরদারি ব্যবস্থা জোরদার থাকে। কিন্তু তারপরে ও সপ্তাহের প্রথম ব্যস্ততম দিনে এই বালি বোঝাই লরিটি কেন দ্রুত গতিতে সাঁতরাগাছি থেকে দ্বিতীয় হুগলির সেতুর দিকে ছুটছিল তার কারণ প্রশাসনের কাছে অজানা। লরিটি ল্যাম্পপোস্টে ধাক্কা না মানলে আরও বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারতো বলে মনে করা হচ্ছে।

## দার্জিলিং-এ আবারও তুষারপাত, জাঁকিয়ে ঠান্ডা পড়েছে শৈলশহরে

দার্জিলিং, ২০ মার্চ (হি.স.): আবারও ভারী তুষারপাত হল পাহাড়ে। রবিবারের পর সোমবারও বরফের চাদরে ঢাকা পড়ল পাহাড়। তুষারপাতের পাশাপাশি, দার্জিলিঙের কয়েকটি জায়গায় বৃষ্টিও হয়েছে এদিন। তার জেরে জাঁকিয়ে ঠান্ডা পড়েছে শৈলশহরে। তুষারপাতের জেরে ব্যাহত হচ্ছে যান চলাচল। সোমবার সকাল থেকে ব্যাপক পরিমাণে তুষারপাত হয়েছে সান্দাকফু, ফালুট-সহ কয়েকটি এলাকায়। তুষারপাতের জেরে পাহাড়ের কিছু জায়গায় যানবাহন চলাচল স্বাভাবিক নয়। দার্জিলিঙে এখন পর্যটকের সংখ্যা অপেক্ষাকৃত কম। তবে যে কয়েক জন রয়েছেন তাঁরা এই মার্চেও উপভোগ করছেন তুষারপাতের মজা। এই পরিস্থিতিতে দার্জিলিং, কালিম্পং-সহ সমতলে ভোররাত থেকে শুরু হয়েছে বৃষ্টি। বিভিন্ন জায়গায় ভারী বর্ষণও হয়েছে। তার জেরে তাপমাত্রা নেমেছে পাহাড়ে। আগামী ৪৮ ঘন্টা এমনই আবহাওয়া থাকবে পাহাড় জুড়ে। এমনটাই জানাচ্ছে সিকিমের আবহাওয়া দফতর।

## বিহারের মানের-এ ইটভাটার চিমনিতে বিস্ফোরণে মৃত্যু ৪ শ্রমিকের, আহত কমপক্ষে ১২ জন

পাটনা, ২০ মার্চ (হি.স.): বিহারের পাটনার মানের-এ ইটভাটার চিমনিতে বিস্ফোরণে প্রাণ হারালেন ৪ জন শ্রমিক। এছাড়াও ধ্বংসস্তূপের নীচে চাপা পড়ে আহত হয়েছেন কমপক্ষে ১২ জন। সোমবার মর্মান্তিক ঘটনটি ঘটেছে মানের-এর ব্যাপুর গ্রামের লকি ইটভাটার চিমনিতে। মর্মান্তিক এই ঘটনার পরই পুলিশে খবর দেওয়া হয়। আশেপাশে উপস্থিত শ্রমিকরা চাপা পড়া মানুষজনকে বাঁচানোর চেষ্টা শুরু করেন। তড়িঘড়ি আহতদের চিকিৎসার জন্য দানাপুর হাসপাতালে পাঠানো হয়। সেখান থেকে কয়েকজনকে পাটনায় রেফার করা হয়। মানের-এর এসআই মুমতাজ আনসারী জানিয়েছেন, আমরা খবর পেয়েছি একটি ইটভাটার দেওয়াল ধসে পড়েছে। আমরা সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করি। ৬ শ্রমিককে উদ্ধার করে দানাপুর হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। তাদের মধ্যে আমরা তথ্য পেয়েছি দু""জনের মৃত্যু হয়েছে এবং ৪ জন চিকিৎসাধীন রয়েছেন। সূত্রের খবর, এই ঘটনায় মোট ৪ জনের মৃত্যু হয়েছে।

## পঞ্জাব: ইন্টারনেট এবং এসএমএস পরিষেবা বন্ধ থাকবে মঙ্গলবার পর্যন্ত

চণ্ডীগড়, ২০ মার্চ (হি.স.) : আগামীকাল ২১ মার্চ মঙ্গলবার পর্যন্ত রাজ্যে ইন্টারনেট এবং এসএমএস পরিষেবা স্থগিত থাকবে। খালিস্তান সমর্থক এবং ওয়ারিস পাঞ্জাব দে সংগঠনের প্রধান অমৃতপাল সিং-র বিরুদ্ধে পঞ্জাব পুলিশের বড় ধরনের ক্র্যাকডাউনের পর শনিবার ইন্টারনেট বন্ধ করে দেওয়া হয়েছে। ইন্টারনেট বন্ধের মেয়াদ আরও বাড়ানো হয়েছে। উল্লেখ্য, প্রথমে শনিবার থেকে রবিবার এবং পরে সোমবার পর্যন্ত ইন্টারনেট পরিষেবা বন্ধ ছিল। এখন ইন্টারনেট বন্ধের মেয়াদ মঙ্গলবার পর্যন্ত বাড়ানো হয়েছে।

## বরপেটার কেওটকুচিতে মৃতদেহ উদ্ধার

বরপেটা (অসম), ২০ মার্চ (হি.স.) : বরপেটা জেলার কেওটকুচির জালাকুয়ায় অজ্ঞাতপরিচয় ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়েছে। আজ সোমবার পূর্ত সড়কের পাশে মৃতদেহটি উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে। মৃতের পরনে লুঙ্গি থাকায় তাঁকে মুসলমান বলে সন্দেহ হলেও এ খবর লেখা পর্যন্ত তাঁর পরিচয় উদ্ধার হয়নি। বরপেটার পুলিশ সুপার অমিতাভ সিনহা ঘটনাস্থলে ছুটে এসে মৃতদেহ উদ্ধার করে বরপেটা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রেরণ করেছেন। জানা গেছে, মৃতের শরীরে বেশ কিছু আঘাতের চিহ্ন রয়েছে। যদিও ব্যক্তির মৃত্যু খুনঘটিত না-দুর্ঘটনায় হয়েছে সে সম্পর্কে পুলিশ এখনও নিশ্চিত হয়নি। তদন্ত শুরু হয়েছে বলে জানান পুলিশ সুপার অমিতাভ সিনহা।

## নকশালবাড়িতে বাতারিয়া নদীর কৃষিবাঁধ সংস্কার চেয়ে চিঠি মুখ্যমন্ত্রীকে

নকশালবাড়ি, ২০ মার্চ (হি. স.) : শিলিগুড়ির বাতারিয়া নদীর কৃষিবাঁধ সংস্কারের জন্য শেষে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দ্বারস্থ হলেন নকশালবাড়ি এবং মণিরাম গ্রাম পঞ্চায়েতের কৃষকরা। বাতারিয়া নদীর বাঁধগুলি দ্রুত সংস্কারের দাবিতে মুখ্যমন্ত্রীর উদ্দেশে নবান্নতে চিঠি দিলেন কৃষকরা। চিঠিতে এলাকার ৭০ জন কৃষকের স্বাক্ষর, মণিরাম ও নকশালবাড়ি এলাকার গ্রাম পঞ্চায়েতের সদস্যদের স্বাক্ষর এবং নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির সদস্যদের স্বাক্ষর রয়েছে। ডাকযোগে ওই চিঠি পাঠানোর পাশাপাশি ই-মেল করেন কৃষকরা।

শিলিগুড়ি মহকুমা পরিষদের ভোটের আগে নকশালবাড়ি ব্লকে বাতারিয়া নদীর কৃষিবাঁধগুলি সংস্কারের দাবি তুলেছিলেন এলাকার কৃষকরা। কিন্তু ভোট পেরিয়ে গেলেও কেউই কৃষিবাঁধগুলি সংস্কারের দিকে নজর দেয়নি। ইদানীং নকশালবাড়ি ও মণিরাম গ্রাম পঞ্চায়েতের বহু কৃষক জলের অভাবে চাষবাস করতে পারছেন না। তিন ফসলি জমিগুলি এক ফসলি জমিতে পরিণত হয়েছে। এবারেও অনেক কৃষক বোরো ধানের জন্য জমিতে বীজ বুনেছেন। কিন্তু জলের অভাবে সেচের সমস্যা হচ্ছে। তাই বাধ্য হয়েই মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন কৃষকরা।

অভিযোগ, বাম আমলে তৈরি বাতারিয়া নদীর কৃষিবাঁধগুলি দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে বেশিরভাগ বাঁধের লকগেট ভেঙেছে, কোথাও কচুরিপানায় ঢেকে গিয়েছে বাঁধের সেচনালাগুলি, আবার কোথাও ক্যানেলের স্লুইসগেট বিকল হয়ে পড়ে আছে দীর্ঘদিন যাবৎ। নকশালবাড়ি ব্লকের অন্তর্গত মণিরাম এবং নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েতে অবস্থিত বাতারিয়া নদীতে চারটি বাঁধ রয়েছে। এই চারটি বাঁধ থেকে এলাকার কয়েক হাজার হেক্টর জমি চাষাবাদ হয়। এর মধ্যে কিলারামজোতের বাঁধ, কোটিয়া জোতের বাঁধ, জয়শিংজোতের বাঁধ এবং রঘুজোতের পাহাড়িয়া বাঁধের গুরুত্ব অপরিসীম।

স্থানীয়রা জানিয়েছেন, কোটিয়াজোত এবং রঘুজোতের পাহাড়িয়া বাঁধ ১৯৯৪ সালে শিলিগুড়ি মহকুমা পরিষদের সেচ দপ্তর থেকে তৈরি করা হয়েছিল। যার বর্তমান অবস্থা বাঁধে লোহার গেট বলতে কিছুই নেই। বাঁধের সঙ্গে জড়িয়ে থাকা সেচনালাগুলি দখলে এবং জঙ্গলে বন্ধ হতে চলেছে। অন্যদিকে জয়শিংজোতের বাঁধটিতে মাটির বস্তা দিয়ে কোনওরকমভাবে জল তুলছেন কৃষকরা। নদীর বাঁধগুলিকে নিয়ে প্রশাসনের উদাসীন মনোভাবে ক্ষোভে ফুঁসছেন কৃষকরা।

একতা কৃষক সমাজ সংঘের সভাপতি মনোরঞ্জন সিংহ জানান, বাতারিয়া নদীর বাঁধের মেরামতের জন্য বহুবার বিধায়ক, শিলিগুড়ি মহকুমা পরিষদ, বিডিওকে লিখিত অভিযোগ জানিয়েছিলাম। কিন্তু কেউই সমস্যার সমাধানে নজর দেয়নি। জলের অভাবে কৃষিকাজ করতে পারছেন না কৃষকরা। শেষ ভরসা মুখ্যমন্ত্রী।

## ৩৭ ঘন্টা তল্লাশির পর অয়ন শীলকে গ্রেফতার করল ইডি

কলকাতা, ২০ মার্চ (হি.স.) : নিয়োগ দুর্নীতি মামলাতে এবার গ্রেফতার শান্তনু ব্যানার্জির ঘনিষ্ঠ প্রোমোটার অয়ন শীল। প্রায় ৩৭ ঘন্টা তার সল্টলেকের এফডি ব্লকের ৩৮৮ নম্বর বাড়ির গ্রাউন্ড ফ্লোরের অফিসে জিজ্ঞাসাবাদ ও তল্লাশি চালানোর পর রবিবার গভীর রাতে গ্রেফতার করা হয় অয়ন শীলকে। অয়ন শীলকে গ্রেফতার করে ইডি আধিকারিকরা।

নিয়োগ দুর্নীতিকাণ্ডে এর আগে একাধিক সন্দেহভাজনের বাড়িতে ইডি তল্লাশি চালায়। এদিকে অয়ন শীলের অফিসের তল্লাশি চালিয়ে যে সকল নথিপত্র মিলেছে, সেখান থেকে ইডি আধিকারিকদের ধারণা, এই নিয়োগ দুর্নীতিতে পার্থ চ্যাটার্জি ও মানিক ভট্টাচার্যের পাশাপাশি আরও তিন থেকে চারজন বড় মাথার যোগসূত্র রয়েছে।

বিভিন্ন পরীক্ষার ওএমআর শিট উদ্ধারও করা হয় অয়ন শীলের অফিস থেকে। কিন্তু ২০১২ সালের পরীক্ষা সংক্রান্ত নথি এর আগে পাওয়া গিয়েছিল একমাত্র শান্তনুর কাছ থেকেই। তাঁর কাছ থেকে ২০১২ সালের পরীক্ষার কয়েকটি অ্যাডমিট কার্ড পেয়েছিলেন তদন্তকারীরা। তাই এর আলাদা তাৎপর্য থাকতে পারে বলে মনে করেন ইডি আধিকারিকরা।

## কোকরাঝাড়ে ইংরেজি বর্ণমালায় লেখা নাম মুছে দিয়েছে বড়ো ছাত্র সংস্থা

কোকরাঝাড় (অসম), ২০ মার্চ (হি.স.) : বড়ো বর্ণমালা ব্যবহার বাধ্যতামূলক বড়োল্যান্ড অর্থাৎ বড়োল্যান্ড টেরিটরিয়াল রিজিওন (বিটিআর)-এ। তাই বড়োল্যান্ড সদর কোকরাঝাড়ে ইংরেজি বর্ণমালায় লেখা সাইনবোর্ড বা সরকারি প্রকল্পে নাম-ফলক মুছে দিয়েছে নিখিল বড়ো ছাত্র সংস্থা (এবিএসইউ বা এবসু)। পাশাপাশি কোকরাঝাড় শহরের সমস্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানকে তাদের সাইনবোর্ড বড়ো বর্ণমালায় লিখতে আহ্বান জানিয়েছে এবিএসইউ।বড়োল্যান্ডে বড়ো ভাষা ব্যবহার করা হচ্ছে না দেখে সরব হয়েছে এবিএসইউ। বিটিআর-এ বড়ো ভাষার প্রধান্যের দাবি তুলে আজ সোমবার বড়োল্যান্ডের সদর কোকরাঝাড়ে বড়ো বর্ণমালা ব্যবহার না করে শুধুমাত্র ইংরেজিতে ব্যবসায়িক প্রতিষ্ঠানের নাম ব্যবহৃত সাইনবোর্ডগুলি কালো কালি দিয়ে মুছে দিয়েছেন ছাত্র সংগঠনের কর্মকর্তারা।কোকরাঝাড় শহরের বিভিন্ন জায়গায় নগরোন্নয়ন বিভাগের নাম-ফলকেও ইংরেজি বর্ণমালায় লেখা শব্দবন্ধগুলি মুছে দেওয়া হয়েছে। এ প্রসঙ্গে এবিএসইউর সাধারণ সম্পাদক খামফা বসুমতারি বলেন, বড়ো ভাষাকে বিটিআর-এ অগ্রাধিকার দেওয়া উচিত। নামের বোর্ডে প্রথমে বড়ো, দ্বিতীয় অসমিয়া এবং তৃতীয় ইংরেজি ব্যবহার করতে হবে। বিষয়টি নিয়ে নগরোন্নয়ন দফতরের প্রধানের সঙ্গে আলাপ-আলোচনা সত্ত্বেও কোনও গুরুত্ব না দেওয়ায় আজ এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানান তিনি।

## মমতার মুখে লাল-হলুদের কথা শুনেই দর্শকদের একাংশের চিৎকার

কলকাতা, ২০ মার্চ (হি. স.) : মোহনবাগানকে সংবর্ধনা দিতে এসেও ইস্টবেঙ্গলের কথা ভুললেন না মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু তাঁর মুখে লাল-হলুদের কথা শুনেই দর্শকদের একটা অংশ চিৎকার করে ওঠে।মোহনবাগানকে শুভেচ্ছা জানানোর পরেই ইস্টবেঙ্গলের কথা তোলেন মুখ্যমন্ত্রী। তিনি প্রতিদ্বন্দ্বী ক্লাবের কথা তুলতেই সমবেতদের অনেকে আপত্তি জানান। তবে, বাগান তাঁবুতে দাঁড়িয়ে আইএসএলে ইস্টবেঙ্গলের খারাপ খেলার ব্যাখ্যা দেন মুখ্যমন্ত্রী।ইস্টবেঙ্গলের নাম করায় যারা শোরগোল তোলার চেষ্টা করেছিলেন, তাঁদের থামিয়ে মমতা বলেন, "যখন ওরা (ইস্টবেঙ্গল) শুরু করেছে, তখন দেরি হয়ে গিয়েছে। ওরা দলটাও ভাল করে তৈরি করতে পারেনি। কারণ, ওদের আর্থিক অসুবিধা ছিল। কিন্তু মোহনবাগান খেলাটা আগেই খেলে দিয়েছে। সঞ্জীব গোয়েনকার তো টাকার অভাব নেই। ওরা নানা রকম ভাবে সাহায্য করে। বরঞ্চ বাড়তি সাহায্য করে ক্লাবটাকে এগিয়ে নিয়ে গিয়েছে।'সোমবার যে মুখ্যমন্ত্রী মোহনবাগান ক্লাবে যাবেন তা আগেই জানিয়েছিলেন ক্লাবের সহ-সভাপতি কুণাল ঘোষ। সেই মতো আগে থেকেই সব প্রস্তুত রাখা হয়েছিল। আইএসএল জয়ী দলের ফুটবলার থেকে শুরু করে কোচসবাই উপস্থিত ছিলেন ক্লাব তাঁবুতে। ছিলেন ক্লাবের সচিব দেবাশিস দত্ত, সভাপতি টুটু বসুরা। বাগান সমর্থকরা ভিড় জমিয়েছিলেন।

## দুর্গাপুরে সপরিবারে রহস্যমৃত্যুর ঘটনায় মা, মাসতুতো ভাই-সহ ধৃত ৩ জন

দুর্গাপুর, ২০ মার্চ (হি.স.) : রবিবার দুর্গাপুরের মিলনপল্লি এলাকায় বাড়ির ভিতরে প্রশান্ত মণ্ডল, তাঁর স্ত্রী এবং তাঁদের এক পুত্র ও কন্যার মৃতদেহ উদ্ধার করে পুলিশ। প্রশান্ত মন্ডল নিজের মোবাইলের হোয়াটসঅ্যাপে পারিবারিক অশান্তির বিভিন্ন বিষয় এবং তাঁকে বারবার মানসিক চাপ ও নির্যাতনের বিষয় তুলে ধরেছিলেন মৃত্যুর আগে। অভিযুক্তদের মধ্যে তাঁর মায়ের নাম ছিল সর্বপ্রথম। কয়েকশো কোটি টাকার মালিক প্রশান্ত মণ্ডল। কেন তিনি পরিবার নিয়ে মৃত্যুর কোলে ঢলে পড়লেন, তা নিয়ে নানান প্রশ্ন ওঠে। খুন, নাকি আত্মহত্যা, এই প্রশ্নে মৃতদেহ উদ্ধারের পরে পুলিশ দেহগুলি ময়নাতদন্তে পাঠানোর পর ঘটনাস্থলে আসে দুর্গাপুরে তৈরি হওয়া নতুন ফরেনসিক ডিপার্টমেন্টের দুই বিশেষজ্ঞ।




সোমবার নব নিযুক্ত চেয়ারম্যান জয়ন্তী দেববর্মা সংবর্ধনা প্রদান করা হয়।

# বন দপ্তরের সংরক্ষিত এলাকায় গাঁজা চাষের উদ্যোগ ঘিরে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২০ মার্চ।।** আজকাল বক্সনগর লোকের অন্তর্গত কলম চৌড়া এলাকায় উত্তর এবং দক্ষিণ অংশে রাবার কর্পোরেশনের বাগান এবং ফরেস্টের জায়গা সমস্ত গাছ-গাছরা কেটে ধ্বংস করে গাঁজা চাষে মেতে উঠেছে বেশ কিছু গাঁজা চাষী মাফিয়া। নি বিচারে ধ্বংস করছে বাগানের গাছ কেটে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ফরেস্টের রিজার্ভ জায়গা সাল সেগুন যেগুলি গাছ ছিল একদম নির্মূল ভাবে কেটে তার মূলসহ উঠিয়ে ড্রেজার দিয়ে মাটি কেটে বড় বড় প্লট তৈরি করে গাজা চাষের জন্য অবাধ জমি বানিয়ে নিচ্ছে। সিম ঘটনা ত্রিপুরা রাবার কর্পোরেশনের আরাবার বাগানটিও আজকাল গাছ কেটে ধ্বংসলীলা মেতে উঠেছে গাঁজা চাষিরা। উত্তর এবং দক্ষিণ কলম ছাড়া ফরেস্টবিট অফিস বা সাভার অফিস থাকা সত্ত্বেও রেঞ্জার এবং অফিস কর্মীরা কোন গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে না। তাদের আসপালন এবং গ্রামের পঞ্চায়েত পরিচালিত প্রধান মেম্বারদের গোপনে সহযোগিতার কারণে ও বাগানটি ধ্বংস হচ্ছে বলে শুভ বুদ্ধি সম্পন্ন মানুষের অভিমত। এক সময় ছিল যা ফরেস্ট এবং রাবার কর্পোরেশনের উপর কোটা উত্তর। মানিকনগর ব্রাকের পঞ্চায়েতের মানুষের একমাত্র রুটি রুজি উপার্জনের রাস্তা। আজকালের বিবর্তনে সব কিছু যেন হারিয়ে যাচ্ছে এমনিতে রাবার বাগান ১৯৮০ সালের সৃষ্টি হয়েছিল তৎকালীন রাজ্যের বড় মন্ত্রী আরবের রহমান সাহেব ছিলেন উনার দায়িত্বে নিজ হাতে রাবার স্ট্যাম্প লাগিয়ে বাগানটি গড়ে তুলেছিল।

ত্রিপুরা রাজ্যের ফরেস্টের এক সময় খুব সুনাম ছিল সেই সুনামের সঙ্গে বক্সনগর এলাকায় কলম ছড়াও ছিল বনে বর্ণে সুন্দর এবং নির্জন বন বিভিন্ন রকমের গাছপালা সাহার সেগুন গামায় গরুর গর্জন এবং বিভিন্ন জাতি প্রজাতির পশুপাখি মৌচাক মৌমাছি বর্ণের জন্তু সুন্দর একটা বন বনানীর দৃশ্য যা আজ নির্বিচারে কিছু স্বার্থন্বেষী লোক অল্প সময়ে গাঁজা চাষ করে বড়লোক হওয়ার স্বপ্নে বিভোর হয়ে পরিবেশ কে ধ্বংস করছে। নষ্ট হচ্ছে পরিবেশ বান্ধব নামক মানুষের বৈচিত্রের মধ্যে ঐক্য। ফরেস্ট রেঞ্জাররা কিছু কিছু ক্ষেত্রে দরজা করলেও বিভিন্ন রাজনৈতিক গেরাকলের দৌড়ে তারা পিছু হটতে বাধ্য। যে হারে বনভূমির জায়গা মার্চেন্ট গাঁজা চাষিরা দখল নিচ্ছে আগামী দিন বক্সনগর কলম চলা এলাকায় বন দপ্তরের জায়গা এবং ওরা আবার বাগানের জায়গা থাকবে বলে আর কিছু মনে হয় না। আর এই জায়গা নিয়ে বড় গাঁজা চাষী এবং ছোট চাষীদের মধ্যে প্রতিনিয়ত ঝগড়াঝাঁটি হচ্ছে এই বিশাল সাম্রাজ্য আমার অধীনে থাকবে তোরা এখানে কেউ আসবে না এই হল বড় মার্চেন্ট গাঁজা চাষীদের ফতোয়া জারি।

ছুটে চাষিরা অল্প একটু আধটু জায়গা দখল করতে গেলে বড় চাষীদের মুখে আক্রমণের শিকার। মোটা অংকের টাকার বিনিময়ে ফরেস্টের কিছু এবং পি এস এর কিছু লোককে বশবর্তী করে এই ধ্বংস নিলে মেতে উঠেছে। আগামী দিন সরকার কর্তৃপক্ষ যদি সঠিক বাস্তবায়ন এবং অবৈধ দুই নম্বরী গাজা চাষ থেকে বিরত না করে ফিরিয়ে না আনে তাহলে যুবসমাজ এবং পরিবেশ দেশ নির্বিচারে ধ্বংসের পথে অবলুপ্তি হবেই হবে। তাই সরকারের দৃষ্টি আকর্ষণ করে বুদ্ধিজীবীরা বলছে গাঁজা চাষের বিকল্প যে কোন রাস্তা বের করে সমাজের কর্মসংস্থানের ব্যবস্থা করে বেকারত্বের বাঁচার জন্য একটি সম্মিলিত প্রয়াস জারি করে সরকার জাতীয় বিশ্ব এগিয়ে আসে। তার জন্য সরকার কঠোর দৃঢ় আত্মবিশ্বাস ভাবে সমাজের সকল স্তরে মানুষকে সঙ্গে নিয়ে এগিয়ে আসতে হবে। আত্মনির্ভর ভাবে বিকল্প পাবে বাঁচার জন্য সরকার উচিত এই ব্যবস্থা করলে গাঁজা চাষের লোক পাবে। যারা নির্বিচারে গাছ কাটছে এবং জায়গা দখল নিচ্ছে তাদের বিরুদ্ধে সরকার শাস্তি মূলক কঠোর ব্যবস্থা গ্রহন করবে কিনা সেদিকে তাকিয়ে শুভ বুদ্ধি সম্পন্ন লোক।



সচিবালয়ে যুববিষয়ক ও ক্রীড়া দফতরের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা।

# রেশনের চাল পাচারকালে আটক ডিলার

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২০ মার্চ।।** বক্সনগর আর ডি ব্লকের অধীনে কমলনগর গ্রাম পঞ্চায়েতে অবস্থিত। কমলো গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ভাতা তোলা গ্রাম সেই গ্রামের রেশন ডিলার তথা ন্যায্য মূল্যের দোকানের মালিক লক্ষণ নম। রেশন ডিলার লক্ষণ নামের বিরুদ্ধে অনেক অভিযোগ সোনামুড়া খাদ্য দপ্তর অফিসের জমা পড়েছে কিন্তু তৎকালীন সময়ে বাম সরকার থাকার কারণে বারবার গুজামিল দিয়ে মুক্তি পেয়ে যায়। গতকাল সন্ধ্যা সাড়ে ছটার সময় সাত বস্তা চালসহ চুরি করে অন্যত্র সরিয়ে গোপন জঙ্গলের উদ্ধার করে ভাতাধলার সাধারণ জনগণ। গোপন জঙ্গল থেকে চালগুঁড়ি অন্যত্র প্রচার করার সময় লক্ষণ নমোকে হাতেনাতে ধরে ফেলে ব্যাথা ধলা গ্রামবাসী। ন্যায্য মূল্যায়নের দোকানের মালিক লক্ষণ নম কে আটক করে জনগণ রামধোলাই দিয়ে সুনামুরা থানার পুলিশের হাতে তুলে দেন। কিন্তু বহুদিন পূর্ব থেকেই ডিলার লক্ষণ নম্বর বিরুদ্ধে সঠিক সময়ে রেশন সব খোলা হয় না এবং ন্যায্য মূল্যের জিনিস সঠিকভাবে জনগণকে দেওয়া হয় না এবং চুরি করে বিক্রি করা হয় এইরকম অভিযোগ সোনামুড়া খাদ্য দপ্তর অফিসের জমা পড়লেও তার কোন সঠিক তদন্ত এবং শাস্তি গ্রহণ করা হয়নি একটাই কথা ছিল অভিযোগের কোন প্রমাণ পাওয়া যায়নি। গতকালকের ঘটনা সাত বস্তা চালসহ হাতেনাতে ডিলারকে আটক করা হয়েছে। এখন দেখার বিষয় প্রশাসনিক প্রশাসনিক ঘটনা সুষ্ঠু তদন্তক্রমে শাস্তির বিধান করে কিনা এই নিয়েই গোটা তলা গ্রামে চাঞ্চল্য সৃষ্টি হয়। নতুন খাদ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন সুশান্ত চৌধুরী মহোদয় তিনি কিন্তু সর্বদা জনসাধারণ জনগণ অসহায় দরিদ্র মানুষের পাশে সুষ্ঠু নিয়োগনীতির মাধ্যমে গণতন্ত্র ব্যবস্থা আরো জোরদার করার জন্য সচেষ্ট ভূমিকা গ্রহণ করবে এবং রেশন ডিলার যদি কোনরকম দুর্নীতি চুরি করে সঠিক নিয়ম ভাবে দোকানপাট না খুলে তার জন্য আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করবে বলে প্রশাসন সূত্রে জানা যায় এখন দেখার বিষয় খাদ্যমন্ত্রী আর দপ্তর কর্তৃপক্ষকে কি নির্দেশ দেয় চুরি করে জনগণের খাদ্যকে যারা বিক্রি করে দেয় তাদের বিরুদ্ধে কটু সাজা হবে কিনা সময় বলে দেবে।

## মিলল না স্বস্তি, দিল্লি আবগারি নীতিতে সিবিআই-এর মামলায় ১৪ দিন বাড়ল সিসোদিয়ার বিচার বিভাগীয় হেফাজত

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): এবারও পেলেন না স্বস্তি। দিল্লি আবগারি নীতিতে সিবিআই-এর মামলায় আরও ১৪ দিন বাড়ল দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী মনীশ সিসোদিয়ার বিচার বিভাগীয় হেফাজত। সোমবার দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত আম আদমি পার্টির নেতা মনীশ সিসোদিয়ার বিচার বিভাগীয় হেফাজতের মেয়াদ আরও ১৪ দিন বাড়িয়ে দিয়েছে। প্রসঙ্গত, দিল্লি আবগারি নীতি মামলার তদন্ত করছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। ইডি-র মামলায় ২২ মার্চ পর্যন্ত প্রবর্তন নির্দেশালয়ের হেফাজতে রয়েছেন সিসোদিয়া।


উল্লেখ্য, দিল্লির নতুন আবগারি নীতিতে দুর্নীতি হয়েছেএই অভিযোগে লেফটেন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন। সেই মামলায় গত ২৬ ফেব্রুয়ারি সিবিআই গ্রেফতার করে সিসোদিয়াকে। তারপর গত ৯ মার্চ তিহাড় জেলে গিয়ে সিসোদিয়াকে গ্রেফতার করে ইডিও। সিবিআই আবগারি দুর্নীতির মামলার সামগ্রিক তদন্ত করলেও এই মামলায় আর্থিক নয়ছয়ের অভিযোগের তদন্ত করছে ইডি।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## শনিবার থেকে রাষ্ট্রপতি ভবনে ”চেঞ্জ অফ গার্ড” অনুষ্ঠানের সময় পরিবর্তন

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.) : আগামী ২৫ মার্চ থেকে সকাল ৯টার পরিবর্তে সকাল ৮টা থেকে রাষ্ট্রপতির গার্ড পরিবর্তনের আনুষ্ঠানিকতা অনুষ্ঠিত হবে।

সোমবার রাষ্ট্রপতি ভবনের জারি করা একটি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, রাষ্ট্রপতি ভবনে প্রহরী পরিবর্তন অনুষ্ঠান এই শনিবার (২৫ মার্চ) থেকে সকাল ৯ থেকে ১০ টার পরিবর্তে সকাল ৮ থেকে ৯ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

প্রতি শনিবার রাষ্ট্রপতি ভবনের সামনে সপ্তাহে একবার গার্ড বদলানোর এই অনুষ্ঠান হয়। এর আওতায় নতুন দলকে রাষ্ট্রপতির দেহরক্ষীর দায়িত্ব দেওয়া হয়। এক ঘণ্টার অনুষ্ঠানটি সাধারণ মানুষের জন্য উন্মুক্ত করা হয়েছে।

## গোসাবায় বাজ পড়ে মর্মান্তিক মৃত্যু মহিলার

গোসাবা, ২০ মার্চ (হি. স.) : দক্ষিণ ২৪ পরগনার গোসাবার লাহিরিপুরে বাজ পরে মৃত্যু হয়েছে এক গৃহবধূর। সোমবার সকালেই বাজ পড়ে মৃত্যু হয়েছে এক মহিলার। মৃতের নাম রেবতী সরকার, বয়স ৩৮।

এদিন সকালে মাঠ থেকে গরু আনতে যাওয়ার সময় বাজ পড়ে। সেই বাজেই মাঠে হঠাৎ মৃত্যু হয় মহিলার। আচমকা মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমেছে। গত কয়েকদিন ধরেই কলকাতা-সহ জেলায় ঝড়-বৃষ্টি হচ্ছে। এদিনই প্রথম বাজ পড়ে মৃত্যুর খবর পাওয়া গেল দক্ষিণ ২৪ পরগনায়। এই সময় বজ্রপাত অর্থাৎ বজ্রপাতের ঘটনাও বেড়ে যায়। প্রতি বছর বজ্রপাতে অনেক মানুষ ও গবাদি পশু মারা যায়।

## কৃষি ভবনে গিয়ে কৃষিমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ সংযুক্ত কিসান মোর্চার, জমা দিল স্মারকলিপি

নয়াদিল্লি, ২০ মার্চ (হি.স.): কৃষি ভবনে গিয়ে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমরের সঙ্গে দেখা করল সংযুক্ত কিসান মোর্চার প্রতিনিধি দল। সোমবার দুপুরে কৃষি ভবনে গিয়ে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমরের সঙ্গে দেখা করে সংযুক্ত কিসান মোর্চার প্রতিনিধি দল। বেরোনোর সময় একজন কৃষক নেতা বলেছেন, 'আমরা কৃষিমন্ত্রীর কাছে স্মারকলিপি জমা দিয়েছি।'

নূন্যতম সহায়ক মূল্য (এমএসপি)-তে আইনি গ্যারান্টি-সহ নিজেদের বিভিন্ন দাবিতে দিল্লিতে একটি ””কিসান মহাপঞ্চায়েত”” করছে সংযুক্ত কিসান মোর্চা। দিল্লির রামলীলা ময়দানে চলছে মহাপঞ্চায়েত কৃষকদের। মহা পঞ্চায়েত চলাকালীন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমরের সঙ্গে দেখা করল সংযুক্ত কিসান মোর্চার প্রতিনিধি দল।

## লা লিগায় রিয়ালের ঘরের মাঠে হাড্ডাহাড্ডি জয় বার্সার, পয়েন্ট ব্যবধান বেড়ে ১২

মাদ্রিদ, ২০ মার্চ (হি.স.) : চির প্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদের ঘরের মাঠে নেমেই হাড্ডাহাড্ডি জয় পেল বার্সেলোনা। লা লিগার পয়েন্ট তালিকায় শীর্ষে থেকেই রবিবারের ম্যাচ খেলতে নেমেছিল বার্সেলোনা। এই ম্যাচে জয় না পেলে ট্রফির দৌড় শেষ হয়ে যাবে, সেই বিষয়টি মাথায় ছিল রিয়াল মাদ্রিদেরও। তবে শেষ হাসি হাসল কাটালান ক্লাবই। ২-১ গোলে জয় পেয়ে লিগের শীর্ষস্থান ধরে রাখল তারা। লিগে দ্বিতীয় স্থানে থাকা রিয়ালের সঙ্গে তাদের ১২ পয়েন্টের ব্যবধান।

এল ক্লাসিকো ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক মেজাজে খেলা শুরু করে দুই দল। ৯ মিনিটের মাথায় এগিয়ে রিয়াল মাদ্রিদ। দীর্ঘক্ষণ লিড ধরে রাখে তারা। একাধিক চেষ্টা সত্ত্বেও গোল করতে পারেনি বার্সা। তবে বিরতির ঠিক আগে সমতা ফেরান সের্গি রবার্তো। ১-১ ফলে ম্যাচের প্রথমার্ধ শেষ হয়।

আক্রমণ-প্রতি আক্রমণের লড়াইয়ে ম্যাচের দ্বিতিয়ার্ধও গোলশূন্য ছিল। সংযুক্ত সময়ে এসে দুরন্ত গোল করেন ফ্র্যাঙ্ক কেসি। তাঁর গোলেই জয় নিশ্চিত করে বার্সা। তবে এর মধ্যেই বিতর্ক শুরু হয়েছে ভার প্রযুক্তি নিয়ে। ম্যাচের ৮১ মিনিটে গোল করেন রিয়ালের মার্কো। কিন্তু অফসাইডের কারণে তাঁর গোল বাতিল হয়। ম্যাচের পরে রিয়ালের কোচ আন্সেলোত্তি সাফ জানিয়ে দেন, “১০০ শতাংশ অফসাইড ছিল না।” তবে বার্সার তরফে কোচ বলেন, “অবশ্যই অফসাইড ছিল। রেফারিং নিয়ে কোনও প্রশ্নই নেই।”

## খলিস্তানপন্থী অমৃতপালের বিরুদ্ধে অস্ত্র আইনে নতুন মামলা পঞ্জাব পুলিশের

চণ্ডীগড়, ২০ মার্চ (হি.স.) : ‘পলাতক’ খলিস্তানপন্থী নেতা অমৃতপাল সিংয়ের বিরুদ্ধে এ বার অস্ত্র আইনে নতুন মামলা রুজু করল পঞ্জাব পুলিশ। ওই মামলায় স্বঘোষিত শিখ ধর্মগুরুর ৭ ঘনিষ্ঠ সহচরের নামও রয়েছে বলে পুলিশের একটি সূত্রের খবর। ওই সূত্র জানাচ্ছে, এনআইএ (জাতীয় তদন্তকারী সংস্থার) আইনে ওই মামলা রুজু করা হয়েছে। ফলে বিষয়টি তদন্তের ভার যেতে পারে এনআইএর কাছে।

এখনও পর্যন্ত অমৃতপালকে গ্রেফতার করতে পারেনি পঞ্জাব পুলিশ। সূত্রের খবর, শনিবার অমৃতপাল বাইকে চড়ে পুলিশের চোখের সামনে থেকেই পালিয়ে যান। তবে অমৃতপালের সংগঠন ‘ওয়ারিস পঞ্জাব দে’ (বাংলা তর্জমা করলে দাঁড়ায় ‘পঞ্জাবের উত্তরাধিকারী’)-র দাবি, আটক করে গোপন স্থানে তাঁকে নিয়ে গিয়েছে পুলিশ। সাজানো সংঘর্ষে তাঁকে খুন করা হতে পারে বলেও আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

## রজনী-কন্যা ঐশ্বর্য্যর বাড়ি থেকে চুরি বহুমূল্য গয়না, পুলিশি তদন্ত শুরু

চেন্নাই, ২০ মার্চ (হি.স.): রজনীকান্তের মেয়ে ঐশ্বর্য্যর বাড়ি থেকে চুরি গেল বহুমূল্য গয়না। চেন্নাইয়ের টাইনামপেটের বাড়ি থেকে খোয়া যায় রজনীকান্তের বড় মেয়ের বহুমূল্য গয়না। যার বাজারদর ৩.৬০ লক্ষ বলে খবর। ২০১৯ সালে ছোট বোন সৌন্দর্য্যর বিয়ের সময় যে গয়না পরেন, তা টাইনামপেটের বাড়িতে রাখেন ঐশ্বর্য্য। বাড়ি থেকেই ৩.৬০ লক্ষের গয়না চুরি হয়ে যায় বলে খবর। যা প্রকাশ্যে আসতেই তা নিয়ে চাঞ্চল্য ছড়ায়। বাড়ি থেকে গয়না চুরির পর থানায় অভিযোগ দায়ের করেন রজনী-কন্যা। সোনার সঙ্গে হিরের গয়নাও ছিল ঐশ্বর্য্যর বাড়িতে। ফলে সোনা, হিরে মিলিয়ে যখন ৩.৬০ লক্ষের গয়না চুরি হয়ে যায়, সেই সময় পুলিশের দ্বারস্থ হন রজনী-কন্যা।

### রোগীর

● প্রথম পাতার পর

জিবি হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে অমিতাভ সরকার। তবে কি কারণে ওই যুবক আত্মহত্যা করার চেষ্টা করে সেই বিষয়ে তার পরিবারের লোকজনরা কিছুই জানেন না বলেই জানায়।

### অবস্থান

● প্রথম পাতার পর

করেন। এরমধ্যে একটি বন্য দাতাল হাতির শরীরে জিপিএস রেগুলেটর লাগানো হয়।

সেই বন্য দাতাল হাতির শরীরে জিপিএস রেগুলেটর দ্বিতীয়টি লাগানো হবে আগামী এপ্রিল মাসে। বন্য দাতাল হাতির তাণ্ডব কিভাবে প্রতিরোধ করা যায়, এছাড়াও বন্য দাঁতাল হাতির শরীরে জিপিএস রেগুলেটর লাগানোর উদ্দেশ্যটা হল দাঁতাল হাতির লোকেশন জানার জন্য।

### ছাত্রবৃত্তির

● প্রথম পাতার পর

দেখা দিয়েছে।

বিষয়টি নজরে আসার পর টিআইএসএফ সোমবার গোর্খা বস্তিতে উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার সঙ্গে সাক্ষাৎ করে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে। স্কলারশিপের জন্য আবেদন পত্র জমা দেওয়ার সময়সীমা বাড়ানোর জন্য দাবি জানানো হয়। উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা ৩১ মার্চ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করার আশ্বাস দিয়েছেন। তাতে সন্তোষ ব্যক্ত করেছে টি আইএএসএফ।

### শিশু সুরক্ষা

● প্রথম পাতার পর

দিয়ে গড়ে তুলতে হবে। সরকার শিশু সুরক্ষার জন্য বেশ কিছু প্রকল্প গ্রহণ করেছে বলে তিনি জানিয়েছেন। সম্পর্কে জানতে চাওয়া হলে তিনি বলেন এটি খুবই দুঃখজনক বিষয়। শিশুশ্রম বন্ধ করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি আসক্ত করেছেন। এ বিষয়ে তিনি অভিভাবকদের সহযোগিতা আহবান করে বলেন প্রতিটি শিশু যাতে শিক্ষাঙ্গনে যেতে পারে সেজন্য অভিভাবকদেরকেও দায়িত্ব গ্রহণ করতে হবে। সার্বিক প্রচেষ্টাতেই শিশুশ্রম বন্ধ করা সহ শিশু কল্যাণে কাজ করা সম্ভব বলেও অভিমত ব্যক্ত করেছেন নবনিযুক্ত চেয়ারপারসন।

### গ্রেপ্তার

● প্রথম পাতার পর

আটক করা হয়েছে তাদের জিজ্ঞাসাবাদ করে এই চক্রে জড়িত আরো বেশ কয়েকজনকে আটক করার জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে।

### বিজেপি

● প্রথম পাতার পর

নিশানায় রয়েছেন।

তাঁর কথায়, দল ইতিমধ্যে তাঁদের উদ্দেশ্যে কড়া বার্তা দিয়েছে। সাথে তিনি যোগ করেন, দ্বিতীয় পর্যায়ে বিজেপি ত্রিপুরায় নতুন এবং উদ্যমী কার্যকর্তাদের উপরের সারিতে তুলে আনবে। এক্ষেত্রে বড়সড় সাংগঠনিক রদবদল অপেক্ষা করছে, ইঙ্গিত দেন তিনি। তাঁর মতে, ২০১৮ সালে ত্রিপুরায় বিজেপি ক্ষমতায় আসার পর বড় সংখ্যায় বিভিন্ন দল ছেড়ে মানুষ বিজেপিতে যোগ দিয়েছেন। তাঁদের অনেকেই দলের গুরুদায়িত্ব পেয়েছেন। কিন্তু, বাস্তবে তাঁরা বিজেপিকে কতটা শক্তিশালী করেছেন এখন সেই মূল্যায়নের সময় এসেছে। দলের প্রকৃত অনুগতদের খুঁজে বের করার নীলনক্সা তৈরি হয়ে গেছে। এপ্রিল থেকেই সাফাই অভিযান শুরু হবে, হুশিয়ারি দিয়ে বলেন তিনি।

### মুখ্যমন্ত্রীর

● প্রথম পাতার পর

বিশাল ভূমিকা পালন করে। আমরা যা খাই তা মুখের মাধ্যমেই আমাদের শরীরে পৌঁছয়। এমতাবস্থায় যদি কোনও কারণে আমাদের মুখে কোনও সংক্রমণ বা রোগের প্রভাব পড়ে তাহলে আমাদের মুখ দিয়ে শরীরে প্রবেশ করা খাবারও দূষিত হতে পারে, যা অনেক ধরনের স্বাস্থ্য সমস্যা তৈরি করতে পারে। নিয়মিত দাঁত ও মুখ পরিষ্কার করলে অনেক রোগ ও সমস্যা থেকে রক্ষা পাওয়া যায়। এমন পরিস্থিতিতে মুখের স্বাস্থ্য বজায় রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে মানুষকে সচেতন করা এবং তাদের মুখের স্বাস্থ্য বজায় রাখতে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি বছর ২০ মার্চ আন্তর্জাতিক ওরাল হেলথ দিবস পালিত হয়।

২০০৭ সালে সর্বপ্রথম সকল বয়সের মানুষের মধ্যে মুখের স্বাস্থ্যের গুরুত্ব সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে দিবসটি পালনের আনুষ্ঠানিক সূচনা হয় । এই বছর বিশ্ব মৌখিক স্বাস্থ্য দিবস ২০২৩ ক্যাম্পেইন ”আপনার মুখের জন্য গর্বিত হও” প্রতিপাদ্য নিয়ে পালিত হচ্ছে। যার আওতায় সারাজীবন হাসিমুখের যত্ন নিতে সকল মানুষকে মুখের স্বাস্থ্যের যত্ন নেওয়ার আহ্বান জানানো হচ্ছে। প্রকৃতপক্ষে, সুস্থ মাড়ি, শক্তিশালী দাঁত, নিরপেক্ষ শ্বাস এবং একটি পরিষ্কার জিহ্বা ভালো শারীরিক ও মানসিক স্বাস্থ্যের লক্ষণ। কিন্তু কখনও কখনও এই সমস্যাগুলি যে কোনও শারীরিক রোগের কারণ হতে পারে না, এই সমস্যাগুলি কখনও কখনও অনেক সাধারণ এবং গুরুতর রোগের লক্ষণগুলির মধ্যেও গণ্য হয়।

### পরীক্ষার্থীরা

● প্রথম পাতার পর

অনুযায়ী মোহনপুর মহকুমার তিপরা একাডেমি ইংলিশ মিডিয়াম স্কুলের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে এই সমস্যা দেখা দিয়েছে। এই স্কুলের উচ্চ মাধ্যমিকের ছাত্র- ছাত্রীদের বাংলা হরফে লেখার জন্য বাধ্য করা হয়। যার ফলে পরীক্ষা সঠিক ভাবে দিতে পারেনি।

আবার একেই স্কুলের মাধ্যমিক পরীক্ষার্থীদের যে কোন হরফে লেখার সুযোগ দেওয়া হয়েছে। একই স্কুলে দুই ধরনের সিদ্ধান্ত কেন ! অন্যদিকে, অম্পি ও কাকড়াবন বিদ্যালয়ের ক্ষেত্রে একেই সমস্যা দেখা দিয়েছে। যদিও রাজ্যের অন্যান্য বিদ্যালয় গুলিতে ততটা সমস্যা হয়নি।ভারতের ছাত্র ফেডারেশন ও উপজাতি ছাত্র ইউনিয়ন এর পক্ষ থেকে দাবি জানানো হয় ককবরক বিষয়ে পরীক্ষার ক্ষেত্রে যে কয়েকটি স্কুলে হরফ নিয়ে সমস্যা তৈরী হয়েছে তার সমাধানে অতি দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য।

### মুলতুবি

● প্রথম পাতার পর

করেছেন এবং নিজেদের সমস্যার কথা জানিয়েছেন। এখন তাঁরা (দিল্লি পুলিশ) তাঁদের শনাক্ত করতে বলছে। আসলে কংগ্রেসকে দুর্বল করার চেষ্টা করছে বিজেপি, কিন্তু আমরা ভয় পাই না।’

উল্লেখ্য, গত বছরের ৭ সেপ্টেম্বর থেকে ‘ভারত জোড়ো যাত্রা’ কর্মসূচি শুরু করেছিলেন রাহুল গান্ধী। সেই পদযাত্রা শেষ হয় গত ৩০ জানুয়ারি। শ্রীনগরে এই কর্মসূচিতেই রাহুল বলেছিলেন, “শুনেছি, মহিলারা এখনও যৌন হেনস্থার শিকার হচ্ছেন।” কংগ্রেসের প্রাক্তন সভাপতির এই মন্তব্যের ভিত্তিতেই রবিবার সকাল ১০টায় দিল্লিতে ১২, তুঘলক রোডে রাহুলের বাড়িতে গিয়েছিল দিল্লি পুলিশের একটি দল। সেই দলের নেতৃত্বে ছিলেন বিশেষ কমিশনার (আইনশৃঙ্খলা) সাগরপ্রীত হুডা। পুলিশের দাবি, নারী নির্যাতনের অভিযোগ গুরুতর। তাই কোনও নির্যাতিতার সম্পর্কে রাহুলের কাছে তথ্য থাকলে তা জানান তিনি। সে ক্ষেত্রে নির্যাতিতাদের নিরাপত্তা দেওয়া হবে এবং তদন্ত শুরু করা হবে। এদিকে, রাহুল গান্ধীর ভারতীয় গণতন্ত্র সম্পর্কিত মন্তব্যের প্রেক্ষিতে এদিন মল্লিকার্জুন খাড়গে বলেছেন, ’তাঁরা সুযোগ দিলে তিনি (রাহুল গান্ধী) কথা বলবেন। গণতন্ত্রে যদি আমাদের কথা বলতে দেওয়া না হয় তাহলে চলবে কী করে?’

অঙ্গন

# কুশল ওপেন টেনিস সিঙ্গেলস টাইটেল পেয়েছে বাংলার অভিনাংশু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। কুশল স্মৃতি ওপেন টেনিসে পুরুষদের সিঙ্গেলস টাইটেল পেয়েছে বাংলার অভিনাংশু বড়ঠাকুর। সোমবার সকালে মালঞ্চ নিবাসস্থিত সিন্থেটিক টেনিস কোর্টে প্রতিযোগিতার ফাইনালে অভিনাংশু বাংলার-ই গতবারের চ্যাম্পিয়ন মোঃ ফারদিনকে ছয়-এক সেটে হারিয়ে টাইটেলস জিতে নিয়েছে। উল্লেখ্য, ১৭ মার্চ থেকে এই প্রতিযোগিতা শুরু হয়ে তিনদিনব্যাপী বেশ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ১৯তম কুশল জৈন স্মৃতি টুর্নামেন্ট শেষ হয়েছে। বৃষ্টিতে রবিবার বিকেলে পুরুষদের সিঙ্গেলস ফাইনাল ম্যাচটি স্থগিত রাখতে হয়েছিল। তা আজ সকালে অনুষ্ঠিত হয়েছে। পুরুষ ডাবলসে ওড়িশার চিন্ময় প্রধান ও অমৃতজয় মোহান্তি এবং মিক্সড ডাবলসে বাংলার অভিনাংশু বড়ঠাকুর ও অমৃতা উহেদার জুটি চ্যাম্পিয়ন হয়েছেন। বালক বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ত্রিপুরার তুইজিলাং দেববর্মা। অন্যান্য বারের মতো এবারও কুশল জৈন স্মৃতি ওপেন টেনিস টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সুজিত রায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

# অনূর্ধ-১৩ রাজ্য ক্রিকেটে বিলোনিয়ার নেতৃত্বে দ্বীপ্তনু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। বিলোনিয়া মহকুমার খুদে ক্রিকেট দলকে নেতৃত্ব দেবে দ্বীপ্তনু পাল। ডেপুটি হিসাবে থাকবে আকাশ হুসেন। রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেটে। অমরপুর মহকুমায় হবে রাজ্য আসরের বিলোনিয়া মহকুমার খেলা। তাতে ২৬ মার্চ উদয়পুর, ২৮ মার্চ সোনামুড়া, ২৯ মার্চ সাব্রুম এবং ১ এপ্রিল শান্তিরবাজার মহকুমার বিরুদ্ধে খেলবে বিলোনিয়া মহকুমা। আসরে সাফল্য পেতে জোড় কদমে প্রস্তুতি চলছে মহকুমার ক্রিকেটারদের। বিদ্যাপীঠ মাঠে। কোচ ভাস্কর নন্দীর বিশ্বাস রাজ্য আসরে সাফল্য পাবেই মহকুমা। মহকুমার সেরা ক্রিকেটারদের নেওয়া হয়েছে দলে। ঘোষিত দল: সন্দীপন চক্রবর্তী, আকাশ হুসেন (সহ অধিনায়ক), দ্বীপতনু পাল (জুনিয়র), প্রশান্ত বিশ্বাস,আজাজ মিঁয়া, দ্বীপ মজুমদার, দ্বীপতনু পাল (অধিনায়ক), দীপতনু বিশ্বাস, ত্রিশানু দত্ত, অপন ত্রিপুরা,রাজদ্বীপ মজুমদার, আয়ুষ পাল, দীপ্তনীল সাহা, শায়ন ঘোষ এবং অর্কনীড় দত্ত। স্ট্যান্ডবাই: শুভ দত্ত, মহ: শাকিল মিঁয়া এবং অভিনয় মজুমদার। কোচ: ভাস্কর নন্দী, ট্রেণার: শ্রীবাস মজুমদার।

# অনূর্ধ ১৩ রাজ্য ক্রিকেটে সোনামুড়া দল ঘোষিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। উদ্বোধনী ম্যাচে প্রতিপক্ষ সাব্রুম মহকুমা। অমরপুরের রাঙ্গামাটি স্কুল মাঠে হবে ম্যাচটি। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৩ ক্রিকেটে। ২৫ মার্চ থেকে শুরু হবে আসর। আসরে সাফল্য পাওয়ার জন্য জোড় প্রস্তুতি চলছে সোনামুড়া মহকুমার। মহকুমার স্পোর্টিং অ্যাসোসিয়েশন মাঠে। আসরে অংশগ্রহণের জন্য ১৪ সদস্যের মহকুমার দল ঘোষনা করা হয়েছে সোমবার। মহকুমা ক্রিকেট সংস্থার পক্ষ থেকে ক্রিকেটারদের নাম ঘোষনা করা হয়। আসরের সোনামুড়ার গ্রুপে সাব্রুম ছাড়া রয়েছে বিলোনিয়া, শান্তিরবাজার এবং উদয়পুর মহকুমা। ২৬ মার্চ শান্তিরবাজার, ২৮ মার্চ বিলোনিয়া এবং ২৯ মার্চ উদয়পুরের বিরুদ্ধে খেলবে সোনামুড়া মহকুমা। প্রতি গ্রুপ থেকে ১ টি করে দল সেমিফাইনালে পৌঁছে যাবে। নির্বাচিত ক্রিকেটাররা হলো: অনিরুদ্ধ দাস, দিবাকর দাস, প্রান্তিক চক্রবর্তী, সিদ্ধার্থ মজুমদার, অনিরুদ্ধ দেবনাথ, কুলদীপ সরকার, আরফান উদ্দিন, অর্ঘদ্বীপ দেবনাথ, মিনহাজ আহমেদ, সিয়াম হুসেন চৌধুরি, আকিব রসিদ, আরিয়ন পাল, শুভ্রপ্রতীক দাস এবং কৌশিক দেবনাথ।

## ক্রীড়া দপ্তরের উদ্যোগে পশ্চিম জেলা স্কিল ডেভেলপমেন্ট প্রশিক্ষণ শিবির

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। লক্ষ্য এবং উদ্দেশ্য একটাই, যুব সম্প্রদায়কে স্কিল ডেভেলপমেন্টের মাধ্যমে কর্মসংস্থানের দিকে উৎসাহিত করা। ঠিক এই উদ্দেশ্যকে সামনে রেখে সোমবার থেকে তিন দিনব্যাপী পশ্চিম জেলা স্তরীয় স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং ক্যাম্প ''২৩ শুরু হয়েছে। উদ্যোক্তা পশ্চিম জেলা যুব কল্যাণ ও ক্রীড়া অফিস। বেলা এগারোটায় নাগিছড়ায় হর্টিকালচার রিসোর্স ট্রেনিং সেন্টারে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমং মগ। অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি হিসেবে যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের অ্যাসোসিয়েট প্রফেসর ড় চিত্রজিৎ ভৌমিক, হর্টিকালচার দপ্তরের উপ-অধিকতা ড় রাজীব ঘোষ, পশ্চিম জেলা স্কুল স্পোর্টস বোর্ডের জয়েন্ট-সেক্রেটারি অপু রায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পৌরহিত্য করেন অবসরপ্রাপ্ত ইয়ুথ প্রোগ্রাম অফিসার কৃষ্ণকান্ত ভট্টাচার্য। পশ্চিম জেলা যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা দিবাকর দেবনাথ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

## প্রাক্তন রেফারি নিতাই পাল প্রয়াত : শোক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। মারা গেলেন নিতাই পাল। তিনি ছিলেন রাজ্য রেফারি সংস্থার সদস্য। পাশাপাশি প্রাক্তন রেফারিও। মৃত্যুকালে ওনার বয়স হয়েছিলো ৭০। রবিবার বিকেলে রাধানগর নিজ বাড়িতেই স্ট্রোক করেন তিনি। মৃত্যু কালে দুই ছেলে রেখে গেচেন। রাজ্য রেফারি সংস্থার পক্ষ থেকে গভীর শোক জানানো হয়েছে। রেফারি সংস্থার সচিব নারায়ন দে ওনার শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। ফুটবল মহলের বিভিন্ন সংস্থা থেকে নিতাই পালের অকাল প্রয়াণে গভীর শোক জানানো হচ্ছে।

# প্রেসক্লাবে স্পোর্টস এন্ড গেমস ফেস্ট শুরু, লুডোয় চ্যাম্পিয়ন স্বরূপা নাহা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। বেশ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে আগরতলা প্রেসক্লাব আয়োজিত গেমস এন্ড স্পোর্টস ফেস্ট -''২৩ শুরু হয়েছে আজ। অন্যান্য বছরের মতো এবারও আগরতলা প্রেসক্লাবের সদস্য-সদস্যাদের মধ্যে ইনডোর-আউটডোর গেমস-এর পাশাপাশি নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে। লুডো প্রতিযোগিতা দিয়ে এর সূচনা হলেও ক্রমান্বয়ে চাইনিজ চেকার, দাবা, ক্রিকেট, ক্যারাম, টেবিল টেনিস, ব্যাডমিন্টন এবং নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে। সোমবারে অনুষ্ঠিত লুডো প্রতিযোগিতায় স্বরূপা নাহা চ্যাম্পিয়ন এবং সুস্মিতা রায় সেন রানার্স হয়েছেন। তৃতীয় স্থান পেয়েছেন সন্তোষ গোপ। সেমিফাইনাল পর্যায়ের খেলায় বাপন দাসকে হারিয়ে স্বরূপা নাহা এবং সন্তোষ গোপকে হারিয়ে সুস্মিতা রায় সেন ফাইনালে পরস্পরের মুখোমুখি হয়েছিল। প্রতিযোগিতায় মোট ৩২ জন খেলোয়াড় অংশ নিয়েছেন। উল্লেখ্য, প্রতিযোগিতা শুরুর প্রাক্কালে আনুষ্ঠানিক উদ্বোধন পর্বে রাজ্যের কৃতি অ্যাথলেট পূর্বোত্তর অলিম্পিকে স্বর্ণপদক বিজয়ী রিয়া দেবনাথ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে এর আগে রিয়াকে আগরতলা প্রেসক্লাবের পক্ষ থেকে স্পোর্টস সাব-কমিটির চেয়ারম্যান অলক ঘোষ সংবর্ধনা জ্ঞাপন করেন। স্বাগত ভাষণ রাখেন স্পোর্টস সাব-কমিটির কনভেনের অভিষেক দে। চেয়ারম্যান অলক ঘোষ এবং আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। প্রেস ক্লাবের সম্পাদক রমাকান্ত দে সহ অন্যান্য কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান ও গেমস পরিচালনায় ছিলেন বরিষ্ঠ সাংবাদিক সুপ্রভাত দেবনাথ। উল্লেখ্য, আগামী ২২ মার্চে চাইনিজ চেকার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেককেই ঠিক এগারোটার মধ্যে প্রেস ক্লাবের কনফারেন্স হলে রিপোর্ট করতে বলা হচ্ছে।

# তপন স্মৃতি নকআউট ক্রিকেটের দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। নকআউট ক্রিকেটের কোয়ার্টার ফাইনাল পর্যায়ের খেলা শুরু হচ্ছে আগামীকাল থেকে। উদ্যোক্তা ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। টুর্নামেন্ট তপন স্মৃতি নকআউট ক্রিকেটের আসর। ইতোমধ্যে প্রি-কোয়ার্টার ফাইনালের ছয়টি ম্যাচ শেষে আগামীকাল থেকে শুরু হচ্ছে কোয়ার্টার ফাইনাল খেলা। আগামীকাল এমবিবি স্টেডিয়ামে কসমোপলিটন খেলবে জয়নগর ক্রিকেট ক্লাব তথা জেসিসি-র বিরুদ্ধে।

নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে অপর কোয়ার্টার ফাইনালে এবারকার সুপার ডিভিশন ক্রিকেটে রানার্স ইউনাইটেড ফ্রেন্ডস খেলবে পোলস্টার ক্লাবের বিরুদ্ধে। উল্লেখ্য, প্রথম প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচে জয়নগর ক্রিকেট ক্লাব ৯ উইকেটের ব্যবধানে বনমালীপুর ক্রিকেট ক্লাব তথা বিসিসি-কে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উন্নীত হয়েছে। ১৭ মার্চেই অপর প্রি-কোয়ার্টার ফাইনালে ইউনাইটেড ফ্রেন্ডস আট উইকেটের ব্যবধানে মৌচাক ক্লাবকে এবং পোলস্টার ক্লাব ৩৫ রানের ব্যবধানে ইউনাইটেড বিএসটি-কে পরাজিত করে শেষ আটে খেলার ছাড়পত্র পেয়েছে। উল্লেখ্য, ২৩ মার্চ টুর্নামেন্টের অপর দুটি কোয়ার্টার ফাইনালে সংহতি ও চলমান সংঘ এবং ওল্ড প্লে সেন্টার ও স্ফুলিঙ্গ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে।

# প: জেলার ৬টি গার্লস স্কুলকে নিয়ে ক্রিকেট টুর্নামেন্ট এপ্রিলে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। অংশ নেবে ৬ টি স্কুল দল। প্রথমবর্ষ পশ্চিম জেলা অনূর্ধ-১৭ আন্ত: স্কুল বালিকাদের ক্রিকেটে। সম্ভবতঃ এপ্রিল মাসের প্রথম সপ্তাহে শুরু হবে আসর। সোমবার আসরে অংশ নেওয়ার জন্য এন্টির শেষ দিন ছিলো।

প্রথমবর্ষ আসরে অংশ নেওয়ার জন্য নাম নথিভুক্ত করেছে: বিদ্যাসাগর বালিকা বিদ্যালয়, পরমানন্দ বিদ্যামন্দির, বড়দোয়ালি স্কুল, ভবনস ত্রিপুরা বিদ্যামন্দির, আসাম রাইফেলস এবং নন্দননগর স্কুল। এবছর পরীক্ষামূলকভাবে ওই আসর শুরু করছে রাজ্য ক্রিকেট সংস্থা।

আগামীবছর থেকে রাজ্য আসর করারও পরিকল্পনা রয়েছে। লক্ষ্য একটাই, স্কুল স্তর থেকে প্রতিভাবান ক্রিকেটার বের করে আনা। এবছর থেকে বি সি সি আই শুরু করছে অনূর্ধ-১৫ বালিকাদের ক্রিকেট। তা মাথায় রেখেই স্কুল ক্রিকেট শুরু করার এই উদ্যোগ।

# প্রস্তুতি ম্যাচে আজ উদয়পুর-অমরপুর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।। রাজ্য অনূর্ধ-১৩ ক্রিকেট শুরু ২৫ মার্চ থেকে। এবছর দক্ষিণ জেলার খেলা হবে অমরপুর মহকুমায়। তাতে ২৫ মার্চ শান্তিরবাজার, ২৬ মার্চ বিলোনিয়া, ২৯ মার্চ সোনামুড়া এবং ১ এপ্রিল সাব্রুমের বিরুদ্ধে খেলবে উদয়পুর মহকুমা। আসরে অংশ নেওয়ার আগে নিজেদের প্রস্তুতি দেখতে আজ প্রীতি ম্যাচ খেলবে গোমতি জেলার ওই মহকুমা। অমরপুর অনূর্ধ-১৩ দলের বিরুদ্ধে। চন্ডিবাড়ি স্কুল মাঠে হবে ম্যাচটি। ওই ম্যাচে খেলার জন্য ১৫ সদস্যের মহকুমার দল ঘোষনা করা হয়েছে। দলকে নেতৃত্ব দেবে প্রতিভাবান অলরাউন্ডার শ্রীমন দেবনাথ। ঘোষিত দল: শ্রীমন দেবনাথ (অধিনায়ক), সুরজিৎ দেবনাথ, রাজদীপ ঘোষ, সাহিন পোদ্দার, সোমদেব শীল, মর্জি হুসেন, শ্রীশান্ত দাস, বীপ্রজিৎ দাস, রাইহান উল্লা, সুবীর বৈদ্য, কৃষান দাস, বীরজিৎ দাস, প্রণজিৎ দেব, শুভজিৎ বর্ধন এবং মনিষ মজুমদার। কোচ: সুবল চৌধুরি, ট্রেণার: সহিদুল হুসেন।

**PRESS NOTICE INVITING e-TENDER NO: e-PT- 64/EE/RD/KGT/DIV/2022-23, Dt. 15/03/2023**

On behalf of the Governor of Tripura, The Executive Engineer, R D Kumarghat Division, Kumarghat, Unakoti, Tripura invites item rate e-tender on double bid system from the eligible bidders up to 2.00 P.M. of 29/03/2023 for transportation R.D Store materials. For details visit website https://tripuratenders.gov.in/ eprocure.gov.in and may contact at ph. No.9612590474 (M)/ e- mail-eenikgt@gmail.com. Any subsequent corrigendum will be available in the website only.

Executive Engineer
RD Kumarghat Division

ICA/C-4517/23

**Short Notice Inviting e-Tender.**

NIT No. F.1(4)TGP/Punching Machine/2021/
The Notice invites e-Tender from bona fide registered manufacturers or registered authorised dealers/Suppliers/ Govt. Registered Co-Operative Society for supply of 1-item Automatic Knife Sharpening Paper Cutting Blade Grinding machine for use in Tripura Govt. Press. Pre-Bid meeting: 31.03.2023 at 3:00 PM. Last date on Bid submission:17-04-2023 at 6:00 PM. For more details please contact office of the Procurement Section, Tripura Govt. Press to collect a copy of full version of the NIT. or download through e-Procurement website of Government of Tripura, https:// tripuratenders.gov.in

(Barun Debbarma)
Dy. Director,
GA. ( Printing & Stationery ) Department

ICA/C-4510/23

**PRESS NOTICE INVITING TENDER NO. 36/EE/DWS/BLN/2023-23**

| Sl No | Name of the work and DNIT No | Estimated cost | Last date of receiving of application | Last date of issue of Tender Form | Last date of Dropping of Tender |
|---|---|---|---|---|---|
| 01. | Hiring of M&M Bolero model not earlier than 2021 for DWS Division, Belonia for the period of 1 (One) year. DNIT NO:- 144/EE/DWS/BLN/2022-23 | ₹ 4,00,890/- | Upto 4.00PM on 28.03.2023 | Upto 4.00PM on 30.03.2023 | Upto 3.00PM on 03.04.2023 |
| 02. | Hiring of Maruti Van (Omni / Eeco) model not earlier than 2018 for DWS Sub-Division, Sabroom for the period of 1 (One) year. DNIT NO:- 145/EE/DWS/BLN/2022-23 | ₹ 3,14,640/- | | | |
| 03. | Hiring of Maruti Van (Omni / Eeco) model not earlier than 2018 for DWS Sub-Division, Barpathari for the period of 1 (One) year. DNIT NO:- 146/EE/DWS/BLN/2022-23 | ₹ 3,14,640/- | | | |

All other necessary information can be seen in the Office of the Executive Engineer, DWS Division,Belonia during office hour.

Executive Engineer
DWS Division Belonia
Belonia, South Tripura
"Conserve Water and Save Life"

ICA/C-4507/23

**CLAIMANT NOTICE**

Following articles (vehicle) were seized by the Forest Department, Sadar Forest Sub Division. Under sec -2 under section 52 (A) Indian Forest Act 1927 and rules made there under.

| SL. No. | Name of Article | Registration No. | Engine No. & Chassis No. | Date & Time of seizure | By Whom |
|---|---|---|---|---|---|
| 01. | TATA TIPPER | TR01-AH-1613 | Engine No:- Nil & Chassis No: - Nil | 11.01.2023 at 02:00 pm | Sri Priyalal Sen, Fr, A/o FPU Sadar |

Therefore, in exercise of power under Indian Forest Act it is contemplated to confiscate the said vehicle for its use in commission of forest offence. Therefore it is once again brought to the notice of legal owner of above mentioned seized articles to prefer his/her/their claim to the Authorized Officer (Sub Divisional Forest Officer Sadar Sub Division, Agartala.) within 25 (twenty five) days from the date of issue of the notice alongwith legal relevant documents supporting ownership, failing which the decision regarding the confiscation of all the article seized shall be taken ex-parte.
Issued under my seal and signature of this day on 14-03-2023

(K. Debbarma, TFS)
Sub Divisional Forest Officer
Sadar Sub Division, Agartala

ICA/D-2199/23

**PNIT NO: ePT62/EE/RD/KCP/DIV/2022-23 Dt. 17.03.2023**

The Executive Engineer, R.D Kanchanpur Division, North Tripura invites tender from eligible bidders up to 11.00 AM on 28.03.2023 for 05 (FIVE) No. projects under R.D. Kanchanpur Division during the year 2022-23. For details visit https:// tripuratenders.gov.in or contact at Mobile No: 7085862819 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

Execitive Engineer
RD Kanchanpur Division
Kanchanpur, North Tripura

ICA/C-4522/23

**PRESS NOTICE INVITING TENDER NO: - 09/SDO/IES/DMR/ 2022-2023 DATED: -13/03/2023**

The Sub-Divisional officer, Internal Electrification Sub-Division, Dharmanagar invites on behalf of the Governor of Tripura sealed- percentage rate tender in P.W.D. Form TRI-7 for the following works up to 5.00 P.M. on 30/03/2023 from the eligible, financially capable and experienced Internal Enlisted Contractors of appropriate class of Tripura PWD/ MES/ RAILWAYS/ CPWD having valid Electrical License of Tripura Government.

| Sl No | DNIT NO. | Estimated Cost | Earnest Money | Last Date and Time for receipt of application for issue of tender form | Time for Completion |
|---|---|---|---|---|---|
| 1 | D.N.I.T. No/SDO/IES/DMR/17/2022-2023 | ₹ 99396.00 | ₹ 1988.00 | Up to 16.00 Hrs on 28/03/2023 | 15 (Fifteen) Days |
| 2 | D.N.I.T. No/SDO/IES/DMR/18/2022-2023 | ₹ 155802.00 | ₹ 3116.00 | | 15 (Fifteen) Days |
| 3 | D.N.I.T. No/SDO/IES/DMR/20/2022-2023 | ₹ 119426.00 | ₹ 2389.00 | | 120(one hundred twenty) Days |

Details Tender Notice May be Seen in Office of the Sub-Divisional Officer (Electrical) Internal Electrification Subdivision Dharmanagar.

(Er. S.R. Chakraborti)
Sub-Divisional Officer (Elect.
Internal Electrification Sub- Division
Dharmanagar, North Tripura

ICA/C-4519/23

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■Postal Regd. No. AGT/NE-928/2021-2023




সোমবার নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জাপানের প্রধানমন্ত্রী ফুমিদো কিসিদা এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

# খোয়াইয়ে সুস্থ শৈশব সুস্থ কিশোর অভিযানের আনুষ্ঠানিক সূচনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান ৪.০ বাইজালবাড়ি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে খোয়াই জেলা ভিত্তিক অনুষ্ঠানের সূচনা হয়। ২০ মার্চ থেকে ২৮ শে মার্চ পর্যন্ত রাজ্য জুড়ে পালিত হবে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান ৪.০। ১৮ মার্চ দক্ষিণ ত্রিপুরা জেলার দক্ষিণী টাউন হলে এর শুভ সূচনা করেন মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা। শিশু ও কিশোর কিশোরীদের জনস্বাস্থ্য কর্মসূচির সঠিক বাস্তবায়ন করার লক্ষ্যে ত্রিপুরা সরকার ২০২১ সালের সেপ্টেম্বর মাসে এই অভিযানের বিশেষ সূচনা করেছে। অন্তে কৃমি সংক্রমণ, ভিটামিন -এ -র অভাবে, শৈশবে ডায়রিয়া এবং আয়রন ও ফলিক এসিডের অভাব মানুষ স্বাস্থ্যের জন্য একটি উদ্বেগ জনক বিষয়। এসব ঘাটতি শিশুর পুষ্টি গ্রহণের বাধা সৃষ্টি করে এবং শিশু বা কিশোর কিশোরীরা অপুষ্টি ও রক্ত স্বল্পতায় ভুগে। এর পাশাপাশি তাদের শারীরিক ও মানসিক বিকাশ ব্যাহত হয়। শিশু ও কিশোর কিশোরীদের সুস্থ রাখতে, তাদের পুষ্টির বিকাশ, শারীরিক ও জ্ঞানগত ক্ষমতার বিকাশের জন্য মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কিশোর অভিযান ৪.০। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, বিদ্যালয় শিক্ষা দপ্তর, উচ্চশিক্ষা দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরে যৌথ উদ্যোগে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থকৈশোর অভিযান ৪.০ বাস্তবায়ন করার আহ্বান রাখলেন বাইজালবাড়ি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে সোমবার জেলা ভিত্তিক অনুষ্ঠানের সূচনা হয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জেলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মণ, খোয়াই জেলার জেলাশাসক ডি কে চাকমা, মুখ্য স্বাস্থ্য আধিকারিক নির্মল সরকার সহ অন্যান্য অতিথিরা। এদিন বক্তব্য রাখতে গিয়ে জেলাশাসক বলেন, মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান-৪' এ কর্মসূচির মাধ্যমে শিশু ও কিশোর বয়সের ছেলে-মেয়েদের বিভিন্ন রোগের প্রতিষেধক ওষুধ দেওয়া হবে। শিশু ও কিশোর বয়সের ছেলে-মেয়েদের শারীরিক ও মানসিক বিকাশে বিশেষ গুরুত্ব দিতে হবে এবং যত্নবান হতে হবে। স্বাস্থ্য ঠিক থাকলে ছেলে-মেয়েদের ভবিষ্যৎ উজ্জ্বল হবে। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা সভাধিপতি বলেন, অভিযানের মাধ্যমে আজ থেকে ২৮ মার্চ পর্যন্ত সরকারি, বেসরকারি, আধা সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যকর্মীরা শিক্ষার্থীদের বিভিন্ন ওষুধ খাওয়াবেন। এদিন পরবর্তীতে স্কুলের ছাত্র-ছাত্রীদের কৃমিনাশক ঔষধ খাওয়ানো হয়।

## এডি নগরে পশ্চিম জেলা ভিত্তিক সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান শুরু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** সোমবার আগরতলা পুর নিগমের অরুন্ধতী নগর স্থিত ৩৯ নম্বর ওয়ার্ড অফিসে সুস্থ শৈশব সুস্থকৈশোর অভিযান ৪,০ পশ্চিম জেলা ভিত্তিক কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হয়েছে। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার সুস্থ শৈশব ও সুস্থ কৈশোর অভিযান সংগঠিত করার যে পরিকল্পনা গ্রহণ করেছে তাকে সার্বিকভাবে সফল করার লক্ষ্যে রাজ্যেও বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। রাজ্য স্বাস্থ্য দপ্তর গোটা রাজ্যে এই কর্মসূচিকে সঠিকভাবে রূপায়ণের জন্য বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। প্রতিটি জেলায় জেলা ভিত্তিক কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হয় সোমবার। এই কর্মসূচির অঙ্গ হিসেবে রাজধানী আগরতলা শহরের অরুন্ধতীনগর স্থিত ৩৯ নম্বর ওয়ার্ড অফিসে পশ্চিম জেলা ভিত্তিক সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হয়। সোমবার জেলা ভিত্তিক এই অনুষ্ঠানে ছিলেন ৩৯ নম্বর ওয়ার্ডের কর্পোরেটর অলক রায় ও পৌরনিগমের মেয়র দীপক মজুমদার, মুখ্য স্বাস্থ্য আধিকারিক দেবাশীষ দাস সহ অন্যান্যরা। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার এই কর্মসূচিকে সঠিকভাবে রূপায়ণের জন্য সকলের প্রতি আহ্বান জানান।

## ২৬ মার্চ বড়দোয়ালি মন্ডলে রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** আগামী ২৬ মার্চ বড়দোয়ালি মন্ডল কার্যালয়ে রক্তদান শিবির, রাজ্যের মুখ্যমন্ত্রীকে সম্বর্ধনা এবং মন কি বাত অনুষ্ঠান শোনার বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ২৬ মার্চ বড়দোয়ালি মন্ডল কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। রক্তদান শিবিরের আনুষ্ঠানিক সূচনা করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা। এদিন এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহাকে বড়দোয়ালি মন্ডলের তরফ থেকে সংবর্ধনা জ্ঞাপন করা হবে। এছাড়া প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনার জন্য ব্যবস্থা করা হবে। সোমবার মন্ডল কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হয়। রক্তদান শিবিরে শতাধিক ইউনিট রক্তদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলেও জানানো হয়েছে। রক্তদান শিবিরে শামিল হয়ে রক্তদানে অংশগ্রহণ করার জন্য সকলের প্রতি মন্ডল কর্মকর্তাদের তরফ থেকে আহ্বান জানানো হয়েছে।

# বিধায়ীকাকে সম্বর্ধনা অটোরিস্কা শ্রমিক সংঘের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** কমলাসাগর বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত বিধায়িকা অন্তরা দেব সরকারকে সংবর্ধনা জ্ঞাপন করল অটো রিক্সা শ্রমিক সংঘ। গকুলনগর অটো রিক্সা শ্রমিক সংঘের তরফে কমলাসাগর বিধানসভার নবনির্বাচিত বিধায়িকা অন্তরা দেব সরকারকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়েছে। সোমবার গকুলনগর কমিউনিটি প্রেক্ষাগৃহে আয়োজিত এই সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অটো রিক্সা শ্রমিক সংঘের সভাপতি রতন দাস, অটো রিস্কার জেলা সভাপতি বলাই দেবনাথ, অটো রিস্কা রাজ্য সম্পাদক শংকর দেবনাথ, রাজ্য কমিটির সদস্য কাজল সরকার, মন্ডল সভাপতি সুবীর চৌধুরী ,সহ-সভাপতি হরে কৃষ্ণ ধর, সিপাহীজলা জেলা যুব মোর্চার সভাপতি দীপ্তনু দাস সহ অন্যান্যরা। এদিনের এই সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়িকা অন্তরা দেব সরকার বলেন, বিগত দিনে যে কমলাসাগর লালেদের দুর্গ হিসেবে চিহ্নিত ছিল অটো রিক্সা শ্রমিক সংঘ সহ গোটা এলাকার প্রত্যেকটা কার্যকতা এবং যুবকদের অগ্রণী ভূমিকায় বিজেপির জয় নিশ্চিত হয়েছে। তাই আগামী দিনে রাজ্য সরকার এবং এলাকার বিধায়িকা প্রধানমন্ত্রীর 'সবকা সাথ, সবকা বিকাশের' মন্ত্রেই কাজ করবেন বলে জানান বিধায়িকা অন্তরা দেব সরকার। তাছাড়া মজদুর সংঘ বিধায়িকার নিকট কিছু দাবি সনদ তুলে ধরে। তার মধ্যে রয়েছে রাস্তার মাথায় অটো স্ট্যান্ড, শ্রমিকদের শ্রম কার্ড প্রদান প্রভৃতি।

# এবার দেউলিয়া ক্রেডিট সুইস ব্যাংক, অধিগ্রহণ করতে এগিয়ে এসেছে ইউবিএস এজি

ওকল্যান্ড, ২০ মার্চ (হি.স.) : পরপর বন্ধ হয়েছে দুই মার্কিন ব্যাংক। এবার তার প্রভাব পড়ল ইউরোপেও। এবার বিপর্যয়ের দ্বারপ্রান্তে সুইজারল্যান্ডের অন্যতম আর্থিক প্রতিষ্ঠান ক্রেডিট সুইস ব্যাংক। বন্ধের ঝুঁকিতে পড়েছে দেশটির ১৬৭ বছরের পুরোনো ব্যাংকটি। এমন অবস্থায় আর্থিক প্রতিষ্ঠানটি অধিগ্রহণ করতে এগিয়ে এসেছে সুইজারল্যান্ডের সবচেয়ে বড় ব্যাংক ইউবিএস এজি। তবে প্রতিষ্ঠানটি এই ব্যাংক কিনতে সরকারের কাছে ৬ বিলিয়ন ডলারের নিশ্চয়তা চেয়েছে।

আলোচনার বিষয়ে অবগত আছেন এমন এক ব্যক্তি বলেন, সুইস ব্যাংকের প্রতি গ্রাহকদের আস্থা ফিরিয়ে আনতে দুইপক্ষ একসঙ্গে একটি চুক্তির দিকে হাঁটছে। সংশ্লিষ্ট দুই ব্যক্তি জানিয়েছেন, ইউবিএস সরকারের কাছে ৬ বিলিয়ন ডলারের গ্যারান্টি চাইছে।

একটি সূত্র সতর্ক করে জানিয়েছে, ক্রেডিট সুইসের আস্থার সংকট সমাধানের জন্য আলোচনা উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হচ্ছে। দুই ব্যাংক এক হলে ১০ হাজার কর্মী ছাঁটাই হতে পারে।তবে এ বিষয়ে ক্রেডিট সুইস, ইউবিএস ও সুইস সরকার কোনও মন্তব্য করেনি।

ক্রেডিট সুইস ব্যাংকের সবচেয়ে বড় শেয়ারহোল্ডার সৌদি ন্যাশনাল ব্যাংক। সৌদি ন্যাশনাল ব্যাংক নতুন ফান্ড দিতে অস্বীকৃতি জানানোর পর গত বুধবার একদিনেই শেয়ারের ৩০ শতাংশ দর পতন ঘটে ক্রেডিট সুইস ব্যাংকের। ১৬ মার্চের প্রথম দিকে, ক্রেডিট সুইস জানায়, তারল্য বাড়াতে কেন্দ্রীয় ব্যাংক থেকে ৫ হাজার ৪০০ কোটি ডলার ঋণ নেওয়া হবে।

সম্প্রতি যুক্তরাষ্ট্রে বড় দুটি ব্যাংক বন্ধ হয়ে গেছে। অর্থ সংকটে পড়ে দেউলিয়া হয়ে যায় দেশটির সিলিকন ভ্যালি ব্যাংক ও সিগনেচার ব্যাংক। এর জেরে দেশটির ব্যাংকিং খাতে চরম উদ্বেগ দেখা দিয়েছে।

# মার্চের তুষারপাত আনন্দের তুলনায় চিন্তা বাড়াচ্ছে বেশি, দুঃশ্চিন্তায় কাশ্মীরের চাষিরা

শ্রীনগর, ২০ মার্চ (হি.স.): মার্চ মাসের তুষারপাত আনন্দের তুলনায় চিন্তাই বড্ড বেশি বাড়াচ্ছে কাশ্মীরের আপেল চাষিদের। জম্মু ও কাশ্মীরের ডোডা জেলার উপরের অংশে মার্চের শেষের দিকে তুষারপাত বাসিন্দাদের উদ্বিগ্ন করে তুলেছে, বাগান মালিকরা ক্ষতির আশঙ্কা করছেন। প্রশাসনের পক্ষ থেকে জনগণকে তুষারপাত প্রবণ এলাকার কাছাকাছি না যাওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। সোমবার সকালে ভদেরওয়াহ-বশোলি-পাঠানকোট এবং ভাদেরওয়াহ-চাম্বা আন্তঃরাজ্য সড়কে যানবাহন চলাচল বন্ধ করে দেওয়া হয়।

কৃষকরা বিশেষ করে ফল চাষিরা দাবি করেছেন, দীর্ঘকাল পরে ২০ মার্চ এলাকায় তুষারপাত হয়েছে, স্বাভাবিকভাবেই এই তুষারপাতের জন্য তাঁরা অপ্রস্তুত, অনেকেই বাগানে কাজও শুরু করে দিয়েছেন। আপেল চাষিরা তো ক্ষতির সম্মুখীন হচ্ছেনই, ইতিমধ্যেই যে সমস্ত জমিতে ভুট্টার চাষ শুরু হয়েছে, সেখানেও ক্ষতি হয়েছে। এবার এপ্রিকট, বাদাম, পীচ এবং আখরোটের ভাল ফলন হবে বলে কৃষকরা আশা করেছিলেন, কিন্তু তাঁদের আশায় জল ঢেলে দিয়েছে অকস্মাৎ তুষারপাত।

## দিল্লির রাম মনোহর লোহিয়া হাসপাতালে নিয়ে যাওয়া হল অসুস্থ অনুব্রতকে

নয়াদিল্লি, ২০ মার্চ (হি. স.) : ইডি হেফাজতে আচমকাই অসুস্থ হয়ে পড়লেন তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল। রবিবার রাতে আচমকাই শরীর খারাপ হয়ে পড়ে বীরভূমের এই নেতার। শ্বাসকষ্ট শুরু হয় তাঁর বলে সূত্রের দাবি। ইডি সূত্রে জানা গিয়েছে, সোমবার সকালে দিল্লির রাম মনোহর লোহিয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয় অনুব্রতকে। দীর্ঘক্ষণ তাঁর স্বাস্থ্য পরীক্ষা করেন চিকিৎসকরা।

সূত্র মারফত জানা গিয়েছে, রবিবার রাতে ইনহেলার ব্যবহার করেন অনুব্রত।

এরপর সোমবার সকালে ৯টা ৩৫ নাগাদ তিনি রাম মনোহর লোহিয়া হাসপাতালে যান।

প্রসঙ্গত, গরু পাচার মামলায় সিবিআইয়ের হাতে গ্রেফতার হন অনুব্রত মণ্ডল। গত বছর ১৪ মার্চ বীরভূমের নিচুপট্টির বাড়ি থেকে অনুব্রত মণ্ডলকে গ্রেফতার করা হয়। এরপর সিবিআই হেফাজতে ছিলেন তিনি।

## টিএইচপিসিএলের চেয়ারপার্সনের দায়িত্ব পেলেন পাতাল কন্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** ত্রিপুরা রিহেভিলেশন প্লান্টেশন কর্পোরেশন লিমিটেড চেয়ারম্যান পরে দায়িত্বভার গ্রহণ করলেন পাতাল কন্যা জমাতিয়া। দায়িত্বভার গ্রহণ করে তিনি বলেন বর্তমান সরকার এক্ষেত্রে তাকে যে গুরু দায়িত্ব অর্পণ করেছে সেই দায়িত্ব তিনি যথাযথভাবে পালন করার চেষ্টা করবেন। এ ব্যাপারে তিনি দপ্তরের আধিকারিক সহ সর্বস্তরের কর্মীবৃন্দ ও জনগণের সার্বিক সহযোগিতা আহ্বান করেছেন।

## তপস্থলি বৈদিক আশ্রম পরিদর্শন করলেন প্রোটেম স্পীকার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** ধর্মনগরের শনি ছড়া গ্রামে অবস্থিত তপস্থলি বৈদিক আশ্রম পরিদর্শন করলেন প্রোটেম স্পিকার বিনয় ভূষণ দাস। সপরিবারে তিনি সেখানে গেলে আশ্রমের নিয়ম নীতি মেনে তাদেরকে বরণ করা হয়। অত্যন্ত আনন্দ ও উল্লাসের মধ্য দিয়ে মহাদেব তপস্থলী বৈদিক আশ্রম ও কন্যা গুলোকুলের দশম বার্ষিক উৎসব অনুষ্ঠিত হতে চলেছে উত্তর ত্রিপুরা ধর্মনগরের ছনিছড়া গ্রামে। এই অনুষ্ঠানকে সামনে রেখে প্রতিদিন চলেছে মহাযজ্ঞ। সোমবার এই আশ্রম এবং যজ্ঞ পরিদর্শনে সপরিবারে উপস্থিত হন রাজ্যের প্রোটেম স্পিকার বিনয় ভূষণ দাস। তিনি যজ্ঞে যোগদান করেন।আশ্রম এর পক্ষ থেকে উনাকে গুরুকুলের নিয়ম মেনে বরণ করা হয়। জানা গেছে যখন এ আশ্রমের বিশেষ উৎসব অনুষ্ঠিত হবে তখন তিনি বিধানসভা অধিবেশনের জন্য থাকতে পারবেন না। তাই আগেই অর্থাৎ সোমবারে সপরিবারে এলাকা পরিদর্শন করেন এবং গুরুকুলের যে মাহাত্ম্য তা অনুধাবন করেন। আগামী ২৫ থেকে ২৭ শে মার্চ পর্যন্ত এই অনুষ্ঠান চলতে থাকবে বলে সংস্থার সম্পাদক রানা সিংহ জানান। এই অনুষ্ঠানে ভারতবর্ষের নিউ দিল্লি, হরিয়ানা, উত্তরপ্রদেশ, আসাম ত্রিপুরা সহ প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ থেকেও আমন্ত্রিত অতিথিরা অংশগ্রহণ করবেন। এই অনুষ্ঠানের অঙ্গ হিসেবে থাকবে কবি সম্মেলন,যোগ ব্যায়াম, প্রবচন, রাষ্ট্র সম্মেলন,বেধ সম্মেলন ,যুবা ও মহিলা, সম্মেলন গীতা সম্মেলন এবং বিষ্ণুপ্রিয়া মনিপুরী ভাষা আন্দোলনে অংশগ্রহণকারী আমরণ অনশণকারীদের সম্বর্ধনা অনুষ্ঠান। এই অনুষ্ঠানকে সার্বিক সাফল্যমণ্ডিত করে তুলবার জন্য সংস্কৃতি প্রেমিক আপামর জনসাধারণের অংশগ্রহণের জন্য সংস্থার পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয়।

## ধর্মনগরে আটক তিন রোহিঙ্গ

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২০ মার্চ।।** গতকাল ২০ নং পানিসাগর হেডকোয়ার্টার সীমান্ত সুরক্ষা বাহিনীর হাতে গোপন সংঘবাদের ভিত্তিতে তিনজন রোহিঙ্গাকে আটক করেছিল ধর্মনগর রেলওয়ে স্টেশন চত্বরের বাইরে থেকে। তাদেরকে আজ ধর্মনগর আরক্ষা দপ্তরের হাতে তুলে দেয় সীমান্ত সুরক্ষা বাহিনী। ধৃতদের নাম মোঃ নাসির ২০ বছর, মোঃ ইসমাইল ১৮ বছর, মাহমুদ রফিক মোল্লা ২১ বছব। তাদের কাছ থেকে ভারতীয় মুদ্রায় পাঁচ হাজার ৮০০ টাকা পাওয়া যায়। তাছাড়া তিনটি মোবাইল ফোনধর্মনগর আরক্ষা দপ্তরের পুলিশ তাদেরকে জিজ্ঞাসাবাদ করছে। আগামীকাল জেলা দায়রা আদালতে প্রেরণ করবে ধর্মনগর পুলিশ

# খাস জমিতে বিএমএসের মোটর শ্রমিক সংগঠনের অফিস ঘিরে গুঞ্জন

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ মার্চ।।** সরকারি জায়গায় কোনো অনুমোদন ছাড়াই বিএমএস সমর্থিত টমটম ই রিস্কা সংগঠনের অফিস গজিয়ে উঠলো রাতারাতি। অথচ এই জায়গাটি ভেন্ডিং জুন এলাকা বলে বিবেচিত। ঘটনা জাতীয় সড়কের সংলগ্ন তেলিয়ামুড়া ফল বাজার চৌমুহনী এলাকায়। সরকারি নিয়ম অনুযায়ী পৌর পরিষদ এলাকায় নতুন ঘর নির্মাণ করার আগে পৌর পরিষদ থেকে অনুমোদন নিতে হয়। কিন্তু টমটম ই রিস্কা সংগঠনের কর্মীরা এবং নেতৃত্ব রাতারাতি তাদের অফিস ঘর তৈরি করে ফেলে কোন প্রকার অনুমোদন ছাড়াই। প্রশ্ন থেকে যায় ওইসবকর্মীরা কার অনুমতিতে সরকারি জায়গা দখল করে তাদের অফিস গড় তৈরি করেছে? এদিকে তেলিয়ামুড়া বিদ্যুৎ দপ্তর ও কোন কাগজপত্র ছাড়াই নবনির্মিত অফিস ঘরে বিদ্যুৎ সংযোগ দিয়ে দেয়। এ ব্যাপারে এক বিএমএস সমর্থিত কর্মীকে জিজ্ঞাসা করা হলে তিনি সাফ জানিয়ে দেয় না ঘর তৈরি করার কোন অনুমোদন নেই এবং প্রয়োজনীয় কাগজপত্র ও নেই। তবে সে জানায় টমটম ই রিকশা সংগঠনের সম্পাদক উত্তম বণিকের সাথে কথা বলার জন্য। কিন্তু উত্তম বণিককে খোঁজ করেও পাওয়া যায়নি। অপরদিকে এ প্রসঙ্গে তেলিয়ামুড়া পৌর পরিষদের চেয়ারম্যান রূপক সরকারের কাছে জানতে চাইলে তিনি বলেন,, ভেন্ডিং জুন এলাকায় এই ঘর তোলার জন্য কোন অনুমোদনই দেন নি। প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ওই অফিস ঘরে কিভাবে কিভাবে বিদ্যুৎ সংযোগ দেওয়া হলো সে ব্যাপারে খোঁজখবর নিবেন চেয়ারম্যান রূপক সরকার। তিনি এটাও জানালেন আগামী কয়েক দিনের মধ্যে নবনির্মিত অফিস ঘরটি কিভাবে তৈরি করা হলো বিনা অনুমতিতে এ ব্যাপারে সংগঠনকে নোটিশ দেওয়া হবে তেলিয়ামুড়া পৌর পরিষদ অফিস থেকে। মূলত, ওইসব কর্মীরা বিনা অনুমতিতে এমন কাজ করে বিজেপি দল কে এবং পৌর পরিষদকে করতে চাইছে। অপর একটি সূত্রে জানা যায় ওই সংগঠনের অধিকাংশ কর্মী সমর্থকরা বাম দলের ঠেঙ্গারের বাহিনী ছিল। তাই তারা অবৈধ কাজ সম্পাদন করে বিজেপি দল এবং সরকারকে কালিমা লিপ্ত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে বলে খবর।

# জোলাইবাড়ী বাজারে জলমগ্ন এলাকা পরিদর্শন করলেন মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া



**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২০ মার্চ।।** জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্র থেকে জয়ী হয়ে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া এলাকার এবং মানুষের উন্নয়নে কাজ শুরু করে দিয়েছেন।

তিনি ব্যস্ততার মধ্যেও জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে বসবাসকারী লোকজনদের অসুবিধার কথা শুনে ছুটে যাচ্ছেন। সোমবার সকালে মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের স্থানীয় লোকজনদের সঙ্গে দেখা করেন। পরে তিনি কোয়াইফাং এডিসি ভিলেজে বিজেপি ও আইপিএফটি কর্তৃক আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে অংশগ্রন করেন।

অনুষ্ঠান চলাকালীন সময়ে মন্ত্রীর নিকট খবর আসে সামান্য বৃষ্টিতে জোলাইবাড়ী বাজারে কিছু জায়গা জলমগ্ন হয়ে রয়েছে।

এই খবর পেয়ে তিনি জোলাইবাড়ী বাজারে ছুটে গেছেন। সেখানে গিয়ে দেখতে পান জোলাইবাড়ী বাজার থেকে বিলোনিয়া পর্যন্ত বিকল্প জাতীয় সড়কের নির্মান কাজ চলাতে জোলাইবাড়ী বাজারের কিছু জায়গায় জল জমে রয়েছে। তাতে মানুষের যাতায়তে সমস্যার সন্মুখিন হতে হচ্ছে।

এই অবস্থা দেখে তিনি রাস্তা নির্মান কাজের সঙ্গে যুক্ত আধিকারিকদের সঙ্গে কথা বলেন এবং দ্রুততার সহিত সমস্যার সমাধান করেন।

# বিলোনীয়া শহর সংলগ্ন এলাকা থেকে গরু চুরি, পুলিশ এবং বিএসএফের ভূমিকায় ক্ষোভ স্থানীয় মানুষের

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ মার্চ।।** রাতের অন্ধকারে এক বাড়ি থেকে তিনটি গবাদী পশু নিয়ে পালিয়েছে চোর। নিশিকুটুম্বদের ওই দৌরাত্ম দেখে আতঙ্কিত হয়ে পড়েছেন দক্ষিণ ত্রিপুরা জেলায় বিলোনিয়া শহর সংলগ্ন ভারত চন্দ্র নগর ব্লকের অন্তর্গত সুকান্তনগর এলাকার বাসিন্দারা। সীমান্ত লাগোয়া ওই এলাকায় চোরের উপদ্রব নিয়ে জনমনে তীব্র ক্ষোভও দেখা দিয়েছে। এক্ষেত্রে স্থানীয় পুলিশ ও বিএসএফের ভূমিকায় এলাকাবাসী চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

জানা গেছে, সুকান্তনগরের বাসিন্দা শিবু সেনের তিনটি গবাদি পশু রবিবার মধ্য রাতে চুরি হয়েছে। সকালে ঘুম থেকে উঠার পর বিষয়টি তাঁর নজরে এসেছে। ওই তিনটি গবাদি পশু তাঁর আয়ের একমাত্র অবলম্বন ছিল। ফলে, এখন তিনি দিশেহারা হয়ে পড়েছেন।

খবর পেয়ে বিলোনিয়া থানার পুলিশ তাঁর বাড়িতে গেছেন এবং সমস্ত ঘটনা জেনেছে। পুলিশ ওই ঘটনায় তদন্ত শুরু করেছে ঠিকই। কিন্তু, স্থানীয় মানুষ ওই ঘটনায় পুলিশ প্রশাসন এবং বিএসএফের ভূমিকায় আঙ্গুল তুলেছেন। এলাকাবাসীর বক্তব্য, ওই তিনটি গবাদি পশু বাংলাদেশে পাচার হয়ে গেছে। অবিলম্বে ওই তিনটি গবাদি পশু উদ্ধারে জোরালো দাবি উঠেছে।

# দক্ষতা বৃদ্ধি কর্মশালা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ মার্চ।।** পশ্চিম জেলা যুব ও ক্রীড়া বিষয়ক অফিসের উদ্যোগে তিন দিন ব্যাপী এক দক্ষতা বৃদ্ধি কর্মশালার আয়োজন করা হয়। সোমবার নাগিছড়াস্থিত হর্টিকালচার অফিসে অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠানের উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের জয়েন্ট ডাইরেক্টর পাইমং মগ। বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন, ড: চিরঞ্জিত ভৌমিক, সুদ্রিতি দাস সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।